কুম্ভসম্ভবোঽগস্ত্যঃ মলয়ে পর্ব্বতে আসীনোঽব্যগ্রঃ হরিমর্চ্চয়ন পুনঃ পুনর্বিশ্বাসার্থং হরেঃ পাদৌ স্পৃশন্নিত্যর্থঃ॥ ৩৫॥

ক্রমসন্দর্ভঃ।

তদেব ব্যনক্তি। কৃষ্ণাঙ্ঘ্রীতি অন্যঃ ভক্তিমাত্র হীনঃ॥ ৩৩। ৩৪॥

কুম্ভসংভবোগস্ত্যোঽপীত্যর্থঃ সংহিতাধ্যয়নে শ্রীদ্বৈপায়নাচ্ছ্রুতত্বাৎ॥ ৩৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কিঞ্চিন্মাত্রমেবাগাতত্তঃ শুদ্ধ্যতীত্যর্থঃ। তেন ভো রাজন্ প্রায়শ্চিত্তমথোপার্থং মন্যে কুঞ্জরশৌচমিতি যত্ত্বয়াক্ষিপ্তং তৎ সত্যমেব মূল পাপক্ষয়ো ভক্তানাং ভক্ত্যৈব তেষামেব নরকগমনাভাবো ভগবৎপ্রাপ্তিশ্চ কর্ম্মিণাস্তু পাপপুণ্যবশান্নরক স্বর্গ যাতায়াতং পুনঃ পুনরিত্যুপাখ্যানেন সিদ্ধান্তঃ প্রতিপাদিত ইতি দ্যোতিতং॥ ৩২॥

তদেবং সাপরাধা নিরপরাধা বা ভক্তা ভক্তিমেব কুর্ব্বীরন্ নতু প্রায়শ্চিত্তং। ভক্ত্যাববিশ্বস্তাঃ স্মার্ত্তাস্ত্বর্থবাদাদি কুতর্ক কর্কশ মতয়স্তু প্রায়শ্চিত্তমেব নতু নামকীর্ত্তনমিত্যতঃ প্রায়শ্চিত্ত শাস্ত্রমপি সার্থকমিত্যাহ কৃষ্ণাঙ্ঘ্রিপদ্ময়োর্মধুলিড়্ ভ্রমরঃ। স যথা গো মনুষ্যাদি ভক্ষ্যেষু ঘাসৌদনাদিষু ক্ষুধা ম্রিয়মাণোঽপি ন বিষজ্জতে তথৈব ভক্তঃ পূর্ব্ব দশায়াং দুর্ব্বিষয়রতোঽপি ভক্তত্বে সতি বিসৃষ্টা যে মায়াগুণা তেষু ন রমতে রমধাতু প্রয়োগাৎ যদ্যপি কনিষ্ঠ ভক্ত স্তান্ সেবতে তদপি ভুঞ্জানশ্চ তান্ কামান্ দুঃখোদর্কাংশ্চ গর্হয়ন্ ইত্যুক্তরীত্যা তেষু নৈব রমতে। অন্যঃ স্মার্ত্তস্তু আত্মনো রজঃ পাপং প্রমার্ষ্টুং কর্ম্ম ঈহেতৈব। প্রায়শ্চিত্তং কুর্ব্বীতৈব যতএব রজঃ পাপং কুঞ্জরশৌচবৎ পুনঃ স্যাদেব নামাপরাধবত্ত্বাদিতি ভাবঃ॥ ৩৩॥

অচ্যুতাশ্রয়জনং প্রতি নৈব গচ্ছন্তীতি শেষঃ। তেনাচ্যুতেতি পাঠে তে বিস্মিতধিয়ো বভূবুঃ পুনস্তেচ বিভ্যতীতি॥ ৩৪॥

কুম্ভসম্ভবোঽগস্ত্যো মলয়পর্ব্বত আসীনোঽব্যগ্রো হরিমর্চ্চয়ন্ পুনঃ পুনর্বিশ্বাসার্থং হরেঃ পাদৌ স্পৃশন্নিত্যর্থ ইতি শ্রীস্বামিচরণাঃ॥ ৩৫॥

সুজাতা ভক্তি যেমন চিত্তের শোধন করেন ব্রত নিয়মাদি দ্বারা তদ্রূপ শুদ্ধ হয় না॥ ৩২॥

ফলতঃ যে ব্যক্তি একবার শ্রীকৃষ্ণের চরণ পদ্মের মধুর আস্বাদ প্রাপ্ত হয়, দুর্গতিপ্রদ মায়াবিষয়ে তাহার পুনরায় রতি হয় না। কিন্তু যে ব্যক্তি উক্ত রসাস্বাদে বঞ্চিত সে কাম হত হইয়া আপনার পাপ মোচনার্থ প্রায়শ্চিত্ত রূপ সেই কর্ম্মই করিতে চেষ্টা পায় যদ্দ্বারা পুনর্ব্বার পাপ জন্মে॥ ৩৩॥

হে রাজন্! যমকিঙ্কর সকল আপনাদের প্রভুর প্রমুখাৎ ভগবন্মাহাত্ম্য অবগত হইয়া বিস্মিত চিত্ত হইল, তদবধি কৃষ্ণাশ্রিত জনকে অবলোকন করিলে "অহে! এ ব্যক্তি আমাদিগকে বিনষ্ট করিবে" এই রূপ শঙ্কা বহন করত তাহাদের প্রতি নেত্রপাত করিতেও ভয় করিত॥ ৩৪॥

হে মহারাজ! এই ইতিহাস অলীক বিবেচনা করিও না। একদা মহর্ষি অগস্ত্য মলয়াচলে আসীন হইয়া অব্যগ্রচিত্তে ভগবচ্চরণারবিন্দ অর্চ্চনা করিতেছিলেন, তৎকালে সকলের বিশ্বাসার্থ বারম্বার

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধেঽজামিলোপাখ্যানং তৃতীয়োঽধ্যায়ঃ ॥ * ॥ ৩ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

দেবাসুর নৃণাং সর্গো নাগানাং মৃগপক্ষিণাং। সামাসিকস্ত্বয়া প্রোক্তো যস্তু স্বায়ম্ভুবেঽন্তরে ॥ ১ ॥

তস্যৈব ব্যাসমিচ্ছামি জ্ঞাতুং তে ভগবন্ যথা। অনুসর্গং যয়া শক্ত্যা সসর্জ ভগবান্ পরঃ ॥

শ্রীসূত উবাচ ॥

ইতি সংপ্রশ্নমাকর্ণ্য রাজর্ষে র্বাদরায়ণিঃ। প্রতিনন্দ্য মহাযোগী জগাদ মুনিসত্তমাঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি ষষ্ঠে তৃতীয়ঃ ॥ * ॥

চতুর্থাদি ত্রিভির্ব্বিশ্বরূপ জন্ম বিবক্ষয়া। প্রচেতঃ সুত দক্ষস্য বংশস্তাবৎ প্রতন্যতে। চতুর্থেতু প্রজাসৃষ্ট্যৈ দক্ষেণারাধনং হরেঃ। তপসা হংসগুহ্যাখ্য স্তোত্রেণচ নিরূপ্যতে। প্রসক্তানুপ্রসক্তেন স্বায়ম্ভুব সুতান্বয়ে। নাম মাহাত্ম্যমাকর্ণ্য বংশব্যাসং বুভুৎসতে ॥ ০ ॥ দেবাসুরেতি দ্বাভ্যাং। সামাসিকঃ সংক্ষিপ্তঃ যঃ প্রোক্তঃ তৃতীয়স্কন্ধে ॥ ১ ॥

ব্যাসং বিস্তারং তে ত্বত্তঃ। যয়া শক্ত্যা যথা সসর্জ্জ তাং শক্তিং তঞ্চ প্রকারং জ্ঞাতুমিচ্ছামি। অনুসর্গং অনুবৃত্তং সর্গং ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে তৃতীয়োঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

সামাসিকঃ ষষ্ঠাদিমন্বন্তর জাত বিস্তারাকথনাৎ ॥ ১ ॥

ব্যাসঃ তন্মন্বন্তর জাত দক্ষানন্তর শাখোপশাখা রূপং। পূর্ব্ব সর্গস্য কেনচিৎ কারণেন নষ্টপ্রায়ত্বাদনুসর্গঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্কন্ধে তৃতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পুনশ্চ পোষণং বাচ্যমিন্দ্রস্যাচার্য্যঘাতিনঃ। সচাচার্য্যোবিশ্বরূপো দক্ষকন্যা সুতোদ্ভবঃ। দক্ষস্তাতশ্চতুর্থান্তে সংক্ষেপেণোক্তজন্মনঃ। কথাধ্যায় ত্রয়েণেহ স্কন্ধে বাচ্যা সবিস্তরং। রাজাপি সৃষ্টেঃ প্রস্তাবে স্বায়ম্ভুব সুতান্বয়ৌ। সপ্রসঙ্গৌ সমাকর্ণ্য ভূয়ঃ পপ্রচ্ছ তৎ পুনঃ। চতুর্থেতু প্রচেতোভ্যঃ জাতো দক্ষঃ প্রজাঃ সৃজন্। হংসগুহ্যস্তবেনেশং তুষ্টাবেতি নিরূপ্যতে ॥ ০ ॥

দেবাসুরেতি দ্বাভ্যাং। সামাসিকঃ সংক্ষিপ্তঃ যৎ প্রোক্ত স্তৃতীয়স্কন্ধে ব্যাসং বিস্তারং। তে ত্বত্তঃ অনুসর্গমনুবৃত্তং সর্গং। যয়া শক্ত্যা যথা সসর্জ্জ তাং শক্তিং। তং প্রকারঞ্চ পরো ব্রহ্মা ॥ ১। ২।

ভগবানের চরণ স্পর্শ পূর্ব্বক এই গুহ্য ইতিহাস কহিয়াছিলেন ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে তৃতীয় ॥ * ॥

চতুর্থাধ্যায়ে প্রজাসৃষ্টি করণার্থ দক্ষ কর্ত্তৃক হংসগুহ্য স্তব দ্বারা ভগবান্ হরির আরাধন ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ কহিলেন ব্রহ্মন্! স্বায়ম্ভুব মন্বন্তরে দেব, দৈত্য, নর এবং নাগ, পক্ষী ইত্যাদি সৃষ্টির কথা আপনি (তৃতীয় স্কন্ধে) সংক্ষেপে যাহা কহিয়াছেন ॥ ১ ॥

তাহারই বিস্তারিত বিবরণ আপনকার নিকট অবগত হইতে ইচ্ছা করি। অপর পরম পুরুষ ভগবান্ ব্রহ্মা প্রত্যেক সর্গে যে শক্তি দ্বারা যে প্রকারে সৃষ্টি করেন সেই শক্তি ও সেই প্রকারও জানিবার নিমিত্ত বাসনা হইতেছে। এতাবৎ বৃত্তান্ত বর্ণন করিয়া পুরাণবক্তা সূত শৌনকাদি মুনিগণকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে মহর্ষিগণ। যোগিবর শুকদেব রাজা পরীক্ষিতের উক্ত প্রকার প্রার্থনায় পরিতুষ্ট চিত্ত হইলেন এবং আনন্দ প্রকাশ পূর্ব্বক কহিতে আরম্ভ করিলেন ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশুক উবাচ ॥

যদা প্রচেতসঃ পুত্রা দশ প্রাচীনবর্হিষঃ। অন্তঃ সমুদ্রাদুন্মগ্না দদৃশুর্গাং দ্রুমৈর্বৃতাং ॥ ৩ ॥

দ্রুমেভ্যঃ ক্রুধ্যমানাস্তে তপোদীপিত মন্যবঃ। মুখতোবায়ুমগ্নিঞ্চ সসৃজুস্তদ্দিধক্ষয়া ॥ ৪ ॥

তাভ্যাং নির্দ্দহ্যমানাংস্তানুপলভ্য কুরূদ্বহ। রাজোবাচ মহান্ সোমো মন্যুং প্রশময়ন্নিব ॥ ৫ ॥

মা দ্রুমেভ্যো মহাভাগা দীনেভ্যো দ্রোগ্ধুমর্হথ। বিবর্দ্ধয়িষবো যূয়ং প্রজানাং পতয়ঃ স্মৃতাঃ ॥ ৬

অহো প্রজাপতিপতির্ভগবান্ হরিরব্যয়ঃ। বনস্পতীনোষধীশ্চ সসর্জ্জোর্জ্জমিষং বিভুঃ।

শ্রীধরস্বামী।

দক্ষাদিরূপেণ স সর্জ্জেতি বক্তুং দক্ষজন্ম প্রকারমাহ যদেতি। প্রাচীনবর্হিষঃ পুত্রাঃ। যদা সমুদ্র মধ্যাদুন্মগ্না নির্গতাঃ তদা গাং পৃথ্বীং দ্রুমৈর্বৃতাং দদৃশুঃ। নারদোপদেশতঃ প্রাচীনবর্হিষো নিবৃত্ত্যা অরাজকে সতি কৃষ্যাদ্যভাবাৎ ॥ ৩ ॥

তপসা দীপিতো মন্যুর্যেষাং তে। তেষাং দ্রুমাণাং দগ্ধুমিচ্ছয়া ॥ ৪ ॥

তাভ্যাং বায়্বগ্নিভ্যাং দহ্যমানান্ তান্ দ্রুমান্ বনস্পতীনাং রাজা সোম উবাচ। মা দ্রুমেভ্য ইতি নবভিঃ ॥ ৫ ॥

হে মহাভাগাঃ বিশেষেণ বর্দ্ধয়িতুমিচ্ছবঃ ॥ ৬ ॥

প্রজাপতীনাং তৎভক্ষ্য ভোজ্য দাহোঽনুচিত ইত্যাহ অহো ইতি ত্রিভিঃ উর্জং ভক্ষ্যং ইষমন্নং ॥ ৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

যদেতি উত্তানপাদ বংশান্তমারভ্য কথনং তস্যৈবাস্তিম রাজত্বাৎ ॥ ৩। ৪। ৫। ৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দক্ষাদি রূপেণ সসর্জ্জেতি বক্তুং রুদ্রাপরাধাচ্ছাগমুখস্য দক্ষস্যাবমান দুঃখেন দেহং ত্যক্তবতঃ পুনর্জন্ম প্রকারমাহ যদেতি। গাং পৃথ্বীং দ্রুমৈর্বৃতাং দদৃশুঃ। নারদোপদেশতঃ প্রাচীনবর্হিষি বিরজ্য বনং গতে সত্যরাজকাদেব কৃষ্যাদ্যভাবাৎ ॥ ৩ ॥

তপোদীপ্তিতে সতি তপসঃ কোপাধিষ্ঠানত্বাৎ ॥ ৪ ॥

সোমোবৃক্ষাধিষ্ঠাতা সএব বৃক্ষাণাং রাজা প্রশময়ন্নিবেতি প্রথমং সাম্নোপায়েন মন্যোরপগমাসংভবাদিতি ভাবঃ ॥ ৫। ৬ ॥

উর্জ্জমন্নাতিরিক্তং ফলাদিভক্ষ্যং বনস্পতিহেতুকং। ইষমন্নং গোধূমাদ্যোষধি হেতুকং। চরাণাং পক্ষাভ্যাং চরতাং ভ্রমরা

শুকদেব কহিলেন রাজন্ প্রাচীন বর্হির পুত্র দশপ্রচেতা সমুদ্রের অভ্যন্তর হইতে নির্গত হইয়া দেখিলেন পৃথিবী বিবিধ বৃক্ষ লতায় আচ্ছন্ন হইয়াছে। হে পাণ্ডবেয়! ধরা ঐ প্রকারে বৃক্ষ লতায় পরিবৃতা হইবার কারণ এই, নারদের উপদেশে প্রচেতারা তপস্যায় গমন করিলে রাজবিরহে পৃথ্বী-তলে কৃষ্যাদি হয় নাই ॥ ৩ ॥

তপস্যা করাতে প্রচেতাদের ক্রোধ উদ্দীপিত হইয়াছিল, অবনীতলকে ঐরূপ দ্রুমলতায় আকীর্ণ দেখিয়া বৃক্ষ সকলের উপরে কোপান্বিত হইয়া উঠিলেন এবং ঐ সকলকে দগ্ধ করিয়া নির্মূল করিবার মানসে তৎক্ষণাৎ আপনাদের মুখ হইতে বায়ু ও অগ্নি সৃষ্টি করিলেন ॥ ৪ ॥

হে কুরুকুলাবতংস! সেই বায়ু ও অগ্নি দ্বারা বৃক্ষ সকল দগ্ধ হইতে আরম্ভ হইলে বনস্পতি সকলের রাজা ভগবান্ সোম প্রচেতাদিগের কোপ শান্তি নিমিত্ত, তাঁহাদিগকে সম্বোধন পূর্ব্বক কহিলেন ॥ ৫ ॥

হে মহাভাগ গণ! দ্রুম সকল অতি দীন, ইহাদের প্রতি দ্রোহ করা তোমাদের উচিত হয় না। তোমরা প্রজাদিগের পতি, প্রজাদিকে বিশেষ রূপে বর্দ্ধিত করিতে ইচ্ছা করিয়া থাক, বৃক্ষ সকলকে এরূপে নির্মূল করা তোমাদের অতি অযোগ্য কর্ম্ম ॥ ৬ ॥

হে প্রচেতা গণ! প্রজাপতি দিগের পতি ভগবান্ হরি পৃথিবীস্থ বৃক্ষ ও ওষধি সকলকে প্রজাদি-গের ভক্ষ্য ও অন্ন করিয়া সৃজন করিয়াছেন অতএব অচর (পুষ্প লতাদি) বস্তু সকল চর ব্যক্তিদিগের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অন্নং চরাণামচরাহ্যপদঃ পাদচারিণাং। অহস্তা হস্তযুক্তানাং দ্বিপদাঞ্চ চতুষ্পদঃ।
যূয়ঞ্চ পিত্রান্বাদিষ্টা দেবদেবেন চানঘাঃ। প্রজাসর্গায় হি কথং বৃক্ষান্নির্দ্দগ্ধুমর্হথ ॥ ৭ ॥
আতিষ্ঠত সতাং মার্গং কোপং যচ্ছত দীপিতং। পিত্রা পিতামহেনাপি জুষ্টং বঃ প্রপিতামহৈঃ ॥ ৮
তোকানাং পিতরৌ বন্ধূ দৃশঃ পক্ষ্ম স্ত্রিয়াঃ পতিঃ। পতিঃ প্রজানাং ভিক্ষূণাং গৃহ্যজ্ঞানাং বুধঃ সুহৃৎ ॥৯
অন্তর্দ্দেহেষু ভূতানামাত্মাস্তে হরিরীশ্বরঃ। সর্ব্বং তদ্ধিষ্ণ্যমীক্ষধ্বমেবং বস্তোষিতোহ্যসৌ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অত আতিষ্ঠত আশ্রয়ত সতাং মার্গমুপশমং পিত্রাদিভির্জুষ্টং ॥ ৮ ॥

প্রজানাং প্রজাপতিরেব বন্ধুঃ অতস্তজ্জীবিকানাশো ন কর্ত্তব্য ইতি দৃষ্টান্ত পঞ্চকেনাহ। তোকানাং বালানাং মাতাপিতরৌ। অজ্ঞানাং জ্ঞানদোবুধঃ সুহৃৎ ॥ ৯ ॥ ঈশ্বরাধিষ্ঠানত্বাচ্চ ভূতদ্রোহো ন যুক্ত ইত্যাহ অন্তর্দ্দেহেম্বিতি। বোযুষ্মাভিঃ ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

উর্জ্জমন্নাতিরিক্তং ভক্ষ্যং। অন্নমিতি সবলানাং দুর্ব্বলানন্নমসৃজদিত্যর্থঃ ॥ ৭ । ৮ । ৯ । ১০ । ১১ । ১২ । ১৩ । ১৪ । ১৫ । ১৬ । ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দীনাং। অচরাঃ পুষ্প লতাদ্যা এবান্নং। পদচারিণাং পদ্ভিশ্চরতাং গো মহিষাদীনাং অপদো ঘাসাদ্যা এবান্নং। তেষ্বেব হস্ত যুক্তানাং ব্যাঘ্রাদীনাং অহস্তা গবাদয়ঃ দ্বিপদাং পদ্ভ্যাং চরতাং মনুষ্যাণাং চতুষ্পদো হরিণাদ্যাঃ চকারাৎ অচরা ধান্যগোধূমাদ্যাশ্চ ॥৭॥

পিত্রাদিভির্জুষ্টং সতাং মার্গং। উপশমং আতিষ্ঠত ॥ ৮ ॥

যূয়ং হি প্রজাপালকা ক্রমাদয়ঃ প্রজাঃ। প্রজোপজীব্যাশ্চেত্যেতান্ পালয়ত। নহি পালকানাং নাশকত্বং দৃষ্টমিত্যত্র দৃষ্টান্ত পঞ্চকমাহ। তোকানাং বালানাং স্ত্রিয়াঃ পতি র্ভর্ত্তা প্রজানাং পতি র্নৃপঃ ॥ ৯ ॥

ঈশ্বরাধিষ্ঠানত্বাচ্চ ভূতদ্রোহো ন যুক্ত ইত্যাহ অন্তরিতি। বোযুষ্মাভিরেবং সর্ব্ব ভূতদয়য়ৈব অসাবীশ্বরস্তোষিত ইতি কিং ন স্মরথেতি ভাবঃ ॥ ১০ ॥

অর্থাৎ কেবল পক্ষ চারি ভ্রমরাদির খাদ্য। অপদ (ঘাসাদি) পাদচারির [গোমহিষাদির] ভক্ষ্য, হস্তহীন প্রাণী [গোমহিষাদি] হস্তযুক্তদিগের [ব্যাঘ্রাদির] আহার্য্য, চতুষ্পাদ [মৃগাদি] দ্বিপদ [মনুষ্য] দিগের ভোজ্য হইয়া থাকে। সেই ভোক্ষ্য ভোজ্য দগ্ধ করিয়া উৎসন্ন করা প্রজাপতি দিগের উচিত হয় না। অপর হে অনঘ বৎসগণ! তোমাদের পিতা প্রাচীনবর্হিঃ তোমাদিগকে প্রজা সৃষ্টি করিতে আদেশ করিয়াছেন, ইহাতে তোমরা কি প্রকারে প্রজাদিগের উপজীব্য বৃক্ষ সকলকে দগ্ধ করিয়া নিঃশেষ করিতে উদ্যত হইতেছ? ॥ ৭ ॥

স্থির হও, সাধু পুরুষ দিগের বর্ত্ম অবলম্বন কর, তোমাদের যে ক্রোধ উদ্দীপিত হইয়াছে তাহা সম্বরণ কর। বৎস সকল! আমি তোমাদিগকে যে পথ অবলম্বন করিতে বলিতেছি তোমাদের পিতামহ তথা প্রপিতামহ এই বর্ত্ম সেবন করিয়া গিয়াছেন ॥ ৮ ॥

অপর বিবেচনা করিয়া দেখ, যেমন বালক দিগের পিতা মাতাই বন্ধু, চক্ষুর পক্ষ্মই বন্ধু, স্ত্রী লোকের পতিই বন্ধু, ভিক্ষুদিগের গৃহস্থই বন্ধু এবং অজ্ঞ ব্যক্তিদিগের জ্ঞানদ পণ্ডিত জনই বন্ধু, তোমরা প্রজাপতি, প্রজাদের জীবিকা নষ্ট করা তোমাদের উচিত হয় না ॥ ৯ ॥

আর সকল ভূতেরই দেহাভ্যন্তরে আত্মা রূপে ভগবান্ হরি অবস্থিত আছেন, অতএব সকল ভূত-কেই ভগবান্ হরির স্থান বলিয়া অবলোকন করা কর্ত্তব্য, কাহারও প্রতি দ্রোহাচরণ করিতে হয় না, এই রূপ করিলেই তোমাদের প্রতি ভগবান্ প্রসন্ন হইবেন ॥ ১০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যঃ সমুৎপতিতং দেহে আকাশান্মন্যুমুল্বণং। আত্মজিজ্ঞাসয়া যচ্ছেৎ সগুণানতিবর্ত্ততে ॥ ১১ ॥
অলং দগ্ধৈদ্রুমৈর্দীনৈঃ খিলানাং শিবমস্তু বঃ। বার্ক্ষী হ্যেষা বরা কন্যা পত্নীত্বে প্রতিগৃহ্যতাং ॥ ১২
ইত্যামন্ত্র্য বরারোহাং কন্যামাপ্সরসীং নৃপ। সোমোরাজা যযৌ দত্ত্বা তে ধর্ম্মেণোপযেমিরে।
তেভ্যস্তস্যাং সমভবদ্দক্ষঃ প্রাচেতসঃ কিল। যস্য প্রজাবিসর্গেণ লোকা আপূরিতাস্ত্রয়ঃ ॥ ১৩ ॥
যথা সসর্জ্জ ভূতানি দক্ষোদুহিতৃবৎসলঃ। রেতসা মনসা চৈব তন্মমাবহিতঃ শৃণু ॥ ১৪ ॥
মনসৈবাসৃজৎ পূর্ব্বং প্রজাপতিরিমাঃ প্রজাঃ। দেবাসুরমনুষ্যাদীন্নভঃ স্থলজলৌকসঃ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

আকাশাৎ দেহে সমুৎপতিতং আকস্মিকমিত্যর্থঃ। আত্মবিচারেণ যো নিযচ্ছেৎ ॥ ১১ ॥
খিলানাং শেষাণাং বোযুষ্মাকঞ্চ শিবমস্তু। বৃক্ষরক্ষণার্থং তদীয়াং কন্যাং দদাতি বার্ক্ষী বৃক্ষৈঃ পালিতা ॥ ১২ ॥
আমন্ত্র্য সান্ত্বয়িত্বা আপ্সরসীং অপ্সরসঃ প্রম্লোচায়াঃ সুতাং ॥ ১৩ ॥
দুহিতৃ বৎসল ইতি তস্য কন্যাবংশ এবেত্যুক্তং মম মতঃ ॥ ১৪ ॥
প্রজাপতির্দ্দক্ষঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু কোপকালে কুত এতাবান্ বিচার স্তত্রাহ য ইতি। আকাশাদিব দেহে সমুৎপতিতমাকস্মিকমিত্যর্থঃ। আত্মনো জিজ্ঞাসয়া বিচারেণ যচ্ছেৎ উপশময়েৎ সগুণানিতি অন্যথা যূয়ং গুণৈরেব গ্রস্তা ভবিষ্যথেতি সামোক্ত্যা ভেদশ্চ ধ্বনিতঃ ॥ ১১ ॥
ভেদেনাপ্যুপশমাভাবমালক্ষ্য দানমাহ অলমিতি খিলানাং শেষাণাং বৃক্ষী বার্ক্ষৈঃ পালিতত্বাদ্বৃক্ষকন্যা ॥ ১২ ॥
আপ্সরসীং অপ্সরসঃ প্রম্লোচায়াঃ সুতাং ॥
সমভবদিতি দক্ষস্য স্বায়ম্ভুবমনুবংশ্যত্বাৎ স্বায়ম্ভুবে মন্বন্তরে জন্ম। যস্য প্রজাবিসর্গেণেতি প্রজবিসর্গস্তস্য চাক্ষুষএব চাক্ষুষে ত্বন্তরে প্রাপ্তে প্রাক্ সর্গে কালবিদ্রুতে। যঃ সসর্জ্জ প্রজা ইষ্টা স দক্ষো দৈবচোদিত ইতি চতুর্থোক্তেঃ। তস্মাৎ মধ্যে মন্বন্তর পঞ্চকমভিব্যাপ্যাস্য তপএব পৌর্ব্বকালিকৈশ্বর্য্যপ্রাপ্ত্যর্থকমবগম্যতে ॥ ১৩ ॥
দুহিতৃবৎসলঃ ইতি পুত্রবংশাভাবঃ সূচিতঃ ॥ ১৪ ॥
প্রজাপতি র্দক্ষঃ বিন্ধস্য পাদান্ প্রত্যন্তপর্ব্বতান্ ॥ ১৫। ১৬ ॥

হে বৎস গণ! ক্রোধ কালে হিতাহিত বিবেচনা থাকে না সত্য, কিন্তু যে ব্যক্তি দেহকে আকাশ হইতে সমুৎ পতিত অর্থাৎ অকস্মাৎ উৎপন্ন জানিয়া আত্মজ্ঞান দ্বারা তীব্র কোপ দমন করেন তিনিই গুণ সকলকে অতিক্রমণ করিতে পারেন ॥ ১১ ॥

অতএব তোমরা এই দীন বৃক্ষ সকলকে আর দগ্ধ করিও না, অবশিষ্ট এই সকল বৃক্ষের এবং তোমাদের মঙ্গল হউক। এই সকল বৃক্ষ একটী কন্যা প্রতিপালন করিয়া রাখিয়াছে, তোমাদিগকে সেই এই কন্যা সম্প্রদান করিতেছে, এ কন্যা অতি সুরূপা, তোমরা ইহাকে পত্নীত্বে পরিগ্রহ কর ॥ ১২

হে নৃপ! সোমরাজা এই প্রকারে সান্ত্বনা করণানন্তর আপনি উদ্যোগী হইয়া প্রম্লোচা অপ্সরার সেই কন্যাটী প্রচেতাদিগকে দান করিলেন। তাঁহারাও ধর্ম্মতঃ তাহার পাণি গ্রহণ করিলেন, সেই গর্ভে ঐ প্রচেতাদের ঔরসে দক্ষের জন্ম হয়, যাঁহার প্রজা সমূহে ত্রিভুবন পরিপূর্ণ হইয়াছে ॥ ১৩ ॥

রাজন্! প্রজাপতি দক্ষ দুহিতৃ বৎসল ছিলেন, তিনি যে প্রকারে শুক্র ও মনের দ্বারা ভূত সকলকে সৃষ্টি করেন মনোনিবেশ পূর্ব্বক আমার নিকট তাহার বৃত্তান্ত শ্রবণ কর ॥ ১৪ ॥

হে পাণ্ডবেয়! দক্ষ প্রজাপতি প্রথমে দেব, দৈত্য, মনুষ্য প্রভৃতি খেচর, ভূচর, জলচর, প্রজা সকলকে মনের দ্বারাই সৃষ্টি করিয়াছিলেন ॥ ১৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

তমবৃংহিতমালোক্য প্রজাসর্গং প্রজাপতিঃ। বিন্ধ্যপাদানুপব্রজ্য সোঽচরদ্দুষ্করং তপঃ।
তত্রাঘমর্ষণং নাম তীর্থং পাপহরং পরং। উপস্পৃশ্যানুষবণং তপসা তোষয়দ্ধরিং ॥ ১৬ ॥
অস্তৌষীদ্ধংসগুহ্যেন ভগবন্তমধোক্ষজং। তুভ্যং তদভিধাস্যামি কস্যাতুষ্যদ্যথা হরিঃ ॥ ১৭ ॥
শ্রীপ্রজাপতিরুবাচ ॥
নমঃ পরায়াবিতথানুভূতয়ে গুণত্রয়াভাস নিমিত্তবন্ধবে।

শ্রীধরস্বামী।

অবৃংহিতং অসংবৃদ্ধং বিন্ধস্য পাদান্ সন্নিহতপর্ব্বতান্ ॥ ১৬ ॥
হংসগুহ্যাখ্যেন স্তোত্রেণ কস্য দক্ষস্য ॥ ১৭ ॥
পরায় সর্ব্বোত্তমায় নমো দধে নমস্করোমি পরত্বে হেতুঃ অবিতথানুভূতিশ্চিচ্ছক্তি র্যস্য অতো গুণ ত্রয়াভাসশ্চ জীবঃ নিমিত্তঞ্চ মায়া তয়োর্ব্বন্ধবে নিযন্ত্রে এবমপি গুণেষু তত্ত্ববুদ্ধির্যেষাং তৈর্জী বৈরদৃষ্টং ধাম স্বরূপং যস্য। তত্র হেতুঃ নিবৃত্তং মানং যস্মাৎ তস্মৈ নিবৃত্তমানাবধয়ে ইতি পাঠে নিবৃত্তং মানমবধিশ্চ যস্মাৎ। তর্হি কথং তস্য সিদ্ধি স্তত্রাহ স্বয়ম্ভুবে স্বপ্রকাশায় ॥ ১৮ ॥

ক্রমসন্দর্ভঃ।

পরাপর কামেন নিষ্কামেন বা পরমেশ্বর এব ভজনীয়ো নান্য স্তস্য মায়া জীববশীকারি শক্তিত্বাৎ। অন্যস্য তন্মায়াধীন তুচ্ছ শক্তিত্বাদীতি স্ব বাঞ্ছা সিদ্ধিকৈমুত্যং দর্শয়ংস্তদর্থং স্তুতি বিশেষেনোপতিষ্ঠতে নম ইতি। অবিতথেত্যব্যভিচারজ্ঞানেচ্ছা শক্তি দর্শিতে। গুণত্রয়েতি তাদৃশ ক্রিয়া শক্তিশ্চ দর্শিতা। জীবমায়া নিযন্তৃত্বাত্তাসাং তাদৃশ শক্তীনাং তত্তদতীতত্বেন স্বরূপভূতত্বং চ তথাপি গুণেষু সত্বাদিষেব তত্ত্ব বুদ্ধিঃ কারণ জ্ঞানং যেষাং তৈরদৃষ্টং তর্কয়িতুমশক্যং কিমুতানুভবিতুমশক্যং। ধাম তাদৃশ শক্তি প্রকাশোপি কিমুত স্বরূপ তৎ পূর্ণ শক্তী যস্য তস্মৈ সর্ব্বত্র হেতুঃ স্বপ্রকাশায়েতি। গুণত্রয়স্যাভাসঃ স্বাজ্ঞানেনারোপো যস্মিন্ স জীব ইতি জীবস্য চিদ্রূপত্বে তদ্বদজ্ঞান স্পৃষ্টত্বাভাসতো নিকর্ষ এবং ব্যক্তীকৃতঃ। রশ্মি স্থানীয়ত্বাত্তস্য ॥ ১৮। ১৯ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হংসগুহ্যেন স্তোত্রেণ পূর্ব্বসিদ্ধেনৈব নিগমেন নতু দক্ষকৃতেনেত্যর্থঃ। কস্য দক্ষস্য ॥ ১৭ ॥
পরায় জীবমায়া মায়িকেভ্য ইত্যর্থঃ। কুতঃ। অবিতথানুভূতয়ে সত্যানুভবায় গুণত্রয়াভাসো জীবঃ নিমিত্তং মায়া তয়োর্ব্বন্ধবে এবমপি গুণেষু তত্ত্ববুদ্ধি র্যেষাং তৈর্জী বৈরদৃষ্ট স্বরূপায়। তদ্ভিন্নৈরপি স সম্যগবগম্য ধামেত্যাহ নিবৃত্তো মানাবধিঃ পরিমাণ সীমা যস্য তস্মৈ নহ্যেতাবদ্গুণ রূপৈশ্বর্য্যকঃ পরমেশ্বর ইতি কোপি বক্তুং শক্নোতীতি ভাবঃ। যদুক্তং ব্রহ্মণা গুণাত্মনস্তেপি গুণান্ বিমাতুং হিতাবতীর্ণস্য ক ঈশিরেস্যেতি। নিবৃত্তমানায় দধে ইতি পাঠে মানো জ্ঞানং। দধে করোমি তদা নম ইতি কর্ম্ম পদং। তর্হি কথং তস্য সিদ্ধ স্তত্রাহ স্বয়ম্ভুবে স্বপ্রকাশায় ॥ ১৮ ॥

কিন্তু ঐ প্রজাসৃষ্টি কোন প্রকারেই বর্দ্ধিত হয় নাই, তদবলোকনে ঐ প্রজাপতি প্রব্রজ্যা অবলম্বন পূর্ব্বক বিন্ধ্য গিরির সন্নিহিত একটী ক্ষুদ্র পর্ব্বতে গমন করিয়া দুশ্চর তপস্যা আরম্ভ করিলেন। সেই গিরির অদূরে অঘমর্ষণ নামে যে একটী পাপহারী তীর্থ ছিল, সেই তীর্থে ত্রিসন্ধ্য স্নান করিয়া তপস্যা করত ভগবান্ হরির সন্তোষ জন্মাইতেন ॥ ১৬ ॥

এবং হংসগুহ্য নামক প্রসিদ্ধ স্তোত্র পাঠ করত ভগবান্ অধোক্ষজের স্তব করিতেন। হে রাজন্! ভগবান্ যে প্রকারে প্রজাপতি দক্ষের প্রতি প্রসন্ন হয়েন, তোমার নিকট তাহাও বর্ণন করি শ্রবণ কর ॥ ১৭

প্রাচেতস দক্ষ এই প্রকারে স্তব করিয়া কহিলেন, সর্ব্বোত্তম সেই পরমাত্মাকে আমি নমস্কার করি, তাঁহার চিৎ শক্তি অবিতথ, অতএব তিনি জীব ও মায়া এই দুইয়ের নিয়ামক। পরন্তু এ প্রকার হইলেও যে সকল জীবের গুণেতেই তত্ত্ব বুদ্ধি, তাহারা তাঁহার স্বরূপ দেখিতে পায় না, কারণ

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অদৃষ্ট ধাম্নে গুণতত্ত্ববুদ্ধিভির্নিবৃত্তমানাবধয়ে স্বয়ম্ভুবে ॥ ১৮ ॥
ন যস্য সখ্যং পুরুষোঽবৈতি সখ্যুঃ সখা বসন্ সংবসতঃ পুরেঽস্মিন্।
গুণোযথা গুণিনো ব্যক্তদৃষ্টেস্তস্মৈ মহেশায় নমস্করোমি ॥ ১৯ ॥
দেহোঽসবোঽক্ষা মনবো ভূতমাত্রা নাত্মানমন্যঞ্চ বিদুঃ পরং যৎ।
সর্ব্বং পুমান্ বেদ গুণাংশ্চ তজ্‌জ্ঞো ন বেদ সর্ব্বজ্ঞমনন্তমীড়ে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

অদৃষ্টধামত্বং দর্শয়ন্নাহ নেতি। পুরুষঃ সখা জীবঃ অস্মিন্ পুরে দেহে বসন্নপি অত্রৈব সম্বসতঃ সখ্যুঃ যস্য সখ্যং করণ প্রবর্ত্তকত্বাদিকং নাবৈতি ন জানাতি তস্মৈ। কুতোব্যক্ত দৃষ্টে প্রপঞ্চ দ্রষ্টুঃ নহি দ্রষ্টা দৃশ্যো ভবতি। প্রথমান্ত পাঠে ব্যক্তে প্রপঞ্চএব দৃষ্টির্যস্য সঃ। গুণোবিষয়ো গুণিনো বিষয়িণ ইন্দ্রিয়াদেঃ সখ্যং প্রকাশকত্বং যথা ন বেত্তি তদ্বৎ ॥ ১৯ ॥

নন্নু গুণোজড়ত্বান্নজানাতি জীবস্তু চেতনঃ কিমিতি ন জানাতি তত্রাহ দেহঃ অসবঃ প্রাণা অক্ষাণি ইন্দ্রিয়াণি মনবোঽন্তঃকরণানি ভূতানিচ মাত্রাশ্চ তন্মাত্রাণি আত্মানং স্ব স্বরূপং দৃশ্যং অন্যমিন্দ্রিয়বর্গং তয়োঃ পরঞ্চ দেবতাবর্গং ন বিদুঃ পুমান্ জীবস্তু সর্ব্বং এতত্ত্রয়ং বেদ গুণাংশ্চ তন্মূল ভূতান্ বেদ তজ্‌জ্ঞোপি সন্ যং সর্ব্বজ্ঞং ন বেদ তমনন্তমীড়ে স্তৌমি ॥ ২০ ॥

ক্রমসন্দর্ভঃ।

দেহেতি অন্যং দেবতাবর্গং পরং পুমাংসঞ্চ ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অদৃষ্ট ধামত্বমুপপাদয়তি নেতি। যস্য পরমাত্মনঃ সখ্যং করণ প্রবর্ত্তকত্বাদিকং পুরুষো জীবো নাবৈতি ন জানাতি অস্মিন্নেব পুরে দেহে বসতোপি সখ্যুরপি আত্মারামত্বেপি সখ্যাদেব তৎ কামিতান্ বিষয়ান্ ভোজয়িতুঃ। স্বয়ং সখাপি তস্য তত্তৎ সখ্যমনুভবন্নপি অত্রৈব দেহে বসন্নপি নৈব বেদ ব্যক্তদৃষ্টেরিতি ষষ্ঠ্যন্ত পাঠে বুদ্ধীন্দ্রিয়াদি প্রকাশাদেব যদ্বিষয়কং জ্ঞানং ব্যক্তমেব তস্যাপীশ্বরস্য প্রথমান্ত পাঠে তস্মাদেব হেতো র্যৎ কর্ত্তৃকং জ্ঞানং ব্যক্তমেব সোপি জীবঃ গুণঃ শব্দ স্পর্শাদি র্যথা গুণিনঃ শ্রোত্রাদেরিন্দ্রিয়স্য সখ্যং স্বমাধুর্য্যাদি জ্ঞাপন লক্ষণং নবেত্তি তদ্বৎ ॥ ১৯ ॥

নন্নু গুণো জড়ত্বাৎ ন জানাতু জীবস্তু চেতনঃ কথং ন জানাতি তত্র স সর্ব্বত্র চেতনোপি পরমেশ্বরে ত্বচেতন এবেত্যাহ দেহশ্চ তত্রস্থা অসবঃ প্রাণাশ্চ অক্ষা ইন্দ্রিয়াণিচ মনবোঽন্তঃকরণানিচ ভূতানি পৃথিব্যাদীনিচ মাত্রাঃ শব্দাদয়শ্চ আত্মানং স্ব স্বরূপং আত্মনাং মধ্যে অন্যমন্যস্বরূপং আত্মভ্যঃ সর্ব্বেভ্যএব পরং জীব স্বরূপঞ্চ ন বিদুঃ। পুমান্ জীবস্তু চেতনত্বাৎ সর্ব্বং আত্মানং দেহাদীন্ গুণান্ সত্বাদীন্ তন্মূলভূতাংশ্চ বেদ জীবন্মুক্তত্ব দশায়াং তং পরমাত্মানঞ্চ জানাতীতি তজ্‌জ্ঞঃ। তদপি সর্ব্বজ্ঞং পরমেশ্বরং ন বেদ। নন্নু তজ্‌জ্ঞ ইতি ব্রূষে তদপি ন বেদেতি কুতস্তত্রাহ অনন্তং অপ্রাকৃত গুণানামনন্তাত্তদপ্যজ্ঞানমেব যদুক্তং দ্যুপতয়এব তে ন যযুরন্তমনন্ততয়েতি ॥ ২০ ॥

তাঁহার পরিমাণ ও সীমা নাই, আর তিনি স্বয়ং প্রকাশ পান এই কারণে সিদ্ধ বস্তু ॥ ১৮ ॥

অপর গুণ অর্থাৎ শব্দ স্পর্শাদি বিষয় যেমন গুণির অর্থাৎ শ্রোত্রাদি ইন্দ্রিয়ের সখ্য [প্রকাশকত্ব] জানে না, তেমনি সখা জীবও এই দেহরূপ পুর মধ্যে বাস করিয়া এই স্থানেই বাসকারি যে সখার ইন্দ্রিয় প্রবর্ত্তকত্বাদি রূপ সখ্য জানিতে পারেন না, কারণ প্রপঞ্চেতেই তাঁহার দৃষ্টি নিবদ্ধ থাকে, সেই মহেশকে আমি নমস্কার করি ॥ ১৯ ॥

অহো! দেহ, প্রাণ, ইন্দ্রিয়, অন্তঃকরণ, পঞ্চভূত, পঞ্চ তন্মাত্র, ইহারা আত্মাকে অর্থাৎ স্বস্বরূপকে অন্য ইন্দ্রিয় বর্গকে এবং ঐ দুইয়ের শ্রেষ্ঠ দেবতারর্গকে জানিতে পারে না, যদিও পুরুষ অর্থাৎ জীব এই তিন এবং এই তিনের মূলীভূত গুণ সকলকেও জানেন তথাচ তিনি ঐ রূপ জ্ঞাতা হইয়াও যে সর্ব্বজ্ঞ ভগবান্‌কে জানিতে পারেন না, আমি সেই ভগবান্ অনন্তদেবকে স্তব করি ॥ ২০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যদোপরামো মনসো নাম রূপ রূপস্য দৃষ্ট স্মৃতি সংপ্রমোষাৎ।
য ঈয়তে কেবলয়া স্বসংস্থয়া হংসায় তস্মৈ শুচি সদ্মনে নমঃ ॥ ২১ ॥
মনীষিণোঽন্তর্হৃদি সংনিবেশিতং স্বশক্তিভির্নবভিশ্চ ত্রিবৃদ্ভিঃ।

শ্রীধরস্বামী।

অদৃষ্ট ধামত্বমুক্ত্বা স্বপ্রকাশত্বমাহ যদা মনস উপরামঃ সমাধিঃ নতু সুষুপ্তাবিব লয়ঃ নচ জাগ্রৎ স্বপ্নয়োরিব বিক্ষেপঃ তদাহ নামরূপে রূপ্যেতে যেন তৎ তথা তস্য উপরামে হেতুঃ দৃষ্টঃ দর্শনং স্মৃতিশ্চ তয়োঃ সংপ্রমোষাৎ নাশাৎ তদা কেবলেন স্বরূপজ্ঞানেন যঃ প্রতীয়তে তস্মৈ হংসায় শুদ্ধায় শুচি শুদ্ধং চিত্তং সদ্ম প্রতীতিস্থানং যস্য তস্মৈ নমঃ ॥ ২১ ॥

এবম্ভূতঃ কেষাং প্রতীয়তে ইত্যপেক্ষায়ামাহ মনীষিণ ইতি দ্বাভ্যাং। বিবেকিনোঽয়ং নিষ্কর্ষন্তি বিবিচ্য ধ্যায়ন্তি স নির্ব্বাণ সুখানুভূতি র্মম প্রসীদতামিতি দ্বয়োরন্বয়ঃ। এবং নিষ্কর্ষতাং প্রতীয়ত ইতি ভাবঃ। কিমিতি নিষ্কর্ষন্তি স্বশক্তিভি র্গূঢ়ং অপ্রকাশমানং কতিভির্নবভিঃ পুনশ্চ ত্রিবিদ্ভিঃ ত্রিগুণাভিঃ সপ্তবিংশত্যুপাধিভি র্গূঢ়ং অষ্টাবিংশং নিষ্কর্ষন্তীত্যর্থঃ। যদ্বা নবভিঃ প্রকৃতি পুরুষ

ক্রমসন্দর্ভঃ।

স্বসংস্থয়া স্বরূপশক্ত্যা ॥ ২১ ॥

মনীষিণ ইতি যুগ্মকং। ত্রিবৃন্নব শক্ত্যতীতত্বে সতি কথং স্বতো নিঃশক্তিক এবাহং নেত্যাহ। অশেষেতি। অনুভূতিরবশ্যং মন্তব্যা। তাং বিনা পুরুষার্থত্বাসিদ্ধেঃ। তস্যাং চ মন্তব্যায়াং তল্লক্ষণা থণ্ডাপি স্বরূপ শক্তিঃ সিদ্ধ্যত্যেবেতি ভাবঃ। তথৈবাহ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

নন্বু তজ্জ্ঞোপি ন বেদেতি যদুক্তং তত্র তদেব বেদ্যং বস্তু দ্বিবিধং সুজ্ঞেয়ং দুর্জ্ঞেয়ঞ্চ। তত্র সুজ্ঞেয়ং নির্ব্বিশেষ স্বরূপমাহ। যদেতি যদা মনস উপরামঃ উপরামাতিশয়ঃ সমাধিঃ। নতু সুষুপ্তাবিব লয়ঃ। নচ জাগ্রৎ স্বপ্নয়োরিব বিক্ষেপঃ কীদৃশস্য নাম রূপে রূপ্যেতে যেন তস্য। উপরামাতিশয়ে হেতুঃ দৃষ্টঃ দর্শনং স্মৃতিশ্চ তয়োঃ সংপ্রমোষাৎ সম্যক্ তয়ৈব নাশাৎ তদা যঃ কেবলয়া স্বস্য সংস্থয়ৈব নির্ব্বিশেষ জ্ঞান গম্যতয়া বস্তু মাত্রত্বেনেত্যর্থঃ। ঈয়তে প্রতীয়তে তস্মৈ হংসায় শুদ্ধায়। শুচি শুদ্ধং চিত্তং সদ্ম প্রতীতি স্থানং যস্য তস্মৈ। এতৎ স্বরূপস্য সুজ্ঞেয়ত্বমুক্তং ব্রহ্মণা যথা। তথাপি ভূমন্মহিমাগুণস্য তে. বিবোদ্ধুমর্হত্যমলান্তরাত্মভিরিতি ॥ ২১ ॥

দুর্ব্বিজ্ঞেয়ং সবিশেষ স্বরূপমাহ মনীষিণঃ শুদ্ধভক্তাঃ গূঢ়ং অন্তর্হৃদি সংনিবেশিতং প্রবিষ্টঃ কর্ণরন্ধ্রেণ স্বানান্তাবসরোরুহমিত্যুক্ত রীত্যা শ্রবণ ভক্ত্যা অন্তর্হৃদি প্রবেশিতং। পুনর্মনীষয়া প্রেমভক্ত্যাখ্যয়া নিষ্কর্ষন্তি। অন্তর্হৃদয়ান্নিষ্কৃষ্য চক্ষুরাদিভিরিন্দ্রিয়ৈঃ সৌন্দর্য্যাদি মাধুর্য্যমাস্বাদয়ন্তীত্যর্থঃ। কীদৃশং সন্তং নিষ্কর্ষন্তি স্বশক্তিভিশ্চিচ্ছক্তিভিঃ সহিতং। কতিভি র্নবভির্ব্বিমলাদ্যাভিস্তত্রাপি ত্রিবৃদ্ভিশ্চিচ্ছক্তেরেব তিসৃভির্বৃত্তিভিঃ হ্লাদিনী সন্ধিনী সম্বিত্তিশ্চ সহিতং। যদুক্তং। বিষ্ণুপুরাণে। হ্লাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বয্যেকা সর্ব্ব সংশ্রয়ে। হ্লাদ তাপকরী মিশ্রা ত্বয়ি নোগুণবর্জ্জিতে ইতি। যথা দারুণি কাষ্ঠে পাঞ্চদশ্যঃ পঞ্চদশ সামিধেনী মন্ত্রৈঃ প্রকাশ্যমলৌকিকং বহ্নিং নিষ্কর্ষন্তি সপ্রসীদতামিত্যুত্তরেণান্বয়ঃ। অস্য সবিশেষ স্বরূপস্যাপ্রাকৃতানন্ত গুণস্য দুর্ব্বিজ্ঞেয়ত্বং ভক্তিহীনৈরনুভবিতু মশক্যত্বাৎ ভক্তৈরনুভূয়মানত্বেপি মাধুর্য্যৈশ্বর্য্যয়োঃ পারাজ্ঞানাৎ। যদুক্তং ব্রহ্মণৈব। গুণাত্মনস্তেপি গুণান্ বিমাতুং হিতাবতীর্ণস্য ক ঈশিরেস্য। কালেন যৈর্বা বিমিতাঃ সুকল্পৈর্ভূপাংশবঃ খে মিহিকাদ্যুভাস ॥ ২২ ॥ ইতি যত্তু তস্য মায়িকং সবিশেষং রূপং তদ্ব্যতিরিক্তমেব মমোপাস্যমিত্যাহ। স মম প্রসীদতাং। অশেষা বিশেষা যস্যা তস্যা মায়ায়া নিষেধেন যন্নির্ব্বাণ সুখং বাণা দুর্বিদারকা আধ্যাত্মিকাদি দুঃখ শরাঃ কেপি ন সন্তি যত্র তস্মিন্নেবসুখে অনুভূতি র্যস্য সঃ হ্লাদ তাপকরী মিশ্রা ত্বয়ি-

যাহার দ্বারা নাম রূপ আরোপ হয় সেই মনের দৃষ্টি স্মৃতি বিনাশ হেতু,যখন উপরম অর্থাৎ সমাধি হয়, তখন কেবল স্বরূপ জ্ঞান দ্বারা যিনি প্রতীত হয়েন,সেই শুদ্ধ হংসকে আমি নমস্কার করি, তাঁহার প্রতীতি স্থানও অতিশয় শুদ্ধ ॥ ২১ ॥

যিনি প্রকৃতি পুরুষ মহৎ অহঙ্কার এবং পঞ্চতন্মাত্র এই নয় তথা তিন গুণ ও ষোড়শ বিকার স্বরূপ আপনার নব শক্তি দ্বারা হৃদয়ের মধ্যে নিশ্চলীভূত হইয়া আছেন এবং পঞ্চদশ সামিধেনী মন্ত্র দ্বারা

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বহ্নিং যথা দারুণি পাঞ্চদশ্যং মনীষয়া নিষ্কর্ষন্তি গূঢ়ং ॥ ২২ ॥
স বৈ মমাশেষ বিশেষ মায়া নিষেধ নির্ব্বাণ সুখানুভূতিঃ।
স সর্ব্ব নামা সচ বিশ্বরূপঃ প্রসীদতামনিরুক্তাত্ম শক্তিঃ ॥ ২৩ ॥
যদ্যন্নিরুক্তং বচসা নিরূপিতং ধিয়াক্ষভির্ব্বা মনসোত যস্য।

শ্রীধরস্বামী।

মহদহঙ্কার পঞ্চ তন্মাত্র রূপাভিঃ। ত্রিবৃদ্ভিঃ ত্রিগুণাত্মভিঃ চকারাৎ ষোড়শ বিকার রূপাভিশ্চ। কথম্ভূতং নিষ্কর্ষন্তি মনীষয়া অন্তর্হৃদি সংনিবেশিতং নিশ্চলীকৃতং পাঞ্চদশ্যং পঞ্চদশ সামিধেনী মন্ত্রৈঃ প্রকাশ্যং অলৌকিকং বহ্নিমিব অহঙ্কারাস্পদাত্মনোঽন্যং যং পরমাত্মানং নিষ্কর্ষন্তীত্যর্থঃ ॥ ২২ ॥

অশেষা বিশেষা যস্যা স্তস্যা মায়ায়া নিষেধেন নির্ব্বাণ সুখে অনুভূতির্যস্য। অপ্রসক্ত নিষেধাসম্ভবাৎ প্রসক্তিমাহ। স এব সর্ব্ব নামা সএব বিশ্বরূপ ইতি। তদ্রূপত্বেপি বাস্তবত্বাভাবাৎ নিষেধ সম্ভবতীত্যাহ অনিরুক্তা আত্মনি শক্তির্মায়া যস্য সঃ ॥ ২৩ ॥

নন্বু যদি কেবলয়া স্বসংস্থয়া প্রতীয়তে তর্হি সর্ব্ব নামত্বং বিশ্বরূপত্বঞ্চানুপপন্নং বাগাদ্যগোচরত্বাদিত্যাশঙ্ক্য সর্ব্বৈর্নামভি র্বাচ্যং প্রত্যক্ষাদি দৃশ্যঞ্চ তস্য স্বরূপং বস্তুতো মাভূৎ। তথাপি মায়য়া ঘটত ইতি শ্লোকত্রয়েণোপপাদয়ন্ নমস্করোতি যদ্যদিতি যদ্যদ্ বচসা নিরুক্তং অভিহিতং ধিয়া নিরূপিতং ব্যবসিতং অক্ষভির্ব্বা ইন্দ্রিয়ৈর্নিরূপিতং গৃহীতং। উত অপি মনসাপি

ক্রমসন্দর্ভঃ।

প্রসীদতামিতি। নন্বু তাভ্যো নিষ্কৃষ্টশ্চেৎ কথং তন্ময় সর্ব্বনাম রূপঃ তত্রাহ। অনিরুক্তেতি। অচিন্ত্যশক্তিত্বাদিত্যর্থঃ ॥২২।২৩॥

নন্বু মম যন্নির্ব্বাণ সুখৈক রূপং ব্রহ্মাখ্যং স্বরূপং তস্যানুভূতিকমেব ভবদতীত ত্রিবৃন্নবশক্তিকং ভবতু। যত্তু গুণ রূপবৃংহিতং স্বরূপং তত্তু তন্ময়মেব ভবেৎ। জগৎ সাদৃশ্যাত্তত্রাহ যদ্যদিতি ত্রিকেণ। গুণৈরূপৈশ্চ বৃংহিতঃ অসমোর্দ্ধ বৃহত্তমং যৎ স্বরূপং তদপি। বচ আদি গোচরো যদ্যদ্বস্তু তন্ন ভবতি তত্র হেতুঃ স বৈ ইতি। সগুণ রূপ বৃংহিত স্বরূপত্বং গুণ প্রলয়-সৃষ্টিভ্যাং লক্ষ্যতে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নো গুণ বর্জ্জিত ইতি বৈষ্ণবোক্তেঃ। অপ্রসক্ত নিষেধাসংভবাৎ প্রসক্তিমাহ সএব সর্ব্ব নামা সএব বিশ্ব রূপ ইতি ব্রহ্মাদি তৃণান্তানাং যানি নাম রূপাণি তানি তস্যৈবেত্যর্থঃ। মায়ায়া স্তচ্ছক্তিত্বেন মায়িক বিশ্বস্যাপি তদ্রূপত্বাৎ তস্য স্বরূপ ভূতা শক্তিস্তু মায়াশক্তে র্মায়িকাদ্বিশ্বস্মাচ্চান্যৈবেত্যাহ অনিরুক্তা মায়িক বাঙ্মনসাভ্যামনিরুক্ত বিবরীভূতা আত্ম ভূতা শক্তি র্যস্য সঃ ॥ ২৩ ॥

বাগ্বুদ্ধ্যাদিকন্তু সর্ব্ব মায়িকমেব তেন নিরূপিতমপি সর্ব্বং মায়িকমেব ভবেৎ। নতুন তৎ স্বরূপমিত্যাহ। যদ্যদিতি যদ্যদ্বচসা নিরুক্তমভিহিতং ধিয়া নিরূপিতং ব্যবসিতং অক্ষভির্বা ইন্দ্রিয়ৈ র্নিরূপিতং গৃহীতং উত অপি মনসাপি নিরূপিতং সঙ্কল্পিতং তত্তৎ সর্ব্বং যস্য স্বরূপং মাভূৎ ন ভবতি। তস্মৈ নম ইতি তৃতীয়েনান্বয়ঃ। হি যত স্তদ্গুণানামেব রূপং গুণবৃংহিতং হি তদিতি পাঠে গুণৈ র্বর্দ্ধিতং সতু গুণব্যতিরিক্ত ইত্যর্থঃ। যতঃ গুণানাং অপায় বিসর্গাভ্যাং প্রলয়োৎপত্তিভ্যাং লক্ষণং যস্য সঃ। যঃ সৃষ্টি প্রলয়ৌ করোতি স ঈশ্বর ইত্যতঃ সৃষ্টেঃ পূর্ব্বত্র প্রলয়াৎ পরত্রচ তস্য সত্ত্বসিদ্ধেঃ। অত্র দৃশ্যতে ত্বগ্রায়া বুদ্ধ্যা ইতি মনসা এবানুদ্রষ্টব্য ইতি। তমেব বিদিত্বা অতিমৃত্যুমেতীতি আত্মা বা অরে মন্তব্য ইত্যাদি তস্মাৎ সর্ব্বাত্মনা রাজন্ ভগবান্ হরিরীশ্বরঃ। শ্রোতব্যঃ

প্রকাশ্য হইয়া থাকেন। অতএব অলৌকিক বহ্নির ন্যায় অতিশয় গূঢ় হওয়াতে বিবেকী পুরুষেরা আপনাদের বুদ্ধি দ্বারা বিবেচনা পূর্ব্বক নিষ্কর্ষণ করিয়া যাঁহার ধ্যান করেন ॥ ২২ ॥

সেই পরমাত্মা আমার প্রতি প্রসন্ন হউন। যে মায়ার অশেষ বিশেষ সেই মায়ার নিষেধ হওয়াতে নির্ব্বাণ সুখেতেই যাঁহার অনুভব হয় তিনিই সকলের নামধারী, তিনিই বিশ্বরূপ, তাঁহার আত্মাতে কিরূপ শক্তি [মায়া] আছে তাহা কেহ কখন নির্ব্বচিতে পারে নাই, অতএব তিনি অবস্তু নহেন ॥ ২৩

অহো! যিনি স্বপ্রকাশ, সুতরাং বাক্য দ্বারা যাহা অভিহিত হয়, বুদ্ধি দ্বারা যাহা ব্যবসিত হয়, ইন্দ্রিয় সকল দ্বারা যাহা নিরূপিত হয়, কিম্বা মনের দ্বারা যাহা যাহা সংকল্পিত হয়, এ সমুদায়ই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মাভূৎ স্বরূপং গুণবৃংহিতং হি তৎ স বৈ গুণাপায় বিসর্গ লক্ষণঃ ॥ ২৪ ॥
যস্মিন্ যতো যেনচ যস্য যস্মৈ যদ্যো যথা কুরুতে কার্য্যতে বা।

শ্রীধরস্বামী।

নিরূপিতং সংকল্পিতং। যস্য স্বপ্রকাশত্বং তস্য তত্তৎ স্বরূপং মাভূৎ ন ভবতি তৎ স্বরূপত্বাভাবে হেতুঃ হি যস্মাৎ তত্তদ্গুণানামেব রূপং গুণবৃংহিতমিতি পাঠান্তরে গুণৈর্বর্দ্ধিতং সতু গুণ ব্যতিরিক্তঃ। যতো গুণানামপায় বিসর্গাভ্যাং প্রলয়োৎপত্তিভ্যাং লক্ষ্যত ইতি তথা চেতনাধিষ্ঠানং বিনা তয়োরসম্ভবাৎ। যদ্বা যস্য স্বরূপং মাভূৎ ন ভবতি তস্মৈ নম ইতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২৪ ॥

তদেবং বস্তুতো গুণস্বরূপত্বাভাবমঙ্গীকৃত্য অনিরুক্তাত্মশক্তিরিত্যনেন দ্যোতিতং মায়য়া সর্ব্বব্যাপ্যত্বেন বিশ্বরূপত্বমাহ। যস্মিন্নধিকরণে যতোঽপাদানাৎ যেন কারণেন যস্য সম্বন্ধিনঃ যস্মৈ সংপ্রদানায় যদীপ্সিততমং যঃ কর্ত্তা কুরুতে স্বতন্ত্রঃ কার্য্যতে বা অন্যেন প্রযোজ্য কর্ত্তা তদ্ব্রহ্মেতি প্রত্যেকং সম্বন্ধঃ। অত্রচ যচ্ছব্দৈঃ সপ্তভিঃ সপ্তবিভক্ত্যর্থা দর্শিতাঃ। যথেতি ক্রিয়াকারক সম্বন্ধ প্রকার বাচিনামব্যয়ানামর্থাঃ। কুরুতে কার্য্যতে বেতি স্বার্থপরার্থ ক্রিয়াম্বয়শ্চ সর্ব্বেষাং দর্শিতঃ। চশব্দেন ভাবকর্ম্মাদি বিহিত প্রত্যয়ার্থাঃ সংগৃহীতাঃ তদ্ব্রহ্মৈবেতি কুতস্তত্রাহ তদ্ধেতু স্তেষাং কারণং তৎকৃতঃ সর্গেভ্যঃ প্রাক স্বসিদ্ধং নন্বু ব্রহ্মাদয়ঃ তদ্ধেতবঃ শ্রূয়ন্তে অবরেচ দৃশ্যন্তে তৎ কথং ব্রহ্মৈব তদ্ধেতুস্তত্রাহ পরেষামবরেষাঞ্চ হেতূনাং পরমং কারণং। নন্বু সর্ব্ব কারণত্বে তস্য কিং নাম

ক্রমসন্দর্ভঃ।

তর্কান্ত এব নত্বনুভূয়ন্ত ইতি। যদ্বা গুণানামপায়োঽপগমো যস্মাৎ তস্মিন্ বিগতসর্গে নিত্যসিদ্ধে বৈকুণ্ঠে লক্ষ্যতে তদধিষ্ঠাতৃত্বেন দৃশ্যত ইতি ॥ ২৪ ॥

তদেব দর্শয়তি যস্মিন্নিতি। যদিতি যত্র বিবদমানানাং মুহ্যতাঞ্চ বাদিনাং তত্তদ্ভাবেপি তাদৃশ দুস্তর্ক তচ্ছক্ত্যৈ এব কারণত্বে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কীর্ত্তিতবাংশ্চ ইতি পরস্পরসহস্র শ্রুতি স্মৃতি বাক্য বিরোধাদীশ্বরানুগৃহীতৈরেব বচ আদিভিরিতি ব্যাখ্যেয়ং। অতএব শ্রুতাব প্রায়েতি বিশেষণং। অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ। সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদ ইত্যভিযুক্ত বচনঞ্চ কেচিত্তু কাৎস্নেন নিরূপণাভাবান্ন নিরূপিতমিত্যাহুঃ। যতোঽপ্রাপ্য নিবর্ত্তন্তে বাচশ্চ মনসা সহেত্যত্রাপাদান নির্দ্দেশাৎ বাঙ্মনসাগম্যত্বং নিবর্ত্তন্ত ইতি অন্তালাভাদ্বাঙ্মনসাগম্যত্বঞ্চেতি বৎ ॥ ২৪ ॥

নন্বু গুণময়ং রূপং যদি তৎ স্বরূপং ন ভবতি তর্হি তস্যাপূর্ণত্বং প্রসজ্জেতেত্যত আহ যস্মিন্নধিকরণে যতোঽপাদানাৎ যেন করণেন যস্য সম্বন্ধিনঃ যস্মৈ সংপ্রদানায় যদীপ্সিতমং যঃ কর্ত্তা কুরুতে স্বতন্ত্রঃ কার্য্যতে বা অন্যেন প্রযোজ্য কর্ত্রা তদ্ব্রহ্মেতি প্রত্যেকমম্বয়ঃ। অত্র সপ্তভি র্যচ্ছব্দৈঃ সপ্তবিভক্ত্যর্থা দর্শিতাঃ। যথেতি প্রকার বাচিনামব্যয়ানামর্থাঃ কুরুতে কার্য্যতে চেতি স্বার্থপরার্থ ক্রিয়াম্বয়শ্চ দর্শিতঃ। চ শব্দেন চ ভাবকর্ম্মাদি বিহিত প্রত্যয়ার্থাশ্চ সংগৃহীতাঃ। তদ্ব্রহ্মৈবেতি কুত স্তত্রাহ। তদ্ধেতু স্তেষাং কারণং। কারণত্বং কুতঃ প্রাক্ প্রসিদ্ধং নন্বু ব্রহ্মাদয় স্তদ্ধেতবঃ শ্রূয়ন্তে অবরেচ দৃশ্যন্তে তত্রাহ। পরেষামবরেষাঞ্চ পরমং তেষাং কারণানামপি কারণত্বাৎ পরমং কারণমিত্যর্থঃ নন্বু সর্ব্বকারণত্বে তস্য কিং নাম সহকারিত্বং ভবেত্তত্রাহ। একং অন্য নিরপেক্ষমেব তৎ কারণমিত্যর্থঃ। নন্বু চিচ্ছক্তীনাং বিমলাদ্যানাং নব বিধানাং চিচ্ছক্তি বৃত্তীনাং হ্লাদিন্যাদীনাং ত্রিবিধানাং তদ্বিলাসানাং বৈকুণ্ঠ তৎ পার্ষদাদীনাং বাসুদেব সঙ্কর্ষণাদীনাঞ্চ নিত্য সিদ্ধত্ব শ্রবণাৎ কালমায়া জীবাদৃষ্টানাস্তু জগৎ কারণত্বস্য চ শ্রবণাৎ কথমেকমিত্যুচ্যত ইত্যত আহ অনন্যং ন বিদ্যতে অন্যৎ যতস্তৎ। চিচ্ছক্তীনাং তদ্বিলাসানাঞ্চ তৎ স্বরূপ ভূতত্বাৎ

যাঁহার স্বরূপ হইতে পারে না, যে হেতু এ সকল পদার্থ গুণ দ্বারা বর্দ্ধিত হইয়া থাকে, পরমাত্মা এ সকল হইতে ভিন্ন; কারণ, তিনি গুণ সকলের প্রলয় ও উৎপত্তি দ্বারা লক্ষ্য হয়েন ॥ ২৪ ॥

অপর যে অধিকরণে, যে অপাদান হইতে, যে করণ দ্বারা, যাহার সম্বন্ধে, যৎ সম্প্রদানক, যৎ কর্ম্মক, যৎ কর্ত্তৃক, যে প্রকারে কোন কর্ম্ম কৃত অথবা কারিত হয়, তিনিই ব্রহ্ম, তিনিই ঐ সকলের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরাবরেষাং পরমং প্রাক্ স্বসিদ্ধং তদ্ব্রহ্ম তদ্ধেতুরনন্যদেকং ॥ ২৫ ॥
যচ্ছক্তয়োবদতাং বাদিনাং বৈ বিবাদ সম্বাদভুবো ভবন্তি।
কুর্ব্বন্তি চৈষাং মুহুরাত্মমোহং তস্মৈ নমোঽনন্তগুণায় ভূম্নে ॥ ২৬ ॥
অস্তীতি নাস্তীতিচ বস্তুনিষ্ঠয়োরেকস্থয়োর্ভিন্ন বিরুদ্ধ ধর্ম্মণোঃ।

শ্রীধরস্বামী।

সহকারি ভবেৎ তদানীমস্যাভাবাৎ। সত্যং নিরপেক্ষমেব তৎ কারণমিত্যাহ অনন্যৎ বিজাতীয়শূন্যং একং স্বজাতীয় শূন্যঞ্চ তস্মৈ নম ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ২৫ ॥

নন্বেবং ব্রহ্ম চেদ্বিশ্বস্য হেতুঃ তর্হি ন কদাচিদনীদৃশং জগদিতি বদন্তো মীমাংসকাঃ কুতোঽত্র বিবদন্তে তৈশ্চান্যে স্বভাববাদিনঃ সম্বদন্তে তেচ তত্ত্ববিদ্ভির্বোধিতা অপি কুতঃ পুনঃ পুনর্মুহ্যন্তি তত্রাহ। যস্য মায়াবিদ্যাদ্যাঃ শক্তয়ো বিবাদস্য কচিৎ সম্বাদস্য চ ভুবঃ স্থানানি ভবন্তি তস্মৈ নমঃ ॥ ২৬ ॥

নন্ কিং তদ্ব্রহ্ম যস্য শক্তয়ো বিবাদাদি ভুবো ভবন্তি তত্রাহ অস্তীতি যোগ উপাসনা শাস্ত্রং তত্র হি বিরাড়্ রূপেণোপাসনায়াং পাতাল পাদাদিকমস্তীত্যুপাস্যত্বেন বিধীয়তে। নাস্তীতি সাংখ্যং জ্ঞানশাস্ত্রং তত্র হ্যপাণি পাদঃ অচক্ষুরশ্রোত্রমিতিচ পাদাদি

ক্রমসন্দর্ভঃ।

নোপস্থিতা ইত্যাহ যচ্ছক্তয় ইতি। অতএবানন্ত গুণত্বং ভূমত্বং চ তস্যেত্যর্থঃ ॥ ২৫। ২৬ ॥

তত্র বিবাদাবসরে তাদৃশ গুণরূপ বৃংহিত স্বরূপমপি সিদ্ধ্যতীত্যাহ। অস্তীতি যোগঃ স্থূলোপাসনাশাস্ত্রং। তত্রহি ভগবতো নাম রূপিত্বং শ্রূয়তে তত্র দৃষ্ট কল্পনা লাঘবাৎ ঘটপটাদি লক্ষণাখিল নামধেয়ত্বং পাতাল পাদাদিকত্বং চেতি বিধীয়তে নাস্তীতি সাংখ্যং

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বাসুদেবাদীনাং তদংশত্বাৎ কালমায়াদীনামস্বরূপভূতত্বেপি তচ্ছক্তিত্বাৎ তদনন্যত্বমিত্যর্থঃ ॥ ২৫ ॥

নন্বত্র মতে স্বজাতীয় বিজাতীয় স্বগত ভেদাসহিষ্ণবোঽন্যোঽদ্বৈতবাদিনো বিবদন্তে তৈশ্চান্যে নৈয়ায়িকাঃ ষোড়শ পদার্থ বাদিত্বাৎ দ্বৈতবাদিনো বিবদন্তে তৈশ্চান্যে বৈশেষিকাঃ সম্বদন্তে তৈঃ সর্ব্বৈশ্চান্যেন কদাচিদনীদৃশং জগদিতি বদন্তো মীমাংসকা বিবদন্তে তৈশ্চান্যে স্বভাববাদিনঃ সংবদন্তে তেচ তত্ত্ববিদ্ভির্ব্বোধিতা অপি কুতঃ পুন র্মুহ্যন্তীতি তত্রাহ যচ্ছক্তয়ঃ যস্য মায়াশক্তিবৃত্তয়ো বদতাং সমাদধতাং বাদিনাং তত্রাক্ষেপকৃতাং বিবাদস্য কচিৎ সম্বাদস্যচ ভুব উৎপত্তিহেতবো ভবন্তি প্রয়োজনমাহ আত্মমোহ মিতি আত্মানং জিজ্ঞাসমানানামপীত্যর্থঃ। মুহুরিতি তত্রাবিচ্ছেদঃ সূচিতঃ। অনন্ত গুণায়েত্যনন্ত শব্দস্যানেকার্থত্বেনাঽনাশবাচিত্বাৎ গুণানামনশ্বরত্বং নিঃসীমত্বঞ্চোক্তং। ইমে চান্যেচ ভগবন্নিত্যা যত্র মহাগুণা ইতি পৃথিব্যুক্তৌ নিত্যা ইতি পদেন নাস্বং গুণানামগুণস্য জগ্মুর্যোগেশ্বরা যে ভব পাদ্ম মুখ্যা ইতি সূতোক্তৌচ অগুণস্যেতি যোগেশ্বরা ইতি পদাভ্যাং জ্ঞানশক্তি বলৈশ্বর্য্য বীর্য্য তেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দ বাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিরিতি পরাশরোক্তৌচ বিনা হেয়ৈরিত্যুপন্যাসেনচ তদীয় গুণানামপ্রাকৃতত্বাবগমেপ্যবাস্তবত্বমাচক্ষাণাস্তেঽপরাধিনঃ কথমবিদ্যয়া নমোহন্তামিতি ভাবঃ ॥ ২৬ ॥

নন্ তে শাস্ত্রজ্ঞাঃ কিমিতি নিন্দ্যন্তে শাস্ত্রাণামেবৈকমত্যাভাবেন পরস্পর বিরোধাদিতি চেন্মৈবং বাদীরিত্যাহ অস্তীতি যোগ সাঙ্খ্যয়োঃ যোগো ভক্তিযোগ শাস্ত্রং সাঙ্খ্যং জ্ঞানশাস্ত্রং তয়ো স্তৎ প্রসিদ্ধং পরং সর্ব্বোৎকৃষ্টং বৃহদ্ব্রহ্ম সমমনুকূলঞ্চ

কারণ, যে হেতু সকলের অগ্রে আপনা হইতেই সিদ্ধ আছেন। তিনি পর ও অপর সকলের পরম কারণ এবং বিজাতীয় শূন্য ॥ ২৫ ॥

যাঁহার অবিদ্যাদি শক্তি সকল বিবাদ কারি বাদিদিগের নিকট কখন বিবাদের কখন বা সম্বাদের স্থান হইয়া থাকে এবং সেই সকল বাদিদিগের আত্মাতে মুহুর্মুহুঃ মোহ উপস্থিত করিয়া দেয়, সেই অনন্ত গুণে অলঙ্কৃত পরম পুরুষ ভগবান্‌কে আমি নমস্কার করি ॥ ২৬ ॥

অহো! যে যোগ শাস্ত্রে পাদাদি আছে বলিয়া তদ্রূপে যাঁহার উপাসনার বিধি দিয়া থাকেন এবং যে সাংখ্য শাস্ত্রে পাদাদি নাই বলিয়া যাঁহার উপাসনা নিষেধ করেন, পরস্পর বিরুদ্ধ সেই দুই যোগ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবেক্ষিতং কিঞ্চন যোগসাংখ্যয়োঃ সমং পরং হ্যনুকূলং বৃহত্তৎ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

নাস্তীতি নিষিধ্যতে। তয়োর্যোগ সাংখ্যয়োর্যৎ কিঞ্চিৎ সমং অনুবর্ত্তমানং অবেক্ষিতং প্রতীতং তৎ বৃহৎ ব্রহ্ম বিবাদেপ্যবিবাদাস্পদং ব্রহ্মেত্যর্থঃ। বিবাদং স্ফুটয়তি ভিন্নৌ অস্তি নাস্তীত্যেবং ভূতৌ বিরুদ্ধৌ ধর্ম্মৌ যয়োঃ তয়োর্ভিন্ন বিষয়ত্বেপি বিরোধো নস্যাদিত্যেকস্থয়োরিত্যুক্তং এক বিষয়য়োঃ কুতঃ বস্তুনিষ্ঠয়োঃ পাদাদি বিধিনিষেধয়োরেক বস্তু নিষ্ঠত্বাৎ। সমত্বে হেতুঃ পরং হি যতো বিধি প্রতিষেধয়োরবিষয়ঃ। তয়োঃ পাদাদি বিষয়ত্বাত্তর্হি তথা বিধস্য সদ্ভাবে কিং প্রমাণং তত্রাহ। অনুকূলং অধিষ্ঠানং বিনা পাদাদিকল্পনাঽযোগাৎ। অবধিং বিনা তন্নিষেধাযোগাচ্চ তয়োরুপপাদকত্বেন সিদ্ধমিত্যর্থঃ। তস্মৈ নম ইতি পূর্ব্বস্যানুষঙ্গঃ ॥ ২৭ ॥

ক্রমসন্দর্ভঃ।

জ্ঞানশাস্ত্রং তত্র হি নিষেধ শ্রুতিভিস্তস্য নাম রূপিত্বং যন্নিষিধ্যতে তৎ প্রাপঞ্চিক নামরূপিত্বস্য কল্পিতত্বাৎ সর্ব্বথৈব নাস্তীতি নিশ্চীয়তে। তদুক্তমুভয়মতমস্যৈব প্রাক্। স সর্ব্বনামা সচ বিশ্বরূপ ইত্যাদিনা। যদয়মিরুক্তং বচসা নিরূপিতমিত্যাদিনাচ। অস্তীতি নাস্তীতি বস্তু নিষ্ঠা যয়োঃ তমের বিবাদং স্ফুটয়তি ভিন্নৌ অস্তীতি নাস্তীত্যেবম্ভূতৌ বিরুদ্ধৌ ধর্ম্মৌ যয়োস্তয়োঃ নন্বাস্তামনয়োর্ব্বিভিন্ন বিষয়ত্বং নেত্যাহ। একস্থয়োঃ সমান বিষয়য়োঃ তদেবং বিবাদে সতি তয়োর্যৎ কিঞ্চিন সমং সমঞ্জসত্বেনৈব অবেক্ষিতং প্রতীতং বস্তু তৎ দ্বয়োরপি বৃহৎ। বৃহদনুকূলং ভবতি। কিং তৎ সমঞ্জসং যৎ পরং নাম রূপাদত্যন্তং তদভাবাচ্চ বিলক্ষণং। যত্র যুগপন্নাম রূপিত্ব মনাম রূপিত্বমপি বক্তুং শক্যতে তদ্বিলক্ষণং কিমপি নামরূপ লক্ষণমেব বস্ত্বিত্যর্থঃ। এতদুক্তং ভবতি। একস্মিন্নেব বস্তুনি নামরূপিত্ব বিধি নিষেধাভ্যাং পরস্পরং শ্রুতয়ঃ পরাহতার্থাঃ স্যুঃ। অত্রতু পরত্বে নোভয়ত্রাপি প্রাক্তন যুক্ত্যা সমঞ্জসমপ্রাকৃত নাম রূপিত্বমেব বিধি নিষেধ শ্রুতি তাৎপর্য্যেণোপস্থাপ্যতে ইতি তত্তন্মতং বিবাদমাত্রং। ইত্থমেব শ্রীধ্রুবেণ নির্ব্বিবাদত্বমুক্তং। তির্য্যঙ্ নগদ্বিজ সরীসৃপ দেব দৈত্য মর্ত্ত্যাদিভিঃ পরিচিতং সদসদ্বিশেষং। রূপং স্থবিষ্ঠমজ তে মহদাদ্যনেকং নাতঃ পরং পরম বেদ্মি ন যত্র বাদঃ ইতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যথাশ্যাক্তথা অবেক্ষিতং। পরস্পর বিরুদ্ধয়ো স্তয়োর্দ্বয়োরেব শাস্ত্রয়োরবেক্ষণে কিমপি বৈষম্যং প্রাতিকূল্যঞ্চ নাস্তীত্যর্থঃ। তয়োঃ কথম্ভূতয়োঃ অস্তীতি নাস্তীতি ভিন্ন বিরুদ্ধ ধর্ম্ময়োঃ। যোগশাস্ত্রে হি কৃষ্ণং পিশঙ্গাম্বরমম্বুজেক্ষণং চতুর্ভুজং শঙ্খ গদাদ্যুদায়ুধমিত্যাদিনা নাম রূপ গুণ পাণি পাদাদ্যঙ্গো পাঙ্গ পার্ষদ ধামাদি অস্তীত্যুপাস্যত্বেন বিধীয়তে। সাঙ্খ্য শাস্ত্রে হ্যনামরূপ গুণম পাণি পাদমচক্ষুরশ্রোত্রমেকমদ্বিতীয়মপি নামরূপাদিকং নাস্তীতি নিষিদ্ধ্যতে ইত্যেবং ভূতৌ ভিন্নৌ পরস্পর বিরুদ্ধৌচ ধর্ম্মৌ যয়ো স্তয়োর্ভিন্ন বিষয়ত্বে বিরোধো নস্তাদিত্যেকস্থয়োঃ। একস্মিন্ ব্রহ্মণ্যেব তিষ্ঠত ইত্যেকং ব্রহ্মৈব বিষয়ীকুর্ব্বতোরিত্যর্থঃ। নন্বু তর্হি কথমবৈষম্যমপ্রাতিকূল্যং বা তত্রাহ বস্তু নিষ্ঠয়োঃ বস্তুনি বাস্তব বস্তুন্যেব নিষ্ঠা প্রতিপাদকত্ব লক্ষণা যয়োঃ। তেন ভক্তিশাস্ত্র বিধিনা বাস্তবং বস্ত্বেব প্রতিপাদয়তি নত্ববাস্তবং। তথা জ্ঞান শাস্ত্রঞ্চ নিষেধেন বাস্তবং বস্ত্বেব প্রতিপাদয়তি নত্ববাস্তবং তেন ভক্তিশাস্ত্রেণ পরমেশ্বরস্য রাম কৃষ্ণাদি মূর্ত্তের্নাম রূপাদিক বস্তু প্রতিপাদনে সিদ্ধে জ্ঞানশাস্ত্রমপি স্বস্য বস্তু নিষ্ঠত্বাদেব তস্য নাম রূপাদিকং নৈব নিষিদ্ধ্যতি কিন্তু তস্য মায়িক মূর্ত্তে র্বিরাজএব অতএব পুনর্ভক্তি শাস্ত্রমপি জ্ঞান শাস্ত্র নিষিদ্ধং বিরাড্রূপং উপাস্যত্বেন নোপাদত্তে। যদুক্তং অমুনী ভগবদ্রূপে ময়া তে হ্যনুবর্ণিতে। উভে অপি ন গৃহ্ণন্তি মায়াসৃষ্টে বিপশ্চিত ইতি বিরাড্রূপস্যাপি ধারণায়ামুপাদানন্তু কস্যচিদেব প্রথম দশায়ামেব চিত্তশুদ্ধ্যর্থমেব নতু সর্ব্বদোপাসনার্থমিতি ভক্তি জ্ঞানশাস্ত্রয়ো

ও সাংখ্য শাস্ত্রের দ্বারা যে কিছু প্রতীত হয়, সেই বৃহদ্বস্তু ব্রহ্মবাদেও অবিবাদের আস্পদ অর্থাৎ তাহাই পরম ব্রহ্ম। যোগ ও সাংখ্য শাস্ত্র মধ্যে যদি কেহ "পাদাদি আছে" এবং কেহ "পাদাদি নাই বলিয়া বিবাদ করাতে ঐ দুইয়ের ধর্ম্ম ভিন্ন ভিন্ন হউক, তথাপি দুইয়ের বিধি নিষেধ এক বস্তু নিষ্ঠ হওয়াতে তাহাদের বিষয় একই হইয়াছে। সে যাহা হউক, সেই বস্তু পরম, যে হেতু বিধি নিষেধের বিষয় নহেন এবং বিনা অধিষ্ঠানে পদাদি কল্পনা ও বিনা বিধিতে নিষেধ অসম্ভব হওয়াতে

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যোনুগ্রহার্থং ভজতাং পাদমূলমনামরূপো ভগবাননন্তঃ ।
নামানি রূপাণিচ জন্ম কর্ম্মভি র্ভেজে স মহ্যং পরমঃ প্রসীদতু ॥ ২৮ ॥
যঃ প্রাকৃতৈর্জ্ঞানপথৈর্জনানাং যথাশয়ং দেহগতোবিভাতি ।

শ্রীধরস্বামী ।

ননূদাসীনস্য সমস্য নমস্কারে কোলাভ স্তত্রাহ য ইতি। পাদমূলং ভজতাং অনুগ্রহার্থং প্রাকৃত নামরূপ রহিতোপি জন্মভিরবতারৈ র্বিশুদ্ধোর্জ্জিত সত্বানি রূপাণি কর্ম্মভি র্নামানিচ যো ভেজে তৎকুতো ভগবানচিন্ত্যৈশ্বর্য্যঃ স মহ্যং প্রসীদতু ॥ ২৮ ॥

নন্বু তাদৃশাঃ সকামা গণেশাদীন্ প্রার্থয়ন্তে ত্বন্তু তান্ বিহায় কিমিতি ভগবন্তমেব প্রার্থয়সে তত্রাহ। প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্জ্ঞানপথৈ রূপাসনামার্গৈ র্যথাশয়ং তত্তদ্বাসনানুসারেণ যোদেহগতোঽন্তর্যামী তত্তদ্দেবতা রূপেণ বিবিধো ভাতি। যথা বায়ুঃ পার্থিবং

ক্রমসন্দর্ভঃ ।

তদেব ব্যনক্তি যোনাম রূপ রহিত এব নামানি রূপাণি ভেজে প্রকটিতবান্। জন্ম কর্ম্মভিঃ সহিতানিচ প্রকটিতবানিত্যর্থঃ ব্যতিরেকে দোষমাহ। অনন্তঃ যদি তস্মিন্নাম রূপিত্বাদিকং নাস্তি তর্হি তচ্ছক্তিমত্বং প্রতি সান্তত্বমেব প্রসজ্জেতেতি তদুক্তং প্রচেতোভিঃ। নহ্যন্তো যদ্বিভূতীনাং সোনন্ত ইতি গীয়তে ইতি। তত্তৎ প্রকাশনে হেতুঃ ভগবান্ ভগাত্মক শক্তিমান্। তস্যাঃ শক্তের্ম্মায়াত্বং নিষেধতি। পরমঃ পরাখ্য শক্তিরূপা মা লক্ষ্মী যস্মিন্। অন্যথা পরস্ব ব্যাঘাতঃ স্যাদিতি ভাবঃ তস্মান্ন মায়য়া সর্ব্বং সর্ব্বমৈশ্বর্য্যা সম্ভবং। অমায়োহীশ্বরো যস্মাত্তস্মাত্তং পরমং বিদুরিত্যুক্তেঃ। নতু সর্ব্বনাম বিশ্বরূপত্বে তদ্রাহিত্যেচ সংভবত্যেব। তত্তদুপাসকাঃ প্রমাণং। অত্র কে স্যুরিত্যাশঙ্ক্যাহ পাদমূলং ভজতামনুগ্রহার্থমিতি। যোগসাংখ্যয়ো স্তত্ত্বং ন সম্যক্ প্রকাশতে কিন্তু ভক্তাবেব। ভক্তিরেবৈনং দর্শয়তীত্যাদি শ্রুতেঃ। তস্মাদ্যদুক্তং তয়োর্ব্বিবাদ মাত্রত্বমিতি ভাবঃ। অতএব বক্ষ্যতেঽনন্তরমেব। ইতীত্যাদৌ প্রাদুরাসীৎ কুরুশ্রেষ্ঠ ভগবান্ ভক্তবৎসলঃ। কৃতপাদঃ সুপর্ণাংস ইত্যাদি। পাদমূলং ভজতামিত্যনেন তান্ প্রতি রূপ প্রাকট্যাৎ। পূর্ব্বমপি রূপমস্ত্যেবেতি ব্যঞ্জিতং। চরণং পবিত্রং বিততং পুরাণমিত্যাদি শ্রুতেঃ। ভেজ ইত্যতীত নির্দ্দেশঃ। প্রমাণ্যাদার্ঢ্যায়ানাদিত্বং বোধয়তি। অনন্তপদস্তচ নামাণি রূপাণি চানন্তান্তেবেতি ভাবঃ। অত্র প্রাকৃত নামরূপ রহিতোপীতি টীকাচ ॥ ২৮ ॥

ননু বিভূতিকামস্ত তব তত্তদ্বিভূতি সম্বলিত গণপত্যাদ্যুপাধিত্বেনৈব মমোপাসনাযুক্তা কথং সর্ব্বাত্মনা নিরুপাধিত্বেন

শ্রী বিশ্বনাথচক্রবর্ত্তী ।

র্বস্তুতত্ত্ববিরোধ এবেতি শাস্ত্রাবিরোধেপি বিবদমানাঃ শাস্ত্র তাৎপর্য্যমবিদ্বাংসো দার্শনিকা এব বিগীতা ইতি ভাবঃ ॥ ২৭ ॥

অতো নামরূপাদি বিধি নিষেধাভ্যাং শাস্ত্রদ্বয়াবিরোধং ব্যঞ্জয়ন্ ভক্তবৎসলস্থ ভগবতঃ স্বস্মিন্ননুগ্রহং প্রার্থয়তে। য ইতি. অনাম রূপঃ প্রাকৃত নাম রূপাদি রহিতোপি জন্মভিরবতারৈ র্বিশুদ্ধোর্জ্জিত সত্বানি রূপাণি কর্ম্মভির্নামানিচ ভেজে ইতি স্বামি চরণাঃ। ভেজে প্রপঞ্চে প্রকটী চকার ॥ ২৮ ॥

তদেবং ন যস্ত সখ্যমিত্যনেন সর্ব্বং পুমান্ বেদ গুণাংশ্চ তজ্জ্ঞো ন বেদ সর্ব্বজ্ঞমনন্তমীড় ইত্যনেনচ জীবেশ্বরয়োরল্পজ্ঞ সর্ব্বজ্ঞত্বাভ্যাং বাস্তবমেব পার্থিক্যমবধারিতমেব। ততশ্চ যদোপরমো মনস ইত্যনেন মনীষিণোঽন্তর্হৃদীত্যনেন চ তস্যৈবেশ্বরস্যৈকস্যাপ্যলৌলিক নির্ব্বিশেষ সবিশেষ জ্ঞান গম্যত্বেন নির্ব্বিশেষং সবিশেষ স্বরূপঞ্চ যথামতি ব্যঞ্জিতং। পুনশ্চ সৈব মমা-

সেই বস্তু অনুকূল অর্থাৎ ঐ দুইয়ের উৎপাদক রূপেও সিদ্ধ আছেন ॥ ২৭ ॥

অহো! যিনি প্রাকৃত নাম রূপ রহিত হইয়াও পাদমূলের উপাসনাকারি পুরুষদিগের প্রতি অনুগ্রহ বিস্তার নিমিত্ত অবতার সকল দ্বারা বিশুদ্ধ সত্ব বহু বহু রূপ এবং কর্ম্ম সকল দ্বারা ভূরি ভূরি নাম গ্রহণ করিয়া থাকেন, যাঁহার ঐশ্বর্য্য অচিন্তনীয়, সেই অনন্ত পরমেশ্বর আমার প্রতি প্রসন্ন হউন ॥২৮

যেমন বায়ু পদ্মাদি বিশেষ বিশেষ পদার্থের বিশেষ বিশেষ গন্ধ আশ্রয় করিয়া নানা গন্ধ বিশিষ্ট হইয়া প্রকাশ পায় এবং রেণুর ধূসরত্বাদি আশ্রয় করিয়া নানা রূপ বিশিষ্ট হয়, তেমনি যে ভগবান্

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যথানিলঃ পার্থিবমাশ্রিতো গুণং স ঈশ্বরো মে কুরুতাং মনোরথং ॥ ২৯ ॥

শ্রীশুক উবাচ ॥

ইতি স্তুতঃ সংস্তুবতঃ স তস্মিন্নঘমর্ষণে। প্রাদুরাসীৎ কুরুশ্রেষ্ঠ ভগবান্ ভক্তবৎসলঃ ॥ ৩০ ॥

কৃতপাদঃ সুপর্ণাংসে প্রলম্বাষ্ট মহাভুজঃ। চক্র শঙ্খাসি চর্ম্মেষু ধনুঃ পাশ গদাধরঃ।

পীতবাসা ঘনশ্যামঃ প্রসন্ন বদনেক্ষণঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

পঙ্কজাদি গন্ধভেদমাশ্রিত্য নানা গন্ধবান্ বিভাতি রেণোর্গুণং ধূষরত্বাদিকমাশ্রিত্য নানা রূপবান্ প্রতীয়তে। তদ্বত্তৈস্যৈব তত্তদ্দেবতারূপেণ বিশেষ ফলদাতৃত্বাৎ স ঈশ্বর এব মম মনোরথং সত্যং করোতু কিমন্তর্গড়ুভি র্দেবতান্তরৈরিত্যর্থঃ। তদুক্তং গীতাসু। যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি। তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহং। স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে। লভতেচ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হিতান্ ইতি। যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতিচ ॥ ২৯ ॥

সংস্তুবতো দক্ষস্য ভগবান্ প্রত্যক্ষোঽভূৎ ॥ ৩০ ॥

তং বর্ণয়তি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ সুপর্ণস্যাংসে স্কন্ধে কৃতৌ পাদৌ যেন। প্রলম্বা আজানুলম্বিতা অষ্টৌ মহান্তো ভুজা যস্য চক্রাদ্যষ্টায়ুধধরঃ। প্রসন্নং বদনমীক্ষণেচ যস্য ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

স্তৌষি। তত্রাহ যঃ প্রাকৃতৈরিতি। তত্র তত্রানিলবৎ স্বকার্য্যকরত্বং ভবত এব নতূপাধেরিতি স্থিতে কিমুপাধি ভাবনয়েতি ভাবঃ ॥ ২৯ ॥

ইতি সার্দ্ধ পঞ্চকঃ ॥ ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শেষেতি ত্রয়েণ মায়িক বস্তূনাং তদ্রূপত্বেপি তৎ স্বরূপ ভূতত্বাভাব উক্তঃ। পুনরস্তীতি নাস্তীতি দ্বয়েন ভক্তিশাস্ত্র জ্ঞানশাস্ত্রয়োরবিরোধো গূঢ়োপি স্পষ্টীকৃতঃ। ইদানীং যে জীবেশ্বরয়োঃ পার্থক্যমুপাধি কৃতমেব ন বাস্তবমিত্যাচক্ষতে। তেষাং জ্ঞানিমানিনামসমঞ্জস পথগামিত্বং বাঞ্জয়ন্ স্বমনোরথ সিদ্ধিং প্রার্থয়তে। যঃ প্রাকৃতৈরর্ব্বাচীনৈর্জ্ঞানমার্গৈ র্জনানাং দেহগতঃ যথাশয়ং আশয়মন্তঃকরণং দুষ্টং শিষ্টম্বা অনতিক্রম্য তদ্ধর্ম্মাক্রান্তএব বিভাতি জীবরূপেণ ভাসতে যথা বায়ুঃ পার্থিবং দুষ্টং শিষ্টং বা গন্ধমাশ্রিতো নানা গন্ধবান্ ভবতি নতু বস্তুতঃ ॥ ২৯ ॥

সংস্তুবতো দক্ষস্য ॥ ৩০। ৩১ ॥

অর্ব্বাচীন উপাসনা মার্গ দ্বারা মানবগণের বাসনানুসারে দেহগত হইয়া তত্তদ্দেবতা রূপে বিশেষ বিশেষ ফল প্রদান করেন, সেই পরমেশ্বরই আমার মনোরথ সফল করুন, দেবান্তরে আমার প্রয়োজন নাই ॥ ২৯ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! দক্ষ প্রজাপতি এই প্রকারে স্তুতি করিলে ভক্তবৎসল ভগবান্ তাঁহার স্তবে সন্তুষ্ট হইলেন এবং প্রসন্ন হইয়া সেই তীর্থেই প্রাদুর্ভূত হওত চমৎকার রূপে তাঁহাকে দর্শন দিলেন ॥ ৩০ ॥

ভগবানের চরণ দ্বয় গরুড়ের স্কন্ধোপরি বিন্যস্ত ছিল, আটটী বিশাল বাহু জানু পর্য্যন্ত লম্বিত হইয়া রহিয়াছিল, আট হাতে শঙ্খ, চক্র, অসি, চর্ম্ম, ধনুঃ, বাণ, খড়্গ, পাশ এবং গদা এই অষ্ট অস্ত্র শোভা পাইতেছিল, কটিদেশ পীত বসনে আচ্ছাদিত, শরীর নবঘন তুল্য শ্যামবর্ণ, বদন ও নয়ন সর্ব্বদাই প্রসন্ন ॥ ৩১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বনমালানিবীতাঙ্গো লসৎ শ্রীবৎসকৌস্তুভঃ। মহাকিরীট কটকঃ স্ফুরন্মকর কুণ্ডলঃ ॥ ৩২ ॥
কাঞ্চ্যঙ্গুলীয় বলয় নূপুরাঙ্গদ ভূষিতঃ। ত্রৈলোক্যমোহনং রূপং বিভ্রত্রিভুবনেশ্বরঃ ॥ ৩৩ ॥
বৃতোনারদনন্দাদ্যৈঃ পার্ষদৈঃ সুরযূথপৈঃ। স্তূয়মানোনুগায়দ্ভিঃ সিদ্ধগন্ধর্ব্বচারণৈঃ।
রূপং তন্মহদাশ্চর্য্যং বিচক্ষ্যাগতসাধ্বসঃ। ননাম দণ্ডবদ্ভূমৌ প্রহৃষ্টাত্মা প্রজাপতিঃ ॥ ৩৪ ॥
ন কিঞ্চনোদীরয়িতুমশকত্তীব্রয়া মুদা। আপূরিত মনোদ্বারৈর্হ্রদিন্য ইব নির্ঝরৈঃ ॥ ৩৫ ॥
তং তথাবনতং ভক্তং প্রজাকামং প্রজাপতিং। চিত্তজ্ঞঃ সর্ব্বভূতানামিদমাহ জনার্দ্দনঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

বনমালয়া নিবীতং কণ্ঠাদিপাদান্তং ব্যাপ্তমঙ্গং যস্য। লসন্তৌ শ্রীবৎসকৌস্তুভৌ যস্য মহান্তি কিরীট কটকানি যস্য স্ফুরতী মকর কুণ্ডলে যস্য ॥ ৩২ ॥

কাঞ্চ্যাদিভি র্বিভূষিতঃ। বলয়মত্র পাদভূষণংদ্রষ্টব্যং কটকস্যোক্তত্বাৎ। ত্রৈলোক্যমোহনং শ্রীপুরুষোত্তমাখ্যং ॥ ৩৩ ॥

সুরযূথপৈর্লোকপালৈঃ ॥ ৩৪ ॥

আপূরিতানি মনোদ্বারাণীন্দ্রিয়াণি তৈঃ। যথা হ্রদিন্যো নদ্যোনির্ঝরৈরাপূর্য্যন্তে তথা মহানন্দাপূর্ণত্বেনাবৃত্তিকত্বাৎ বাগাদীনাং ন কিঞ্চিৎ বক্তুং শক্তোঽভূদিত্যর্থঃ ॥ ৩৫ ॥

যদ্যপ্যসৌ নাবোচৎ তথাপি চিত্তজ্ঞ ইদং বক্ষ্যমাণমাহ ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

তীব্রয়া নিতান্তয়া মুদা স্বাত্মস্থিত তৎ প্রেম রূপয়া আপূরিতৈঃ সর্ব্বেণাপ্যংশেন পূরিতৈঃ মন্তির্ম্মনোদ্বারৈঃ জ্ঞানেন্দ্রিয়ৈরিতি তত্তদাবেশাৎ স্বাত্মনঃ সর্ব্বাংশেন পূরিতৈ র্নির্ঝরৈর্জলনির্গমৈ র্হ্রদিন্য ইবেতি ॥ ৩৫। ৩৬। ৩৭। ৩৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কটকঃ পাদকটকঃ বলয়ং হস্তস্থং ॥ ৩২। ৩৩। ৩৪ ॥

যথা হ্রদিন্যো নির্ঝরৈরাপূর্য্যন্তে তথা মুদা আনন্দেন আপূরিতানি মনোদ্বারাণি চক্ষুরাদীন্দ্রিয়াণি তৈর্হেতুভিঃ কিঞ্চন উদীরয়িতুং বক্তুং দ্রষ্টুং শ্রোতুং বা নাশকৎ ॥ ৩৫। ৩৬ ॥

অপর কণ্ঠ অবধি পাদতল পর্য্যন্ত বনমালা ব্যাপ্ত, বক্ষঃস্থলে শ্রীবৎস চিহ্ন ও কৌস্তুভ মণি, মস্তকে মহার্ঘ কিরীট, কর্ণে মকরাকার কুণ্ডল ॥ ৩২ ॥

অপিচ সেই ত্রিভুবনেশ্বর ভগবান্ পদভূষণ, নূপুর, কটিভূষণ, অঙ্গুরী, অঙ্গদ ইত্যাদি অলঙ্কারে অলঙ্কৃত হইয়া পুরুষোত্তম নামক ত্রৈলোক্য মোহন রূপ ধারণ করিয়াছিলেন ॥ ৩৩ ॥

রাজন্! ভগবান্ যে ঐ প্রকার বেশ ভূষায় বিভূষিত হইয়া একাকী আবির্ভূত হইয়াছিলেন এমত নয়, তাঁহার সঙ্গে নারদ, সুনন্দ, নন্দ প্রভৃতি দেব প্রবর পার্ষদগণ এবং লোকপাল সকল তাঁহার চতুর্দ্দিকে পরিবৃত ছিলেন, আর গানকারি সিদ্ধ, চারণ ও গন্ধর্ব্ব বর্গ দুইদিকে দণ্ডায়মান হইয়া তাঁহার স্তব করিতেছিল। হে রাজন্! এই প্রকার আশ্চর্য্য রূপ দর্শন করিয়া প্রজাপতি দক্ষের অন্তঃকরণে ভয় জন্মিল কিন্তু অনতিবিলম্বেই হৃষ্ট চিত্ত হইয়া ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিলেন ॥ ৩৪ ॥

পরন্তু কোন কথা কহিতে তাঁহার শক্তি হইল না, কারণ যেমন নির্ঝরোদকে নদী সকল পরিপূর্ণ হয় তাহার ন্যায়, গুরুতর হর্ষে তাঁহার যাবতীয় ইন্দ্রিয় দ্বার পরিপূর্ণ হইয়াছিল, অর্থাৎ সুমহৎ আনন্দে পরিপূর্ণ হওয়াতে তদীয় বাগাদি ইন্দ্রিয় বৃত্তি যেন শূন্য হইল, সুতরাং বাক্য প্রয়োগ করিতে সামর্থ্য হইল না ॥ ৩৫ ॥

যদিও তিনি কিছু কহিলেন না, তথাচ ভগবান্ সর্ব্ব ভূতের চিত্তজ্ঞ, সেই প্রকার প্রণত পরম ভক্ত ও প্রজাকাম ঐ প্রজাপতিকে সম্বোধন করিয়া কহিতে লাগিলেন ॥ ৩৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীভগবানুবাচ ॥

প্রাচেতস মহাভাগ সংসিদ্ধস্তপসা ভবান্। যচ্ছ্রদ্ধয়া মৎপরয়া ময়ি ভাবং পরং গতঃ ॥ ৩৭ ॥

প্রীতোঽহং তে প্রজানাথ যত্তেঽস্যোদ্বৃংহণং তপঃ। মমৈষ কামোভূতানাং যদ্ভূয়াসুর্বিভূতয়ঃ ॥৩৮

ব্রহ্মা ভবো ভবন্তশ্চ মনবো বিবুধেশ্বরাঃ। বিভূতয়ো মম হেতো ভূতানাং ভূতিহেতবঃ ॥ ৩৯ ॥

তপো মে হৃদয়ং ব্রহ্মং স্তনুর্বিদ্যা ক্রিয়াকৃতিঃ। অঙ্গানি ক্রতবো জাতা ধর্ম্ম আত্মাসবঃ সুরাঃ ॥৪০

শ্রীধরস্বামী।

ভাবং ভক্তিং গতঃ প্রাপ্তঃ ॥ ৩৭ ॥

যদ্যতঃ তে তপঃ অস্য বিশ্বস্যোদ্বৃংহণং বৃদ্ধিকরং অতস্তেঽহং প্রীতঃ মত্তপসোলোক সমৃদ্ধ্যর্থত্বে ত্বৎ প্রীতেঃ কিং কারণং তত্রাহ মমেতি। ভূতানাং বিভূতয়ঃ সমৃদ্ধয়ো ভূয়াসুরিতি যদেষ এব মম কামঃ অতো মৎকাম পূরণাদেবাহং প্রীতোস্মীত্যর্থঃ ॥ ৩৮ ॥

ভূতিবিস্তার প্রযত্নশ্চ তবোচিত এবেত্যাহ ব্রহ্মেতি। ভবন্তঃ প্রজাতপয়ঃ ভূতেরুদ্ভবস্য হেতবঃ ॥ ৩৯ ॥

বিশ্বপ্রবৃদ্ধ্যর্থেন ত্বত্তপসাঽহং প্রীত ইত্যুক্তং। তদেব তপঃ স্তবন্ প্রসঙ্গাদন্যান্যপি লোক বৃদ্ধিকরাণি বিদ্যাদীনি স্তৌতি। তপো যম নিয়মাদি সহিতং ধ্যানং মে হৃদয়ং। বিদ্যা সাঙ্গ মন্ত্রজপঃ সাধ্যানং তনোতীতি তনুর্দ্দেহঃ। ক্রিয়া ধ্যানাদি বিষয়ঃ পুং ব্যাপারো ভাবনা শব্দবাচ্যঃ। তেন হি ধ্যানাদিকামা ক্রিয়তে ইত্যাকৃতিঃ। জাতাঃ সুনিষ্পন্নাঃ ক্রতবোঽঙ্গানি শিরো বা এতৎ যৎ প্রবর্গ্য উপসদশ্চক্ষুষী আজ্যভাগাবিত্যাদি শ্রুতেঃ। ধর্ম্মঃ ক্রত্বাদ্যপূর্ব্বং আত্মা মনঃ হৃদয়াশ্রয়ত্বাৎ সুরা যজ্ঞভুজঃ তএবাসবঃ প্রাণঃ সন্তর্পণীয়ত্বাৎ ॥ ৪০ ॥

ক্রমসন্দর্ভঃ।

নন্বকামস্য তব কথম্ভূত বিভূতি কামনা উচ্যতে। ভক্তসম্বন্ধাত্তদ্বাৎসল্যেনৈবেত্যাহ। ব্রহ্মেতি। ব্রহ্মাদয়ো ভক্তা হি মনবঃ মম বিভূতয়ঃ তে চান্যেষাং ভূতিহেতব ইতি ॥ ৩৯ ॥ যতো ভক্তিঃ খলু মমান্তরঙ্গা শক্তিরিত্যাহ তপ ইতি ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ময়ি পরং ভাবং পরমাত্মৈবায়মিতি শ্রেষ্ঠাং ভাবনাং ॥ ৩৭ ॥

অস্য বিশ্বস্য উদ্বৃংহণং বৃদ্ধিকরং যত্তে তপোঽভূৎ এষ মমৈব কামঃ মদিচ্ছয়ৈব তব তপঃ সিদ্ধং বভূবেত্যর্থঃ। ননু কিমাকার স্তে কাম স্তত্রাহ ভূতানাং বিভূতয়ঃ সমৃদ্ধয়ো ভূয়াসুরিতি। যদেষ এবেতি ॥ ৩৮ ॥

ননু ভবাদৃশা নিকৃষ্টা এবেত্যাহ ব্রহ্মেতি ॥ ৩৯ ॥

কর্ম্মযোগে সমুচিতং মে রূপং শৃণ্বিত্যাহ তপঃ যম নিয়মাদিকং মে হৃদয়ং। বিদ্যা সাঙ্গ মন্ত্রজপো মে তনুঃ। ক্রিয়া নিত্য নৈমিত্তিকাদ্যা মমাকৃতিঃ আকারঃ। ক্রতবো মমাঙ্গানি শিরোবা। এতদ্যৎ প্রবর্গ্য উপসদশ্চক্ষুষী আজ্য ভাগাবিত্যাদি শ্রুতেঃ। জাতা অভুবন্। ধর্ম্মঃ ক্রত্বাদ্যপূর্ব্বং মমাত্মা মনঃ। মমাসবো দেবাঃ। সচ্চিদানন্দ স্বরূপস্য মম হৃদয়াদি বিভূতয় স্তপ আদয়ঃ ॥ ৪০

ভগবান্ কহিলেন অহে প্রচেতঃপুত্র মহাভাগ দক্ষ! মদ্বিষক শ্রদ্ধা সহকারে আমাতে ভক্তি করাতেই তোমার তপস্যা সিদ্ধ হইল ॥ ৩৭ ॥

হে প্রজানাথ! তোমার তপস্যাচরণ এই বিশ্বের বৃদ্ধিকরী, ইহাতে আমি তোমার প্রতি সাতিশয় প্রীত হইয়াছি, কারণ প্রাণি সকলের সমৃদ্ধি হয় ইহাই আমার কামনা অতএব তোমা হইতে আমার ঐ কামনা পূর্ণ হওয়াতে তোমার প্রতি আমার পরম প্রীতি জন্মিয়াছে ॥ ৩৮ ॥

বৎস! তোমরা (প্রজাপতি সকল) ব্রহ্মা, ভব, মনুগণ এবং দেবেশ্বরগণ আমার বিভূতি ও প্রাণি সকলের উদ্ভবের কারণ ॥ ৩৯ ॥

হে ব্রহ্মন্! তপস্যা অর্থাৎ যম নিয়মাদি সহিত ধ্যান আমার হৃদয়, বিদ্যা অর্থাৎ সাঙ্গ মন্ত্র-জপ আমার শরীর, ক্রিয়া অর্থাৎ ভাবনা শব্দ বাচ্য পুরুষ ব্যাপার আমার আকৃতি, যজ্ঞ আমার অঙ্গ, ধর্ম্ম অর্থাৎ যজ্ঞানুষ্ঠান জন্য অপূর্ব্ব আমার মনঃ, যজ্ঞভোক্তা দেবগণ আমার প্রাণ ॥ ৪০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অহমেবাসমেবাগ্রে নান্যৎ কিঞ্চান্তরং বহিঃ। সংজ্ঞানমাত্রমব্যক্তং প্রসুপ্তমিব বিশ্বতঃ ॥ ৪১ ॥
ময্যনন্ত গুণেঽনন্তে গুণতো গুণবিগ্রহঃ। যদাসীত্তত এবাদ্যঃ স্বয়ম্ভূঃ সমভূদজঃ ॥ ৪২ ॥
সবৈ যদা মহাদেবো মম বীর্য্যোপবৃংহিতঃ। মেনেঽখিলমিবাত্মানমুদ্যতঃ সর্গকর্ম্মণি ॥ ৪৩ ॥
অথ মেঽভিহিতোদেব স্তপোঽতপ্যত দারুণং। নব বিশ্বসৃজো যুষ্মান্ যেনাদাবসৃজদ্বিভুঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

তপসঃ সন্তানবৃদ্ধিহেতুত্বং দর্শয়িতুং দ্বিতীয় তৃতীয়োক্তমিতিহাসমাহ চতুর্ভিঃ। অহমেবেতি বস্ত্বন্তর ব্যাবৃত্তিঃ। আসমেবেতি ক্রিয়ান্তর ব্যাবৃত্তিঃ আন্তরং গ্রাহকং বহির্গ্রাহ্যং সংজ্ঞানমাত্রং চৈতন্যমাত্রং। অব্যক্তং ইন্দ্রিয়বৃত্তিভিরনভিব্যক্তং অতএব প্রসুপ্তমিব বিশ্বতঃ সর্ব্বত্র ॥ ৪১ ॥

গুণতো মায়াতো গুণময়ো বিগ্রহো ব্রহ্মাণ্ডং ততস্তদৈবাজোঽযোনিজঃ ॥ ৪২ ॥

খিলং অসমর্থমিব ॥ ৪৩ ॥

মে ময়া তপতপেত্যভিহিতঃ সন্ যেন তপসা ॥ ৪৪ ॥

ক্রমসন্দর্ভঃ।

তত্র ভক্ত এব মম সৃষ্ট্যাদি সম্বন্ধে হেতুরিতি দর্শয়িতুমাহ। অহমিতি। পদ্যমিদং জগদধিকৃত্য নতু বৈকুণ্ঠমধিকৃত্যেতি জ্ঞেয়ং ॥ ৪১ ॥

ভক্তমেব দর্শয়তি। ময়ীতি ॥ ৪২ ॥ বীর্য্যোপবৃংহিতঃ বীর্য্যাজ্জাতঃ ॥ ৪৩ ॥

তস্য চ ভক্তিং দর্শয়তি। অথেতি। তস্মাদ্ভবতোপি ভূতবিভূতিহেতুত্বং ভক্তত্বাদেবেতি ॥ ৪৪ । ৪৫ । ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অনন্তর সোম বিবিধ বিনয় বাক্যে দক্ষকে প্রসন্ন করিয়া কেবলমাত্র কলা লাভ করিলেন, সন্তান সন্ততি লব্ধ হইল না, ঐ সকল কলা কৃষ্ণপক্ষে ক্ষয় প্রাপ্ত হয়। হে রাজন্! কশ্যপ প্রজাপতির যে সকল পত্নী, যাহা দিগের গর্ব্ভে এই সমস্ত জগৎ প্রসূত হয়, তাঁহারাই লোক সকলের জননী এবং তাহাদের নাম কীর্ত্তন করিলে মঙ্গল লাভ হয়,অতএব আমি তোমার নিকট তাঁহাদের নাম কীর্ত্তন করিতেছি শ্রবণ কর। আদিতি, দিতি, দনু, কষ্ঠা, অরিষ্টা, সুরসা, ইলা, মুনি, ক্রোধবশা, তাম্রা, সুরভি, সরমা এবং তিমি, এই সকল কশ্যপ প্রজাপতির পত্নী ॥ ১৯ ॥

ইহাদের মধ্যে তিমি হইতে যাদোগণ অর্থাৎ জলজন্তু সকল উৎপন্ন হয়। সরমার পুত্র শ্বাপদ সকল অর্থাৎ সিংহ, ব্যাঘ্র, প্রভৃতি হিংস্র জন্তুগণ, সুরভির সন্তান মহিষ গো এবং দ্বিশফ [দুই খুর] বিশিষ্ট অন্যান্য পশু, তাম্রার পুত্র শেন, গৃধ্র, ইত্যাদি বিহঙ্গগণ। মুনির সন্তান অপ্সরা সকল। ক্রোধ বশার আত্মজ দন্দশূক ও সর্প প্রভৃতি ॥ ২০ ॥

অপর ইলার গর্ব্ভোৎপন্ন যাবন্ত ভূরুহ [বৃক্ষ লতাদি] সুরসার সন্তান রাক্ষস প্রভৃতি। অরিষ্টার পুত্র গন্ধর্ব্বগণ। কাষ্ঠার পুত্র এক খুর বিশিষ্ট পশু সকল ॥ ২১ ॥

হে রাজন্! কশ্যপ প্রজাপতির দনুনাম্নী পত্নীর গর্ব্ভে এক ষষ্টি সন্তান উৎপন্ন হয়। তন্মধ্যে অষ্টাদশ পুত্র প্রধান, তাহাদের নাম যথা—দ্বিমূর্দ্ধা, সম্বর, অরিষ্ট, হয়গ্রীব, বিভাবসু, অয়োমুখ, শঙ্কুশিরা, স্বর্ভানু, কপিল, পুলোমা, বৃষপর্ব্বা, একচক্র, অনুতাপন, ধূম্রকেশ, বিরূপাক্ষ, বিপ্রচিত্তি ও দুর্জয়।

Dr. Urmila Sharma Collection, Varanasi

বৃষপর্ব্বণস্তু শর্ম্মিষ্ঠাং যযাতি র্নাহুষো বলী ॥ ২২ ॥
বৈশ্বানরসুতায়াশ্চ চতস্রশ্চারু দর্শনাঃ। উপদানবী হয়শিরা পুলোমা কালকা তথা।
উপদানবীং হিরণ্যাক্ষঃ ক্রতুর্হয়শিরাং নৃপ ॥ ২৩ ॥
পুলোমাং কালকাং চ দ্বে বৈশ্বানরসুতেতু কঃ। উপযেমেথ ভগবান্ কশ্যপো ব্রহ্মচোদিতঃ ॥ ২৪
পৌলোমাঃ কালকেয়াশ্চ দানবা যুদ্ধশালিনঃ। তয়োঃ ষষ্টি সহস্রাণি যজ্ঞঘ্নাংস্তে পিতুঃ পিতা।
জঘান স্বর্গতো রাজন্নেক ইন্দ্র প্রিয়ঙ্করঃ ॥ ২৫ ॥
বিপ্রচিত্তিঃ সিংহিকায়াং শতঞ্চৈকমজীজনৎ। রাহুজ্যেষ্ঠং কেতুশতং গ্রহত্বং য উপাগতাঃ।
অথাতঃ শ্রূয়তাং বংশো যোঽদিতেরনুপূর্ব্বশঃ। যত্র নারায়ণোদেবঃ স্বাংশেনাবতরদ্বিভুঃ।

শ্রীধরস্বামী।

বৈশ্বানরো দনোঃ পুত্রস্তস্য সুতাঃ ॥ ২৩ ॥
কঃ প্রজাপতিঃ কশ্যপঃ উপযেমে দানবী পরিণয়ে হেতুঃ ব্রহ্মণা চোদিত ইতি ॥ ২৪ ॥
তয়োঃ ষষ্টি সহস্রাণি নিবাতকবচাঃ পুত্রা জাতাঃ তাংশ্চ স্বর্গং গতঃ সন্ তে পিতামহোর্জ্জুনঃ জঘান ॥ ২৫ ॥
রাহুর্জ্যেষ্ঠো যস্য ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বৈশ্বানরোদনোঃ পুত্রস্তস্য সুতাঃ ॥ ২৩ ॥
দানবী পরিণয়ে হেতুর্ব্রহ্মণা চোদিত ইতি ॥ ২৪ ॥
তয়োঃ ষষ্টি সহস্রাণি নিবাতকবচা জাতাঃ। তাংশ্চ স্বর্গং গতঃ সন্ তব পিতামহোঽর্জ্জুনো জঘান ॥ ২৫। ২৬। ২৭ ॥

হে রাজন্! উল্লিখিত দানবগণ মধ্যে স্বর্ভানুর সুপ্রভা নামে যে এক কন্যা হয় নমুচি তাহার পাণি গ্রহণ করে। অপর বৃষপর্ব্বার শর্ম্মিষ্ঠা নামে যে এক কন্যা হয় নহুষপুত্র বলী যযাতি তাঁহাকে যথা বিধি বিবাহ করিয়াছিলেন ॥ ২২ ॥

হে ভারত! দনুর পুত্র যে বৈশ্বানর তাহার চারিটী চারুদর্শনা কন্যা হয়, তাহাদের নাম বলি শ্রবণ কর। উপদানবী, হয়শিরা, পুলোমা এবং কালকা। তন্মধ্যে উপদানবীকে হিরণ্যাক্ষ বিবাহ করে এবং হয়শিরা ক্রতুর পত্নী হয় ॥ ২৩ ॥

আর পুলোমা ও কালকা এই দুইটী দানবকন্যা হইলেও প্রজাপতি কশ্যপ ব্রহ্মার অনুরোধে বিবাহ করিয়াছিলেন ॥ ২৪ ॥

তাহাদের গর্ভে নিবাত কবচ প্রভৃতি ষষ্টি সহস্র সন্তান হয়, সেই সকল পুত্র পৌলোম ও কালকেয় নামে প্রসিদ্ধ হইয়াছিল এবং উহারা অত্যন্ত বীর্য্যশালী হওয়াতে সর্ব্বদা যুদ্ধ বিগ্রহেই ব্যাপৃত থাকিত, অপর ঋষি মুনি প্রভৃতির যাগ যজ্ঞে সতত ব্যাঘাত করিত, অতএব তোমার পিতামহ অর্জ্জুন স্বর্গে গমন করিয়া একাকী ঐ সকল দানবকে নিহত করেন। হে রাজন্! ঐ কর্ম্ম দ্বারা তোমার পিতামহ দেবরাজের অতিশয় প্রিয়পাত্র হইয়াছিলেন ॥ ২৫ ॥

মহারাজ! বিপ্রচিত্তি দানবের ভার্য্যা সিংহিকা, তাহার গর্ভে একশত এক সন্তান উৎপন্ন হয়, তাহাদের মধ্যে জ্যেষ্ঠ রাহু, তদ্ভিন্ন একশত কেতু। তাহারা সকলেই গ্রহত্ব প্রাপ্ত হইয়াছে। অতঃপর অদিতির বংশ বর্ণন করি আনুপূর্ব্বিক শ্রবণ কর। ঐ বংশে ভগবান্ নারায়ণ আপনার অংশে স্বয়ং

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিবস্বানর্য্যমা পূষা ত্বষ্টাথ সবিতাভগঃ। ধাতা বিধাতা বরুণো মিত্রঃ শক্র উরুক্রমঃ ॥ ২৬ ॥
বিবস্বতঃ শ্রাদ্ধদেবং সংজ্ঞাসূয়ত বৈ মনুং। মিথুনঞ্চ মহাভাগা যমং দেবং যমীং তথা ॥ ২৭ ॥
সৈব ভূত্বাথ বড়বা নাসত্যৌ সুসুবে ভুবি। ছায়া শনৈশ্চরং লেভে সাবর্ণিঞ্চ মনুন্ততঃ।
কন্যাঞ্চ তপতিং যা বৈ বব্রে সম্বরণং পতিং ॥ ২৮ ॥
অর্য্যম্নো মাতৃকা পত্নী তয়োশ্চর্ষণয়োঃ সুতাঃ। যত্র বৈ মানুষী জাতি র্ব্রহ্মণা চোপকল্পিতা ॥২৯
পূষাঽনপত্যঃ পিষ্টাদো ভগ্নদন্তোঽভবৎ পুরা। যোঽসৌ দক্ষায় কুপিতং জহাস বিবৃতদ্বিজঃ।
ত্বষ্টু র্দৈত্যাত্মজা ভার্য্যা রচনা নাম কন্যকা। সন্নিবেশ স্তয়োর্জজ্ঞে বিশ্বরূপশ্চ বীর্য্যবান্ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

অসূয়ত অজনয়ৎ ॥ ২৭ ॥ ভুবি বর্ত্তমানা ততোবিবস্বতঃ ॥ ২৮ ॥
চর্ষণয়ঃ কৃতাকৃত জ্ঞানবন্তঃ। পশ্যন্তি কর্ম্মত্বেন নির্দ্দিষ্টাদাবুক্তেঃ। যত্র যেষু আত্মানুসন্ধান বিশেষেণ মানুষী জাতিশ্চোপ কল্পিতা। তথাচ শ্রুতিঃ। পুরুষত্বে চাবিস্তরামাত্মেতি ॥ ২৯ ॥
কুপিতং হরমিতি শেষঃ। বিবৃতদ্বিজঃ প্রকটিত দন্তঃ সন্ ॥ ৩০ ॥

ক্রমসন্দর্ভঃ।

পুরা পূর্ব্ব জন্মনি ॥ ৩০ । ৩১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নাসত্যাবশ্বিনীকুমারৌ ॥ ২৮ ॥
তয়োরর্য্যমমাতৃকয়োঃ চর্ষণয়ঃ কৃতাকৃত জ্ঞানবন্তঃ। যত্র যেষু আত্মানুসন্ধান বিশেষবৎসু মানুষী জাতিশ্চোপকল্পিতা। তথাচ শ্রুতিঃ পুরুষত্বেচাবিস্তারামাত্মেতি ॥ ২৯ ॥
কুপিতং রুদ্রমিতি শেষঃ। বিবৃতদ্বিজঃ প্রকটিত দন্তঃ ॥
দৈত্যাত্মজা রচনা নাম কন্যা ত্বষ্টুর্ভার্য্যা। তয়োস্তাভ্যাং ॥ ৩০ ॥

অবতীর্ণ হইয়াছিলেন। হে রাজন্! বিবস্বান্, অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বরুণ, মিত্র, শুক্র এবং উরুক্রম, এই কয়টী অদিতির পুত্র ॥ ২৬ ॥

তন্মধ্যে বিবস্বান্ হইতে সংজ্ঞা শ্রাদ্ধদেব নামে মনুকে প্রসব করেন, আর ভাগ্যবতী যামী যম ও যমুনা এই দুইটী পুত্র কন্যা উৎপন্ন করিয়াছিলেন ॥ ২৭ ॥

হে রাজন্! ঐ যামীই বড়বা হইয়া অর্থাৎ ঘোটকী রূপ ধারণ করত অবনীতলে চরিতে চরিতে অশ্বিনী কুমারদ্বয়কে প্রসব করেন। অপর ছায়া ঐ বিবস্বান্ হইতে শনৈশ্চর ও সাবর্ণি মনু এই দুই পুত্র এবং তপতী নামে এক কন্যা প্রসব করেন, ঐ কন্যাই সম্বরণকে পতি রূপে লাভ করিয়াছিলেন ॥ ২৮ ॥

হে কুরুবর! অর্য্যমার পত্নী মাতৃকা, ঐ দম্পতী হইতে বহু বহু জ্ঞানবান্ পুত্র উৎপন্ন হয়, সেই সকল তনয় গণ মধ্যে আত্মানুসন্ধান বিশেষ দ্বারা ভগবান্ ব্রহ্মা মনুষ্য জাতি কল্পনা করিয়াছিলেন ॥ ২৯

পূষার সন্তান হয় নাই, তিনি অনপত্য ও অদন্ত, পিষ্ট দ্রব্য ভক্ষণ করিয়া থাকেন। পূর্ব্বে দক্ষের প্রতি কুপিত ভগবান্ হরকে দর্শন করিয়া আপনার দন্ত প্রকটন পূর্ব্বক উচ্চস্বরে হাস্য করিয়াছিলেন, এই কারণে তাঁহার দন্ত সকল ভগ্ন হইয়া যায়। হে রাজন্! ত্বষ্টা প্রজাপতির ভার্য্যা রচনা, তিনি দৈত্যকন্যা, তাঁহার গর্ব্ভে ঐ প্রজাপতির ঔরসে সন্নিবেশ ও বিশ্বরূপের জন্ম হয় ॥ ৩০ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তং বব্রিরে সুরগণাঃ স্বস্রীয়ং দ্বিষতামপি। বিমতেন পরিত্যক্তা গুরুণাঙ্গিরসেন যৎ ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে দক্ষকন্যা বংশঃ ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

যস্য হেতোঃ পরিত্যক্তা আচার্য্যেণাত্মনঃ সুরাঃ। এতদাচক্ষ্ব ভগবন্ শিষ্যাণামক্রমং গুরৌ ॥ ১ ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইন্দ্রস্ত্রিভুবনৈশ্বর্য্যমদোল্লঙ্ঘিত সৎপথঃ। মরুদ্ভির্ব্বসুভীরুদ্রৈরাদিত্যৈ ঋর্ভুভির্নৃপ।

বিশ্বেদেবৈশ্চ সাধ্যৈশ্চ নাসত্যাভ্যাং পরিশ্রিতঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

যদ্যদা বিমতেন অবজ্ঞাতেন বৃহস্পতিনা পরিত্যক্তা সুদা দ্বিষতাং শক্রূনাং ভাগিনেয়মপি বিশ্বরূপং পৌরহিত্যে বৃতবন্তঃ ॥ ৩১

॥ * ॥ ইতি ষষ্ঠে ষষ্ঠঃ ॥ * ॥

সপ্তমে বিশ্বরূপোঽসৌ পৌরহিত্যে বৃতঃ সুরৈঃ। গুরুণা সংপরিত্যক্তৈঃ পৌরহিত্যমথাকরোৎ ॥ ০ ॥

যস্ত হেতোঃ কস্মাদ্ধেতোঃ আত্মনঃ শিষ্যাঃ সুরাঃ পরিত্যক্তাঃ অক্রমমপরাধঃ ॥ ১ ॥

স ইন্দ্রো যদা সংপ্রাপ্তং বাচস্পতিং নাভ্যনন্দত নাদৃতবান্ তদা আঙ্গিরসঃ ততো নির্গত্য তূষ্ণীং স্বগৃহ মাযযাবিতাষ্টা-নামন্বয়ঃ। অনাদরে হেতুং মদং দর্শয়িতুং তং বিশিনষ্টি। ত্রিভুবনৈশ্বর্য্য মদেনোল্লঙ্ঘিতঃ সতাং পন্থা যেন সঃ। পরিশ্রিতঃ পরিবৃতঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে ষষ্ঠোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

ইন্দ্র ইতি সার্দ্ধ সপ্তকং ॥ ১। ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১। ১২। ১৩। ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যৎ যদা বিমতেন অবজ্ঞাতেন। বৃহস্পতিনা ত্যক্তা সুদাগত্যন্তরাভাবাৎ দ্বিষতাং দৈত্যানাং দৌহিত্রমপি পৌরোহিত্যেন বব্রিরে ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্কন্ধস্য ষষ্ঠোঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

সপ্তমে গুরুণা ত্যক্তৈ র্দৈবৈর্দৈত্যপরাজিতৈঃ। বিশ্বরূপো গুরুত্বেন বৃতো ব্রহ্মোপদেশতঃ ॥ ০ ॥

আত্মনঃ শিষ্যাঃ সুরাঃ ॥ ১ ॥ ইন্দ্রো যদা সংপ্রাপ্তং বাচস্পতিং নাভ্যনন্দৎ তথা স স্বগৃহমাযযাবিত্যষ্টানামন্বয়ঃ ॥ ২ ॥

যদিও বিশ্বরূপ শত্রু কুলের দৌহিত্র, তথাপি দেবগণ যখন অবজ্ঞাত বৃহস্পতি কর্ত্তৃক পরিত্যক্ত হন, তখন তাঁহাকে পৌরহিত্যে বরণ করিয়াছিলেন ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে ষষ্ঠাধ্যায় ॥ * ॥

সপ্তমাধ্যায়ে দেবগুরু বৃহস্পতি কর্ত্তৃক পরিত্যক্ত অমরগণ দ্বারা বৃত হইয়া বিশ্বরূপের পৌরহিত্য করণ ॥ ০ ॥

রাজা পরিক্ষীৎ জিজ্ঞাসা করিলেন ভগবন্! দেবগণ বৃহস্পতির নিজের শিষ্য, তাঁহাদিগকে দেবগুরু কি কারণে পরিত্যাগ করেন? বৃহস্পতির শিষ্যগণ কি অপরাধ করিয়াছিলেন বর্ণন করুন ॥ ১

শুকদেব কহিলেন হে রাজন্! দেবরাজ ইন্দ্র একদা ত্রিভুবনের ঐশ্বর্য্য লাভে মদোন্মত্ত হইয়া সৎপথ অতিক্রমণ পূর্ব্বক মরুদগণ, বসুগণ, আদিত্যগণ, ঋভুগণ, বিশ্বেদেবগণ, সাধ্যগণ এবং অশ্বিনী কুমারদ্বয়ে পরিবৃত হইয়া অধ্যাসীন আছেন ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সিদ্ধচারণ গন্ধর্ব্বৈর্মুনিভির্ব্রহ্মবাদিভিঃ। বিদ্যাধরাপ্সরোভিশ্চ কিন্নরৈঃ পতগোরগৈঃ।
নিষেব্যমাণো মঘবান্ স্তূয়মানশ্চ ভারত। উপগীয়মানোললিতমাস্থানাধ্যাসনাশ্রিতঃ॥ ৩॥
পাণ্ডুরেণাতপত্রেণ চন্দ্রমণ্ডলচারুণা। যুক্তশ্চান্যৈঃ পারমেষ্ঠ্যৈশ্চামর ব্যজনাদিভিঃ।
বিরাজমানঃ পৌলম্যা সহার্দ্ধাসনয়া ভৃশং॥ ৪॥
স যদা পরমাচার্য্যং দেবানামাত্মনশ্চ হ। নাভ্যনন্দত সংপ্রাপ্তং প্রত্যুত্থানাসনাদিভিঃ।
বাচস্পতিং মুনিবরং সুরাসুর নমস্কৃতং। নোচ্চচালাসনাদিন্দ্রঃ পশ্যন্নপি সভাগতং॥ ৫॥
ততো নির্গত্য সহসা কবিরাঙ্গিরসঃ প্রভুঃ। আযযৌ স্বগৃহং তূষ্ণীংবিদ্বান্ শ্রীমদবিক্রিয়াং॥ ৬॥

শ্রীধরস্বামী।

আস্থানং সভা তস্মিন্নধ্যাসনং সিংহাসনং তদাশ্রিতঃ॥ ৩॥
পারমেষ্ঠ্যৈর্মহারাজ চিহ্নৈঃ আসনস্যার্দ্ধে স্থিতয়া পৌলম্যা সহ বিরাজমানঃ সন্॥ ৪॥
প্রত্যুত্থানাদিনা নাভ্যনন্দৎ। নচোচ্চলাল আসন এব স্থিতোপি কিঞ্চিন্ন চলিতবান্॥ ৫॥
শ্রীমদেন যা বিক্রিয়া তাং বিদ্বান্ জানন্॥ ৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আস্থানং সভা তস্মিন্নধ্যাসনং সিংহাসনমাশ্রিতঃ॥ ৩॥
পারমেষ্ঠ্যৈর্মহারাজচিহ্নৈঃ। পৌলোম্যা শচ্যা। অর্দ্ধমাসনমেবাসনং যস্যা তয়া সহ মৃগলোচনেতি বদাসন পদস্য বৃত্তাবন্তর্ভাবঃ॥ ৪॥
আচার্য্যং বৃহস্পতিং॥
অপ্রত্যুত্থানমেব স্পষ্টয়তি। বাচস্পতিমিতি। আসনাৎ আসনমারুহ্য স্থিতোপি কিমপি ন উচ্চচাল। ন পস্পন্দে॥ ৫॥
ততঃ সভাতঃ কবিঃ এবং ভবিষ্যতীতি ভাবিকার্য্যবিজ্ঞঃ। প্রভুঃ শাস্তা সমর্থঃ। বিদ্যান্ গুর্ব্ববমান হেতুত্বেন জানন্॥ ৬

সভামধ্যস্থ সিংহাসনের সমীপে, সিদ্ধ, চারণ, গন্ধর্ব্ব, ব্রহ্মবাদি মুনি, বিদ্যাধর, অপ্সরা, কিন্নর, পতঙ্গ এবং উরগ প্রভৃতি সেবা ও স্তব করিতেছে, গন্ধর্ব্বগণ সন্তোষোৎপাদনার্থ সুললিত স্বরে গীত গাইতেছে॥ ৩॥

অপর মস্তকে চন্দ্রমণ্ডল তুল্য সুচারু ছত্র এবং দুই পার্শ্বে চামর ব্যজন ইত্যাদি মহারাজ চিহ্ন সকল শোভা পাইতেছে। ঐ সকলে যুক্ত হইয়া দেবরাজ আপনার আসনার্দ্ধে স্বীয় প্রেয়সী শচীকে বসাইয়া তাঁহার সহিত বিরাজ করিতেছেন॥ ৪॥

এমত সময়ে দেবতাদের ও দেবরাজের গুরু বৃহস্পতি, যিনি একজন প্রধান মুনি, সুর অসুর সকলেই যাঁহাকে নমস্কার করে, তিনি সভার মধ্যে আসিয়া উপস্থিত হইলেন। ইন্দ্র আপনার ও অমরগণের পরম আচার্য্য ঐ মুনিকে সমাগত দেখিয়াও প্রত্যুত্থান অথবা আসন দান দ্বারা সম্মান করিলেন না এবং আপনার আসনে থাকিয়াও গৌরব প্রদর্শনার্থ কিঞ্চিৎ চলিত হইলেন না॥ ৫॥

মহারাজ! দেবরাজের এই ব্যবহার অবলোকন করিয়া দেবগুরু তাঁহার ঐশ্বর্য্য মদ বিবেচনা করিয়া তৎক্ষণাৎ সভা হইতে বহির্গত হইলেন এবং কাহাকেও কিছু না বলিয়া তূষ্ণীম্ভাবে আপনার গৃহাভিমুখে প্রস্থান করিলেন॥ ৬॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তহ্যে'ব প্রতি বুদ্ধ্যেন্দ্রো গুরুহেলনমাত্মনঃ। গর্হয়ামাস সদসি স্বয়মাত্মানমাত্মনা ॥ ৭ ॥
অহো বত ময়া সাধু কৃতং বৈদভ্রবুদ্ধিনা। যন্ময়ৈশ্বর্য্যমত্তেন গুরুঃ সদসি কাৎকৃতঃ ॥ ৮ ॥
কোগৃধ্যেৎ পণ্ডিতো লক্ষ্মীং ত্রিপিষ্টপপতেরপি। যয়াহমাসুরং ভাবং নীতোঽদ্য বিবুধেশ্বরঃ ॥ ৯
যো পারমেষ্ঠ্যং ধিষণমধিতিষ্ঠন্নকঞ্চন। প্রত্যুত্তিষ্ঠেদিতি ক্রয়ুর্ধর্ম্মং তে ন পরং বিদুঃ ॥ ১০ ॥
তেষাং কুপথদেষ্টৄণাং পততাং তমসি হ্যধঃ। যে শ্রদ্দধ্যুর্বচস্তে বৈ মজ্জন্ত্যশ্মপ্লবা ইব ॥ ১১ ॥
অথাহমমরাচার্য্যমগাধধিষণং দ্বিজং। প্রসাদয়িষ্যে নিশঠঃ শীর্ষ্ণা তচ্চরণং স্পৃশন্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

প্রতিবুধ্য অনুস্মৃত্য ॥ ৭ ॥
ময়া কৃতং কর্ম্ম অহো অসাধু যদযস্মাৎ দভ্র বুদ্ধিনা অল্প মতিনা ময়া কাৎ কৃতঃ তিরস্কৃতঃ ॥ ৮ ॥
বিবুধানাং সাত্ত্বিকানাং দেবানামীশ্বরোপ্যহং ॥ ৯ ॥
নমু সিংহাসনস্থো রাজা প্রত্যুত্থানং ন কুর্য্যাদিতি বৃদ্ধা বদন্তি তত্রাহ য ইতি দ্বাভ্যাং। ধিষণমাসনং ॥ ১০ ॥
কুপথং দিশন্তি উপদিশন্তীতি কুপথদেষ্টারঃ তেষাং বচঃ অশ্মময়ঃ প্লবোযেষাং তে যথা মজ্জন্তং প্লবমনু মজ্জন্তি তদ্বৎ ॥ ১১ ॥
অগাধা গম্ভীরা ধিষণা যস্য তং। নিশঠঃ শাঠ্যহীনঃ সন্ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রতিবুদ্ধ্য শ্রীমদমদিরা নিদ্রান্ত ইত্যর্থঃ ॥ ৭ ॥
কাৎকৃতঃ তিরস্কৃতঃ ॥ ৮ ॥
স্বসম্পত্তিমেব তিরস্কার হেতুত্বেন জ্ঞাত্বা নিন্দতি কোগৃধ্যেৎ বাঞ্ছেৎ ॥ ৯ ॥
নমু সিংহাসনস্থো রাজা কমপি নাভ্যুত্তিষ্ঠেদিতি নীতিশাস্ত্রজ্ঞা আহুঃ। সত্যং তে ভ্রান্তা এবেত্যাহ যে ইতি। পারমেষ্ঠ্যং ধিষণং পরমেষ্ঠিনোপ্যাসনং ॥ ১০ ॥
অশ্মময়ঃ প্লবোযেষাং। তে যথা মজ্জন্তং প্লবমনুমজ্জন্তি তথেতি রাজনীত্যুপদেষ্টৃষু স্বসভ্যেষু কোপো ব্যঞ্জিতঃ ॥ ১১ ॥
তস্মাদস্যাং বিপত্তৌ কঃ খলূপায়ঃ ক্ষণং বিমৃশ্য স্বয়মেবাহ অথাহমিতি। নিশঠঃ শাঠ্যহীনঃ সন্ ॥ ১২ ॥

হে রাজন্! অমরাচার্য্য নির্গত হইয়া আসিবামাত্র তখনই দেবরাজের চৈতন্য হইল। গুরুকে অবহেলা করিয়াছেন তাহা স্মরণ করিয়া সভার মধ্যে আপনিই আপনাকে নিন্দা করিতে লাগিলেন ॥ ৭
ইন্দ্র কহিলেন আমি যে কর্ম্ম করিলাম তাহা অতিশয় অসাধু। কি খেদের বিষয়! আমি কি অল্প বুদ্ধি! আমাদের গুরু সভায় আসিয়াছিলেন, আমি ঐশ্বর্য্য মদে মত্ত হইয়া তাঁহার সৎকার না করিয়া তিরস্কার করিলাম? ॥ ৮ ॥
আমার ঐশ্বর্য্য সম্পত্তিকে ধিক্! অতঃপর কোন্ বিজ্ঞ ব্যক্তি স্বর্গাধিপতির লক্ষ্মীতে ক্ষোভ করিবে? আমি সাত্ত্বিক দেবগণের ঈশ্বর, আমাকেও এই লক্ষ্মী এবম্বিধ আসুর ভাব প্রাপ্ত করাইল! ॥ ৯ ॥
যে সকল বৃদ্ধগণ বলিয়া থাকেন রাজাসনে অধ্যাসীন হইয়া কোন ব্যক্তি কাহারও প্রত্যুত্থান করিবেন না, আমি নিশ্চয় বলিতে পারি তাঁহারা উৎকৃষ্ট ধর্ম্ম কি, তাহা অবগত নহেন ॥ ১০ ॥
ঐ সকল ব্যক্তি কুৎসিৎ পথের উপদেশক, তাঁহারা স্বয়ং অধঃপাতে গিয়াছেন। যাঁহারা তাঁহাদের বাক্যে বিশ্বাস করে তাহারা পাষাণময় তরীযোগে তরণেচ্ছু লোকে যদ্রূপ তরণী মগ্ন হওনের পশ্চাৎ পশ্চাৎ আপনারাও মগ্ন হয় তাহার ন্যায়, অন্ধতমোতে নিমগ্ন হইবে সন্দেহ নাই ॥ ১১ ॥
যাহা হউক, এখন আমি শাঠ্য হীন হইয়া গুরুকে প্রসন্ন করিতে চেষ্টা করি, তিনি অমরগণের

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এবং চিন্তয়তস্তস্য মঘোনো ভগবান্ গৃহাৎ। বৃহস্পতির্গতো দৃশ্যাং গতিমধ্যাত্মমায়য়া ॥ ১৩ ॥
গুরোর্নাধিগতঃ সংজ্ঞাং পরীক্ষন্ ভগবান্ স্বরাট্। ধ্যায়ন্ ধিয়া সুরৈর্যুক্তঃ শর্ম্ম নালভতাত্মনঃ ॥ ১৪
তচ্ছ্রুত্বৈবাসুরাঃ সর্ব্বে আশ্রিত্যৌশনসং মতং। দেবান্ প্রত্যুদ্যমং চক্রুর্দুর্ম্মদা আততায়িনঃ ॥ ১৫
তৈর্বিসৃষ্টেষুভিস্তীক্ষ্ণৈর্নির্ভিন্নাঙ্গোরুবাহবঃ। ব্রহ্মাণং শরণং জগ্মুঃ সহেন্দ্রা নতকন্ধরাঃ।
তাংস্তথাভ্যর্দ্দিতান্ বীক্ষ্য ভগবানাত্মভূরজঃ। কৃপয়া পরয়া দেব উবাচ পরিসান্ত্বয়ন্ ॥ ১৬ ॥
শ্রীব্রহ্মোবাচ ॥
অহোবত সুরশ্রেষ্ঠা হ্যভদ্রং বঃ কৃতং মহৎ। ব্রহ্মিষ্ঠং ব্রাহ্মণং দান্তমৈশ্বর্য্যান্নাভ্যনন্দতঃ ॥ ১৭ ॥
তস্যায়মনয়স্যাসীৎ পরেভ্যোবঃ পরাভবঃ। প্রক্ষীণেভ্যঃ স্ববৈরিভ্যঃ সমৃদ্ধানাঞ্চ যৎসুরাঃ ॥ ১৮

শ্রীধরস্বামী।

অধিকয়া আত্মমায়য়া ॥ ১৩ ॥
গুরোঃ সংজ্ঞাং জ্ঞানোপায়ং পরীক্ষমাণোপি নাধিগতঃ অপ্রাপ্তঃ সন্ ॥ ১৪ ॥ আততায়িনঃ উদ্যতাস্ত্রাঃ ॥ ১৫ ॥
নির্ভিন্নান্যঙ্গানি উত্তমাঙ্গানি শিরাংসি উরবো বাহবশ্চ যেষাং ॥ ১৬ ॥
বো যুষ্মাকং কৃতং করণং মহদভদ্রং তদাহ ব্রহ্মিষ্ঠমিতি। নাভ্যনন্দত নাভিনন্দিতবন্তঃ ॥ ১৭ ॥
পরেভ্যঃ শত্রুভ্যোবঃ পরাভব ইতি যৎ। অয়ং তস্যানয়স্য অন্যায়স্য সম্বন্ধী ফলরূপ আসীৎ স্বয়মেব বৈরিণোহস্মারোযেষাং তেভ্যঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

চিন্তয়তঃ চিন্তয়ন্তমঘবন্তমনাদৃত্য। অধিকয়া আত্মনো মায়য়া ॥ ১৩ ॥
সংজ্ঞাং জ্ঞানোপায়ং পরীক্ষন্ পরিতঃ ঈক্ষমাণোপি নাধিগতঃ অপ্রাপ্তঃ সন্ ॥ ১৪। ১৫। ১৬। ১৭ ॥
পরেভ্যঃ অন্যেভ্যঃ সকাশাৎ কেভ্যঃ ॥ ১৮ ॥

আচার্য্য এবং ব্রাহ্মণ, তাঁহার বুদ্ধি অতি গম্ভীর, গিয়া মস্তক দ্বারা চরণে প্রণত হই ॥ ১২ ॥

হে রাজন্! ইন্দ্র এই প্রকারে অনুতাপ করিতেছেন, বৃহস্পতি অবগত হইয়া অতি শীঘ্র তাঁহার গৃহ হইতে নির্গমন পূর্ব্বক অদৃশ্যা গতি প্রাপ্ত হইলেন ॥ ১৩ ॥

অনন্তর অমরাধিপ অমরগণ সঙ্গে লইয়া অমরাচার্য্যের অন্বেষণ করিতে লাগিলেন, কিন্তু সর্ব্ব প্রকার উপায় দ্বারা সর্ব্বত্র নিরীক্ষণ করিয়াও তাঁহার অনুসন্ধান পাইলেন না, অতএব দেবতাদের সহিত সাতিশয় দুঃখিত হইলেন, কোন প্রকারে তাঁহার মনে স্বাস্থ্য বোধ হইল না ॥ ১৪ ॥

হে রাজন্! দেবরাজের এই প্রকার বিমর্ষের কথা শ্রবণ করিবামাত্র যাবন্ত অসুর আপনাদের গুরু শুক্রাচার্য্যের সম্মতি ক্রমে অস্ত্র শস্ত্র ধারণ পূর্ব্বক দেবতাদের সহিত যুদ্ধোদ্যম করিল ॥ ১৫ ॥

তাহাদের তীক্ষ্ণ তীক্ষ্ণ বাণ বর্ষণে দেবগণের মস্তক, বাহু এবং উরু সকল নির্ভিন্ন হইতে লাগিল, অতএব দেবতারা কাতর হইয়া দেবরাজের সহিত ব্রহ্মার নিকট গমন করিলেন এবং নত শিরা হইয়া শরণ প্রার্থনা করিলেন। ভগবান্ স্বয়ম্ভু অমর নিকরকে ঐ প্রকার কাতর হইয়া আসিতে দেখিয়া অতিশয় দয়ার্দ্র হইলেন এবং সকরুণ বচনে সান্ত্বনা করত কহিতে লাগিলেন ॥ ১৬ ॥

ব্রহ্মা কহিলেন অহে দেবশ্রেষ্ঠগণ! তোমরা অতিশয় গর্হিত কর্ম্ম করিয়াছ! দান্ত ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণকে যে সম্মান পূর্ব্বক অভ্যর্থনা কর নাই ॥ ১৭ ॥

সেই অন্যায়াচরণের ফল এই পরাভব, নচেৎ তোমরা সমৃদ্ধি শালী, তোমাদের বৈরিবর্গ আপনারাই

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মঘবন্ দ্বিষতঃ পশ্য প্রক্ষীণান্ গুর্ব্বতিক্রমাৎ। সম্প্রত্যুপচিতান্ ভূয়ঃ কাব্যমারাধ্য ভক্তিতঃ ॥ ১৯ ॥
আদদীরন্নিলয়নং মমাপি ভৃগুদেবতাঃ ॥ ২০ ॥
ত্রিপিষ্টপং কিং গণয়ন্ত্যভেদ্য মন্ত্রাভৃগূণামনুশিক্ষিতার্থাঃ।
ন বিপ্রগোবিন্দ গবীশ্বরাণাং ভবন্ত্যভদ্রাণি নরেশ্বরাণাং ॥ ২১ ॥
তদ্বিশ্বরূপং ভজতাশু বিপ্রং তপস্বিনং তাষ্ট্রমথাত্মবন্তং।
সভাজিতোর্থান্ স বিধাস্যতে বো যদি ক্ষমিষ্যধ্বমুতাস্য কর্ম্ম ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

গুরু তিরস্কার সৎকারাবেব অপচয়োপচয় কারণমিত্যসুরদৃষ্টান্তেনাহ মঘবন্নিতি। দ্বিষতঃ শত্রূন্ কাব্যং ভার্গবং গুরুমেবো-পসেব্য উপচিতান্ ॥ ১৯ ॥

উপচিতত্বমেবাহ আদদীরন্ গৃহ্নীয়ুঃ ॥ ২০ ॥

অভেদ্যা মন্ত্রা যেষাং অনুশিক্ষিতার্থাঃ শিষ্যাঃ। যতঃ বিপ্রা গোবিন্দো গাবশ্চ ঈশ্বরা অনুগ্রাহকাঃ যেষাং তেষামেবাভদ্রাণি ন ভবন্তি অন্যেষাং তু ভবন্তি ॥ ২১ ॥

তত্তস্মাদর্থানন্তরমেব ভজত। অস্য কর্ম্ম অসুর পক্ষপাতং ॥ ২২ ॥

ক্রমসন্দর্ভঃ।

ত্রিপিষ্টপমিতি অত্র গোবিন্দেতি দৃষ্টান্তেনোপন্যস্তঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

গুরুতিরস্কারসৎকারাবেব বিপৎ সংপদোঃ কারণমিত্যসুর দৃষ্টান্তেনৈবাহ। মঘবন্নিতি ॥ ১৯ ॥

অদ্যৈষাং তথাবলং দৃশ্যতে যথা মমাপি নিলয়নং সত্যলোকং আদদীরন্ তত্র হেতুঃ ভৃগুদেবতাঃ গুরুভক্তাঃ ॥ ২০ ॥

অত্র সাম দান দণ্ডা উপায়াঃ ন সম্ভবন্তো দৃশ্যতে। ভেদোপ্যশক্য ইত্যাহ ন ভেদাঃ মন্ত্রোমন্ত্রণা যেষাং তে সর্ব্বত্র হেতুঃ। ভৃগূণাং শুক্রাচার্য্যাণাং অনুশিক্ষিতমেব অর্থঃ পুরুষার্থত্বেনোপাদেয়ো যেষাং তে নন্থ তর্হি কিং বয়ং মরিষ্যাম এবেতি তত্র সাশ্বাস মাহ। ন বিপ্রেতি বিপ্রা গোবিন্দো গাব ঈশ্বরা অনুগ্রাহকা যেষাং তেষাং ॥ ২১ ॥

তত্তস্মাৎ অয়মেব সংপ্রত্যুপায় ইত্যাহ। বিশ্বরূপং গুরুত্বেন ভজত। যদ্যস্য বিশ্বরূপস্য কর্ম্ম অসুরপক্ষপাতং ॥ ২২ ॥

আপনাদের বৈরী অর্থাৎ হন্তা হইয়া ক্ষীণ হইতেছিল, তাহারা কি তোমাদের উপর আবার এ প্রকার প্রগল্ভ হইয়া উঠিতে পারিত ? ॥ ১৮ ॥

অহে দেবরাজ! গুরুর তিরস্কার ও সৎকারই ক্ষয় বৃদ্ধির কারণ, তাহার দৃষ্টান্ত দেখ, তোমাদের বিদ্বেষী অসুরগণ আচার্য্যের অতিক্রম করিয়া একেবারে ক্ষীণ হইয়াছিল, এক্ষণে ভক্তি পূর্ব্বক আপনা-দের আচার্য্যের আরাধনা করাতে পুনরায় কেমন বৃদ্ধিশীল হইয়া উঠিয়াছে ॥ ১৯ ॥

শুক্রাচার্য্যের প্রতি অতিশয় গুরুভক্তি করাতে এখন তাহাদের এমত প্রভাব যে আমারও বাসস্থান বলে হরণ করিয়া লইল ॥ ২০ ॥

হে দেবরাজ! শুক্র শিষ্য অসুরগণ এক্ষণে অভেদ্য মন্ত্র, না হইবে কেন ? গো, ব্রাহ্মণ, এবং ভগবান্ গোবিন্দ ইহাঁরা যে সকল নরেশ্বরের প্রতি অনুগ্রাহক তাহাদের কখন অভদ্র হয় না, তদ্ভিন্ন ব্যক্তিদের পদে পদে অমঙ্গল ॥ ২১ ॥

সে যাহা হউক, এক্ষণে তোমরা এক কর্ম্ম কর। ত্বষ্টৃ তনয় বিশ্বরূপ ব্রাহ্মণের সন্নিধানে গমন করিয়া তাঁহার উপাসনায় প্রবৃত্ত হও। তিনি জিতেন্দ্রিয় এবং তপস্বী, পূজিত হইলে অবশ্য তোমা-দের অভীষ্ট অর্থ বিধান করিবেন, যদি তোমরা তাঁহার অসুর পক্ষপাত ক্ষমা কর ॥ ২২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

শ্রীশুক উবাচ ॥

ত এব মুদিতা রাজন্ ব্রহ্মণা বিগতজ্বরাঃ। ঋষিং ত্বাষ্ট্রমুপব্রজ্য পরিষ্বজ্যেদমব্রুবন্।

শ্রীদেবা ঊচুঃ ॥

বয়ং তে তিথয়ঃ প্রাপ্তা আশ্রমং ভদ্রমস্তু তে। কামঃ সম্পাদ্যতাং তাত পিতৄণাং সময়োচিতঃ।

পুত্রাণাং হি পরোধর্ম্মঃ পিতৃশুশ্রূষণং সতাং। অপি পুত্রবতাং ব্রহ্মন্ কিমুত ব্রহ্মচারিণাং ॥ ২৩ ॥

আচার্য্যো ব্রহ্মণোমূর্ত্তিঃ পিতা মূর্ত্তিঃ প্রজাপতেঃ। ভ্রাতা মরুৎপতে র্মূর্ত্তি র্মাতা সাক্ষাৎ ক্ষিতেস্তনুঃ ॥ ২৪

দয়ায়া ভগিনীমূর্ত্তির্ধর্ম্মস্যাত্মাঽতিথিঃ স্বয়ং। অগ্নেরভ্যাগতো মূর্ত্তিঃ সর্ব্বভূতানি চাত্মনঃ ॥ ২৫ ॥

তস্মাৎ পিতৄণামার্ত্তানামার্ত্তিং পরপরাভবং। তপসাপনয়ংস্তাত সন্দেশং কর্ত্তুমর্হসি ॥ ২৬ ॥

বৃণীমহে ত্বোপাধ্যায়ং ব্রহ্মিষ্ঠং ব্রাহ্মণং গুরুং। যথাঽঞ্জসা বিজেষ্যামঃ সপত্নাংস্তব তেজসা ॥ ২৭

শ্রীধরস্বামী।

উদিতা উক্তাঃ ॥ ২৩ ॥

অতিথীনাং পিতৄণাঞ্চ প্রশংসার্থমাহুঃ। আচার্য্যঃ উপনীয় বেদাধ্যাপকঃ ব্রহ্মণো বেদস্য মূর্ত্তিঃ ॥ ২৪ ॥

ধর্ম্মস্যাত্মা মূর্ত্তিঃ অতিথিঃ স্বয়ং সাক্ষাৎ আত্মনঃ শ্রীবিষ্ণোঃ। যদ্বা আত্মনঃ স্বস্য। সর্ব্বভূতেষাত্ম দৃষ্টিঃ কর্ত্তব্যেত্যর্থঃ ॥ ২৫ ॥

পরেভ্যঃ পরাভব এবার্ত্তিস্তাং ॥ ২৬ ॥

সন্দেশমাহ বৃণীমহ ইতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আচার্য্যো বেদাধ্যাপকঃ। ব্রহ্মণো বেদস্য। মরুৎপতেরিন্দ্রস্য অতিথিস্তু ধর্ম্মস্যাত্মৈব মূর্ত্তিরিতি কিং বক্তব্যমিতি ভাবঃ। আত্মনঃ পরমেশ্বরস্য ॥ ২৪ । ২৫ ॥

নম্বলং ধর্ম্মোপদেশ স্তুতিভ্যাং বিবক্ষিতং। ব্রূতেত্যত আহুঃ তস্মাদিতি ॥ ২৬ ॥

ত্বা ত্বাং গুরুং গুরুত্বেন বৃণীমহে। প্রয়োজনমাহ যথেতি ॥ ২৭ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! ব্রহ্মা এই প্রকার উপদেশ করিলে অমরগণ ত্বষ্টৃতনয় দ্বিজবর বিশ্বরূপ ঋষি সমীপে গমন করিলেন এবং তাঁহাকে আলিঙ্গন করিয়া কহিতে লাগিলেন, আমরা অতিথি, তোমার আশ্রমে আসিয়া উপস্থিত হইলাম, তোমার মঙ্গল হউক। হে তাত! পিতৃগণের সময়োচিত কামনা পূর্ণ কর। হে বৎস! সৎ পুত্রদিগের পিতৃ শুশ্রূষাই পরম ধর্ম্ম। যে সকল পুত্র পুত্রবান্, তাহাদেরও পিতৃসেবা অবশ্য কর্ত্তব্য, ইহাতে ব্রহ্মচারিদিগের কথা কি? ॥ ২৩ ॥

হে বৎস! উপনয়ন করিয়া বেদ অধ্যয়ন করান্ যে আচার্য্য তিনি বেদের মূর্ত্তি, পিতা প্রজাপতির মূর্ত্তি, ভ্রাতা মরুৎপতি ইন্দ্রের মূর্ত্তি, মাতা সাক্ষাৎ পৃথিবীর তনু ॥ ২৪ ॥

ভগিনী দয়ার মূর্ত্তি, অতিথি স্বয়ং ধর্ম্মের মূর্ত্তি, অভ্যাগত ব্যক্তি অগ্নির মূর্ত্তি এবং প্রাণিমাত্রই পরমেশ্বরের মূর্ত্তি অর্থাৎ সর্ব্ব প্রাণিতে আত্ম দৃষ্টি কর্ত্তব্য ॥ ২৫ ॥

অতএব হে তাত! আমরা তোমার পিতৃগণ, বিপক্ষ পক্ষের উৎপাতে অতিশয় আর্ত্ত হইয়াছি, আমাদের বৈরি হইতে পরাভব রূপ আর্ত্তি তপস্যা দ্বারা নিবারণ করিয়া অস্মদাদির আদেশ পালন করিতে যোগ্য হও ॥ ২৬ ॥

হে পুত্র! তুমি ব্রহ্মনিষ্ঠ ব্রাহ্মণ, অতএব গুরু, আমরা তোমাকে উপাধ্যায় রূপে বরণ করিতে বাসনা করি, কারণ, তোমার তেজঃ দ্বারা অনায়াসে বৈরিকুলকে পরাজয় করিতে সমর্থ হইব ॥ ২৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ন গর্হয়ন্তি হ্যর্থেষু যবিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনং। ছন্দোভ্যোঽন্যত্র ন ব্রহ্মন্ বয়ো জ্যৈষ্ঠস্য কারণং।

শ্রীঋষিরুবাচ॥

অভ্যর্থিতঃ সুরগণৈঃ পৌরহিত্যে মহাতপাঃ। স বিশ্বরূপস্তানাহ প্রসন্নঃ শ্লক্ষ্ণয়া গিরা॥ ২৮॥

শ্রীবিশ্বরূপ উবাচ॥

বিগর্হিতং ধর্ম্মশীলৈর্ব্রহ্মবর্চ্চ উপব্যয়ং॥ ২৯॥

কথং নু মদ্বিধো নাথা লোকেশৈরভিযাচিতং। প্রত্যাখ্যাস্যতি তচ্ছিষ্যঃ সএব স্বার্থ উচ্যতে॥ ৩০

শ্রীধরস্বামী।

ননূপাধ্যায়ত্বে কনিষ্ঠস্য মমাভিবন্দনং করিষ্যথ তচ্চ বিগর্হিতং তত্রাহুর্নেতি। অর্থেষু প্রয়োজন নিমিত্তং কনিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনং ন নিন্দন্তি। কিঞ্চ ছন্দোভ্যঃ মন্ত্রেভ্যোঽন্যত্র বয়োজ্যৈষ্ঠস্য কারণং নতু মন্ত্রেষু। অতোঽস্মভ্যংমন্ত্র দাতৃত্বেন ত্বমেব জ্যেষ্ঠো ভবিষ্যসি। যদ্বা ছন্দোভ্যোঽন্যত্র বেদান্ বিহায়। বয়এব জ্যৈষ্ঠস্য কারণং ন ভবতি কিন্তু বেদাএব কারণং। তৎসাম্যেতু বয়ঃ মন্ত্রজ্ঞত্বাৎ বেদজ্ঞত্বাচ্চ ত্বমেব জ্যেষ্ঠ ইত্যর্থঃ॥ ২৮॥

নিন্দিতমপীদং যুষ্মদাজ্ঞা ভঙ্গভয়েন করিষ্যামীত্যাহ সার্দ্ধেন। বিগর্হিতং পৌরহিত্যং ধর্ম্মশীলৈঃ অধর্ম্মহেতুত্বাৎ। কিঞ্চ ব্রহ্মবর্চ্চ উপব্যয়ং পূর্ব্বসিদ্ধস্য ব্রহ্মবর্চ্চসস্যচ ব্যয়করং॥ ২৯॥

প্রত্যাখ্যাতুং চ মাদৃশোনার্হতীতি আহ কথং ন্বিতি। তেষাং শিষ্যঃ শিক্ষণার্হঃ। স এব প্রত্যাখ্যানাভাব এব শিষ্যস্য স্বার্থ উচ্যতে॥ ৩০॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ননু মাং গুরুং কুরুথেতি চেৎ ভ্রাতুষ্পুত্রত্বেন কনিষ্ঠস্য কথং মমাভিবাদনং করিষ্যথেতি তত্রাহুঃ নেতি ছন্দোভ্যোঽন্যত্র অন্যেষু ব্যাবহারিক কৃত্যেষু যবিষ্ঠাঙ্ঘ্র্যভিবাদনং ন গর্হয়ন্তি ন অপিতু গর্হয়ন্ত্যেব। যতোবয়এব জ্যেষ্ঠত্বস্য কনিষ্ঠত্বস্য চ কারণং অধিক বয়স্থে জ্যেষ্ঠঃ। অল্পবয়স্থে কনিষ্ঠ ইতি। ছন্দস্সু বৈদিককৃত্যেষু নতু তত্র ছন্দোজ্ঞত্বমেব জ্যেষ্ঠত্বস্য কারণমিত্যর্থঃ। তস্মাত্তব বেদজ্ঞত্বাধিক্যাৎ ত্বমেবাস্মাকং পৌরোহিত্যং কুর্ব্বন্ মন্ত্রপ্রদো গুরুর্ভবেতি ভাবঃ॥ ২৮॥

ধর্ম্মশীলৈর্মুনিভিঃ পৌরোহিত্যং বিগর্হিতং। যতো ব্রহ্মবর্চ্চসঃ ব্রহ্মতেজস উপব্যয়োঽধিকব্যয়ো যতস্তৎ॥ ২৯॥

কিঞ্চ তদপি সংপ্রতি মম তৎ কর্ত্তব্যমেবাভূদিত্যাহ কথমিতি হে নাথাঃ লোকেশৈর্যুষ্মাভিঃ তচ্ছিষ্যঃ তেষাং যুষ্মাকং শিষ্যঃ। তস্মাৎ সএব প্রত্যাখ্যানাভাব এব শিষ্যস্য স্বার্থঃ॥ ৩০॥

বৎস! তুমি আমাদের কনিষ্ঠ, তোমাকে উপাধ্যায়ত্ব রূপে বরণ করিয়া অভিবাদন করিলে লোক মধ্যে নিন্দা হইবে এমত আশঙ্কা করিও না, যে হেতু লোকে প্রয়োজন নিমিত্ত কনিষ্ঠের পাদবন্দনকে নিন্দা করে না। অপর মন্ত্র ভিন্ন স্থলেই বয়স জ্যেষ্ঠতার কারণ অতএব মন্ত্রদান করিলে তুমিই আমাদের জ্যেষ্ঠ হইবে। ঋষিবর শুকদেব কহিলেন মহাতপাঃ বিশ্বরূপ এই প্রকারে দেবতাদের কর্ত্তৃক পৌরহিত্যে প্রার্থিত হওয়াতে প্রসন্ন হইয়া মনোজ্ঞ বচনে তাঁহাদিগকে কহিতে লাগিলেন॥ ২৮॥

বিশ্বরূপ কহিলেন হে দেবগণ! যদিও ধর্ম্মশীল ব্যক্তিরা অধর্ম্মের হেতু বলিয়া পৌরহিত্য কর্ম্মের নিন্দা করিয়া থাকেন এবং ঐ কর্ম্ম পূর্ব্বসিদ্ধ ব্রহ্মতেজের ক্ষয়কারি তথাপি আপনাদিগের প্রার্থনা ভঙ্গ ভয়ে আমাকে স্বীকার করিতে হইবে॥ ২৯॥

হে নাথগণ! আপনারা লোকদিগের ঈশ্বর আপনাদিগের প্রার্থিত বিষয় মাদৃশ ব্যক্তি কি রূপে প্রত্যাখ্যান করিতে সমর্থ হইবে? আমি আপনাদিগের শিষ্য অর্থাৎ শিক্ষণার্হ শিক্ষাদাতাদিগকে প্রত্যাখ্যান না করাই শিষ্যের স্বার্থ॥ ৩০॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

অকিঞ্চনানাং হি ধনং শিলোঞ্ছনং তেনেহ নির্ব্বর্ত্তিত সাধু সৎক্রিয়ঃ ।
কথং বিগর্হ্যং নু করোম্যধীশ্বরাঃ পৌরোধসং হৃষ্যতি যেন দুর্ম্মতিঃ ॥ ৩১ ॥
তথাপি ন প্রতিব্রূয়াং গুরুভিঃ প্রার্থিতং কিয়ৎ । ভবতাং প্রার্থিতং সর্ব্বং প্রাণৈরর্থৈশ্চ সাধয়ে ॥ ৩২
শ্রীবাদরায়ণিরুবাচ ॥
তেভ্য এবং প্রতিশ্রুত্য বিশ্বরূপো মহাতপাঃ । পৌরহিত্যং বৃতশ্চক্রে পরমেণ সমাধিনা ॥ ৩৩
সুরদ্বিষাং শ্রিয়ং গুপ্তামৌষনস্যাপি বিদ্যয়া । আচ্ছিদ্যাদান্মহেন্দ্রায় বৈষ্ণব্যা বিদ্যয়া বিভুঃ ॥ ৩৪ ॥
যয়া গুপ্তঃ সহস্রাক্ষো জিগ্যেঽসুরচমূর্বিভুঃ । তাং প্রাহ স মহেন্দ্রায় বিশ্বরূপ উদারধীঃ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী ।

নমু পৌরহিত্যেন ধন সম্ভাবাৎ ধর্ম্মঃ সিদ্ধ্যেৎ । অন্যথা নির্দ্ধনস্য কুতোধর্ম্মঃ । অতএব তেন লোকে হৃষ্যতি তত্রাহ । অকিঞ্চনানাং হি ধনং শিলোঞ্ছনং ক্ষেত্রে স্বাম্যুপেক্ষিত কণিশোপাদানং শিলং হট্টাদৌ পতিত ব্রীহ্যাদেরুপাদানমুঞ্ছনং ইহ গৃহাশ্রমে তেনৈব নির্ব্বর্ত্তিতা সাধূনাং সৎক্রিয়া যেন ॥ ৩১ ॥

কিয়দেতৎ প্রার্থিতমল্পমেব অধিকমপি করিষ্যামীত্যাহ ভবতামিতি ॥ ৩২ ॥

সমাধিনা পরমোদ্যমেন ॥ ৩৩ ॥

বৈষ্ণব্যা শ্রীনারায়ণ কবচাত্মিকয়া ॥ ৩৪ ॥

অসুরচমূঃ দৈত্যসেনাঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

নমু পৌরোহিত্যেন ধন লাভাদ্ধর্ম্মঃ সিদ্ধ্যেৎ । অন্যথা নির্ধনস্য কুতো ধর্ম্ম স্তত্রাহ অকিঞ্চনানাং শিলোঞ্ছনমেব ধনং । ক্ষেত্রে স্বাম্যুপেক্ষিত কণিশোপাদানং শীলং । হট্টাদৌ পতিত ব্রীহ্যাদেরুপাদানং মুঞ্ছনং যেন পৌরোধসেন দুর্ম্মতিঃ পুমানেব হৃষ্যতি নতু সুমতিঃ । যদ্বা । দুষ্টা মতিরেব স্বানুকুল্যাৎ হৃষ্যতি ॥ ৩১ ॥

ন প্রতিব্রূয়াং ন প্রত্যাখ্যাস্যে কিয়দেতৎ প্রার্থিতমত্যল্পমেব অত্যধিকমপি করিষ্যামীত্যাহ ভবতামিতি ॥ ৩২ ॥

সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ ॥ ৩৩ । ৩৪ ॥　তাং বৈষ্ণবীং বিদ্যাং ॥ ৩৫ ॥

হে অধীশ্বরগণ ! যে সকল ব্যক্তি, অকিঞ্চন, যাহাদিগের শীল অর্থাৎ ক্ষেত্রে স্বামির উপেক্ষিত শস্য কণা গ্রহণ ও উঞ্ছ অর্থাৎ হট্টাদিতে পতিত ধান্যাদি গ্রহণই ধন, আমি তাহাদিগের বৃত্তি দ্বারাই গৃহাশ্রমে সাধুদিগের কর্ত্তব্য সৎক্রিয়া সকল নির্ব্বাহ করিয়া থাকি । দুর্ম্মতি লোকে যে পৌরহিত্য প্রাপ্ত হইলে হর্ষান্বিত হয় আমার পক্ষে তাহা অতি ঘৃণিত । অতএব যদিও পৌরহিত্য কর্ম্ম আমার অকর্ত্তব্য ॥ ৩১ ॥

তথাপি আপনারা আমার গুরু, আপনাদের এই প্রার্থনা অত্যল্প মাত্র, অধিক হইলেও সম্পন্ন করিতে পারি অতএব অস্বীকার করা আমার উচিত হয় না, আপনাদিগের প্রার্থিত সকল বিষয় আমি প্রাণদ্বারা ও ধনদ্বারাও সাধন করিব ॥ ৩২ ॥

শুকদেব কহিলেন মহারাজ ! মহাতপাঃ বিশ্বরূপ দেবগণ সমীপে এই রূপ প্রতিশ্রুত হইয়া তাঁহাদের কর্ত্তৃক বৃত হওত পরম উদ্যম পূর্ব্বক পৌরহিত্য করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

দৈত্যগুরু শুক্রের বিদ্যা দ্বারা যদিও দেবদ্বেষি অসুরগণের শ্রী পরিরক্ষিতা হইতেছিল তথাচ ঐ বিশ্বরূপ নারায়ণ কবচ স্বরূপ বৈষ্ণবী বিদ্যা বলে তাহাদিগের নিকট হইতে আচ্ছিন্ন করিয়া তাহা মহেন্দ্রকে অর্পণ করিলেন হে রাজন্ ! দেবরাজ ইন্দ্র যে বিদ্যা দ্বারা অসুরসেনা জয় করেন, বিশ্বরূপ সেই বিদ্যা তাঁহাকে প্রদান করেন ॥ ৩৪ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বিশ্বরূপোপাখ্যানে সপ্তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৭ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

যয়া গুপ্তঃ সহস্রাক্ষঃ সবাহান্ রিপুসৈনিকান্। ক্রীড়ন্নিব বিনির্জ্জিত্য ত্রিলোক্যা বুভুজে শ্রিয়ং। ভগবংস্তন্মমাখ্যাহি বর্ম্ম নারায়ণাত্মকং। যথাততায়িনঃ শত্রূন্ যেন গুপ্তোজয়ন্মৃধে।

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

বৃতঃ পুরোহিত স্ত্বাষ্ট্রো মহেন্দ্রায়ানুপৃচ্ছতে। নারায়ণাখ্যং বর্ম্মাহ তদিহৈকমনাঃ শৃণু ॥ ১ ॥

শ্রীবিশ্বরূপ উবাচ ॥

ধৌতাঙ্ঘ্রি পাণিরাচম্য সপবিত্র উদঙ্মুখঃ। কৃতস্বাঙ্গ করন্যাসো মন্ত্রাভ্যাং বাগ্যতঃ শুচিঃ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি ষষ্ঠে সপ্তমঃ ॥ * ॥

অষ্টমে বিশ্বরূপস্ত বর্ম্মনারায়ণাত্মকং। ইন্দ্রায় প্রাহ যেনেন্দ্রো গুপ্তো দৈত্যানথাজয়ৎ ॥ ০ ॥

ত্রিলোক্যাঃ সম্বন্ধিনীঃ শ্রিয়ং ॥ ১ ॥

মন্ত্রাভ্যাং অষ্টাক্ষর দ্বাদশাক্ষরাভ্যাং কৃতঃ স্বাঙ্গেষু করয়োশ্চ ন্যাসো যেন সঃ ॥ ২ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে সপ্তমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

যয়েতি যুগ্মকং। যয়া বর্ম্মরূপয়া বিদ্যয়া যথা অজয়ৎ তং প্রকারঞ্চাখ্যাহি ॥১।২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০।১১।১২।১৩।১৪।১৫।১৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য সপ্তমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

নারায়ণাত্মকং বর্ম্ম বিশ্বরূপ উপাদিশৎ। শক্রং যেনাজয়দ্দৈত্যান্ স ইত্যষ্টম উচ্যতে ॥ ১।২।৩ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে সপ্তম ॥ * ॥

অষ্টম অধ্যায়ে বিশ্বরূপ কর্ত্তৃক ইন্দ্রের প্রতি নারায়ণ কবচ উপদেশ এবং তদ্দ্বারাই অমররাজের দানব জয় ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ভগবন্! আপনি কহিলেন ইন্দ্র নারায়ণ কবচ দ্বারা রক্ষিত হইয়া বাহন সহিত রিপুসেনা সমূহকে অবলীলাক্রমে জয় করত ত্রিলোকীর ঐশ্বর্য্য সম্পত্তি ভোগ করিয়াছিলেন। প্রভো! ঐ কবচ কি প্রকার? দেবরাজ তদ্দ্বারা রক্ষিত হইয়া কি রূপে যুদ্ধে উদ্যতাস্ত্র শত্রুগণকে জয় করিয়াছিলেন? বলিতে আজ্ঞা হউক। শুকদেব কহিলেন রাজন্! বিশ্বরূপকে পৌরহিত্যে বরণ করিয়া দেবরাজ নারায়ণকবচ জিজ্ঞাসা করিয়াছিলেন, তাহাতে মহাতপাঃ বিশ্বরূপ তাঁহাকে নারায়ণ কবচ উপদেশ দেন, ঐ বর্ম্ম যে প্রকার ও বিশ্বরূপ যে রূপে উপদেশ করেন বলিতেছি, মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর ॥ ১ ॥

ইন্দ্রের জিজ্ঞাসা ক্রমে বিশ্বরূপ কহিলেন, অহে অমররাজ! হস্তপাদ প্রক্ষালন পূর্ব্বক আচমন করিয়া পবিত্র হস্তে উত্তরাস্য হইয়া উপবেশন করিবে, পরে অষ্টাক্ষর অথবা দ্বাদশাক্ষর মন্ত্র দ্বারা অঙ্গন্যাস ও করন্যাস করিয়া শুচি ও বাগ্যত হইবে ॥ ২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নারায়ণপরং বর্ম্ম সংনহেদ্ভয় আগতে ॥ ৩ ॥
পাদয়োর্জানুনোরূর্ব্বোরুদরে হৃদ্যথোরসি। মুখে শিরস্যানুপূর্ব্ব্যা ওঙ্কারাদীনি বিন্যসেৎ ॥ ৪ ॥
ওঁ নমো নারায়ণায়েতি বিপর্য্যয়মথাপি বা ॥ ৫ ॥
করন্যাসং ততঃ কুর্য্যাদ্দ্বাদশাক্ষর বিদ্যয়া। প্রণবাদি যকারান্তমঙ্গুল্যঙ্গুষ্ঠপর্ব্বসু ॥ ৬ ॥
ন্যসেদ্ধৃদয় ওঙ্কারং বিকার মনু মূর্দ্ধনি। ষকারন্তু ভ্রুবোর্মধ্যে ণকারং শিখয়া ন্যসেৎ।
বেকারং নেত্রয়োর্যুঞ্জ্যান্নকারং সর্ব্ব সন্ধিষু ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

নারায়ণময়ং পরং বর্ম্ম সংনহেৎ বধ্নীয়াৎ ॥ ৩ ॥

তত্রাষ্টাক্ষরেণ পাদাদ্যষ্টাঙ্গেষু ন্যাসমাহ। পাদয়োরিতি সার্দ্ধেন। প্রণব সংপুটিতমোঙ্কারাদোকৈকমক্ষরং বিন্যসেৎ ॥ ৪ ॥

বিপর্য্যয়ং যথা ভবত্যেবং শির আদি পাদান্তং বা বিন্যসেৎ। উৎপত্তিন্যাসং সংহারন্যাসং বা কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫ ॥

দ্বাদশাক্ষরস্যোদ্ধারঃ প্রণবাদি যকারান্তমিতি। প্রণব সংপুটিতমেকৈকমক্ষরং দক্ষিণ তর্জনীমারভ্য বাম তর্জনী পর্য্যন্তমঙ্গুলীষু। পরিশিষ্টমক্ষর চতুষ্টয়ং অঙ্গুষ্ঠয়োরাদ্যন্ত পর্ব্বসু ন্যসেৎ ॥ ৬ ॥

মন্ত্রান্তর ন্যাসমাহ ন্যসেদিতি। ষকারণকারয়ো র্বিশ্লেষেণ ষড়ক্ষরাণি হৃদয়াদিষু ন্যসেৎ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্রাষ্টাক্ষরেণ পাদাদ্যষ্টাঙ্গেষু ন্যাসমাহ পাদয়োরিতি সার্দ্ধেন। প্রণবসংপুটিতমোঙ্কারাদ্যেকৈকাক্ষরং বিন্যসেৎ বিপর্য্যয়ং যথা ভবত্যেবং শির আদি পাদান্তং বা বিন্যসেৎ। প্রক্রমেণ সৃষ্টিন্যাসং ব্যুৎক্রমেণ সংহারন্যাসং বা কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৪ ॥

প্রণবাদীতি প্রণবপুটিতমেকৈকমক্ষরং দক্ষিণ তর্জ্জনীমারভ্য বামতর্জ্জনী পর্য্যন্তমঙ্গুলীষু পরিশিষ্টমক্ষর চতুষ্টয়ং অঙ্গুষ্ঠয়োরাদ্যন্ত পর্ব্বসু ন্যসেৎ ॥ ৫ ॥

মন্ত্রান্তরেণাপি হৃদয়াদি ন্যাসমাহ ন্যসেদিতি ॥ ৬। ৭ ॥

তাহার পর নারায়ণময় বর্ম্ম বন্ধন করিবে। কোন প্রকার ভয় উপস্থিত হইলেই ঐ কবচ বন্ধন কর্ত্তব্য ॥ ৩ ॥

হে মহেন্দ্র! অঙ্গন্যাস এই প্রকারে করিতে হয়। পদদ্বয়, জানুদ্বয়, ঊরুদ্বয়, উদর, হৃদয়, বক্ষঃস্থল মুখ এবং মস্তক এই সকল অঙ্গে যথাক্রমে প্রণব পুটিত মন্ত্রের এক একটী বর্ণ ন্যাস করিবে ॥ ৪ ॥

সেই মন্ত্র এই "ওঁ নমো নারায়ণায়"। হে অমরাধিপ! উল্লিখিত অঙ্গ সকলে যথাক্রমে ন্যাস করিয়া মস্তক অবধি চরণ পর্য্যন্ত ন্যাস করিলেও হইতে পারিবে ॥ ৫ ॥

উক্ত প্রকারে অঙ্গন্যাস করা হইলে তৎপশ্চাৎ দ্বাদশাক্ষর অর্থাৎ "ওঁ নমো ভগবতে বাসুদেবায়" এই মন্ত্র দ্বারা করন্যাস করিবে। তন্মধ্যে "ওঁ নমো নারায়ণায়" অর্থাৎ প্রণব অবধি য় কারান্ত এই সকল অক্ষর মধ্যে এক একটী অক্ষর প্রণব পুটিত করিয়া দক্ষিণ হস্তের তর্জ্জনী অবধি বাম হস্তের তর্জ্জনী পর্য্যন্ত অঙ্গুলি সকলে ন্যাস করিবে, অবশিষ্ট চারিটী অক্ষর দুই অঙ্গুষ্ঠের আদ্য ও অন্ত্য পর্ব্বে ন্যাস করিবে ॥ ৬ ॥

হে দেবেন্দ্র! ঐ মন্ত্র ন্যাস না করিয়া মন্ত্রান্তর ন্যাস করিলেও হইবে। যথা হৃদয়ে প্রণব, মস্তকে "বি" এই অক্ষর, ভ্রূদ্বয় মধ্যে "ষ" কার, শিখায় "ণ" কার, নেত্রদ্বয়ে "বে" কার এবং সন্ধি স্থান সকলে, 'ন" কার ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মকারমস্ত্রমুদ্দিশ্য মন্ত্র মূর্ত্তির্ভবেদ্বুধঃ। সবিসর্গং ফড়ন্তং তৎ সর্ব্ব দিক্ষু বিনির্দ্দিশেৎ।
ওঁ বিষ্ণবে নম ইতি ॥ ৮ ॥
আত্মানং পরমং ধ্যায়েৎ ধ্যেয়ং ষট্‌শক্তিভির্যুতং। বিদ্যাতেজস্তপো মূর্ত্তিমিমং মন্ত্রমুদাহরেৎ ॥৯
ওঁ হরির্বিদধ্যান্মম সর্ব্বরক্ষাং ন্যস্তাঙ্ঘ্রিপদ্মঃ পতগেন্দ্রপৃষ্ঠে।
দরারি চর্ম্মাসি গদেষু চাপ পাশান্দধানোঽষ্টগুণোঽষ্টবাহুঃ ॥ ১০ ॥
জলেষু মাং রক্ষতু মৎস্যমূর্ত্তি র্যাদোগণেভ্যো বরুণস্য পাশাৎ।
স্থলেষু মায়াবটুবামনোঽব্যাৎ ত্রিবিক্রমঃ খেঽবতু বিশ্বরূপঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

মকারমন্ত্রমুদ্দিশ্য ধ্যাত্বা তন্মকারাস্ত্রং মঃ অস্ত্রায় ফডিত্যেবং পূর্ব্বাদি দিগ্বন্ধেষু বিনির্দ্দিশেৎ ॥ ৮ ॥

ধ্যেয়মীশ্বররূপমাত্মানং ধ্যায়েৎ। ষট্ শক্তিভিঃ ঐশ্বর্য্যাদিভিঃ ভগবচ্ছব্দ বাচ্যাভিঃ বিদ্যাচ তেজশ্চ মূর্ত্তির্যস্য তমিমং বক্ষ্যমাণং শ্রীনারায়ণকবচাখ্যং ॥ ৯ ॥

অষ্টগুণঃ অনিমাদ্যষ্টৈশ্বর্য্যযুক্তঃ ॥ ১০ ॥

যাদসাং গণা এব বরুণস্য পাশস্তস্মাৎ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মকারং অস্ত্রমুদ্দিশ্য ধ্যাত্বা তৎ মকারাস্ত্রং মঃ অস্ত্রায় ফড়িতি এবং সর্ব্ব দিগ্বন্ধে বিনির্দিশেৎ ॥ ৮ ॥

ধ্যেয়মীশ্বররূপমাত্মানং ধ্যায়েদিত্যন্তৈরধ্যস্ত কামনয়া অহংগ্রহোপাসনা ॥

বিদ্যা তেজ স্তপাংসি মূর্ত্তি র্যস্য তমিমং মন্ত্রং নারায়ণকবচাখ্যং ॥ ৯ ॥

সমুদ্রেণ সহ নদী নদাদিবৎ ধ্যেয়রূপেণ সহৈক্যং প্রাপ্তোপি পৃথগ্‌ভূয়াপি তিষ্ঠন্ স্বরক্ষা প্রার্থনমন্ত্রমুদাহরেদিত্যাহ হরিরিতি। অষ্টগুণঃ অণিমাদ্যষ্টৈশ্বর্য্য যুক্তঃ ॥ ১০ ॥

সামান্যেন সর্ব্বতো রক্ষাং প্রার্থ্য দেশ বিশেষেষু তত্তদধিষ্ঠাতৃ স্বরূপেণ ভগবতা রক্ষামন্ত্রানাহ জলেষিতি ত্রিভিঃ। যাদসাং গণাএব বরুণস্য পাশস্তস্মাৎ ॥ ১১ ॥

ন্যাস করিয়া শেষে "ম" এই অক্ষরকে অস্ত্ররূপে ধ্যান করত স্বয়ং মন্ত্র মূর্ত্তি হইবে। তদনন্তর ঐ মকারকে বিসর্গযুক্ত ও ফট্ শব্দ অন্ত করিয়া সকল দিকে নির্দ্দেশ করিবে, অর্থাৎ "মঃ" অস্ত্রায় ফট্ এই মন্ত্র পূর্ব্বাদি দিগ্বন্ধেতে নির্দ্দিষ্ট করিবে। হে অমররাজ! সেই মন্ত্রান্তর এই "ওঁ বিষ্ণবে নমঃ" ॥ ৮ ॥

হে অমরাধীশ! ঐ প্রকার ন্যাস করণানন্তর ধ্যেয় ঈশ্বর স্বরূপ সেই আত্মার ধ্যান করিবে, যিনি ঐশ্বর্য্যাদি ছয় শক্তিতে সংযুক্ত, তদনন্তর নারায়ণ কবচাখ্য মন্ত্র, যাহা পরে বলিতেছি, বিদ্যা তেজঃ ও তপস্যাই যাহার মূর্ত্তি, সেই মন্ত্র উচ্চারণ করিবে ॥ ৯ ॥

সেই মন্ত্র এই "যাঁহার পাদপদ্ম পতগেন্দ্র পৃষ্ঠে বিন্যস্ত, যিনি অষ্ট বাহু সমন্বিত এবং সেই অষ্ট বাহুতে শঙ্খ, চক্র, গদা, খড়্গ, ধনুঃ, বাণ, চর্ম্ম ও পাশ ধারণ করিতেছেন, সেই ভগবান্ আমার সর্ব্ব রক্ষা বিধান করুন ॥ ১০ ॥

অপর মৎস্য মূর্ত্তি ভগবান্ জল মধ্যে জলজন্তু সমূহ রূপ বরুণ পাশ হইতে আমাকে রক্ষা করুন। যিনি মায়াযোগে বটু বামন হইয়াছিলেন তিনি স্থল মধ্যে আমাকে রক্ষা করুন। যিনি বিশ্বরূপ ও ত্রিবিক্রম মূর্ত্তি, তিনি অন্তরীক্ষে আমাকে রক্ষা করুন ॥ ১১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

দুর্গেষ্বটব্যাজিমুখাদিষু প্রভুঃ পায়ান্নৃসিংহোঽসুরযূথপারিঃ ।
বিমুঞ্চতো যস্য মহাট্টহাসং দিশোবিনেদুর্ন্যপতংশ্চ গর্ভাঃ ॥ ১২ ॥
রক্ষত্বসৌ মাধ্বনি যজ্ঞকল্পঃ স্বদংষ্ট্রয়োন্নীতধরো বরাহঃ ।
রামোঽদ্রিকূটেষ্বথ বিপ্রবাসে সলক্ষ্মণোব্যাদ্ভরতাগ্রজোঽস্মান্ ॥ ১৩ ॥
মামুগ্রধর্ম্মাদখিলাৎ প্রমাদাৎ নারায়ণঃ পাতু নরশ্চ হাসাৎ ।
দত্তস্ত্বযোগাদথ যোগনাথঃ পায়াদ্গুণেশঃ কপিলঃ কর্ম্মবন্ধাৎ ॥ ১৪ ॥
সনৎকুমারোঽবতু কামদেবাদ্ধয়শীর্ষা মাং পথি দেবহেলনাৎ ।
দেবর্ষিবর্য্যঃ পুরুষার্চ্চনান্তরাৎ কূর্ম্মোহরির্মাং নিরয়াদশেষাৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী ।

অটবী আজিমুখঞ্চ সংগ্রামোপক্রমঃ আদির্যেষাং তেষু সঙ্কট স্থানেষু ॥ ১২ ॥

অসৌ প্রসিদ্ধো বরাহো মাহ মামধ্বনি রক্ষতু । যজ্ঞৈরবয়বরূপৈঃ কল্প্যতে নিরূপ্যস্তে ইতি তথা উন্নীতা উদ্ধৃতা ধরা যেন সঃ অদ্রিকূটেষু গিরিশিখরেষু রামো জামদগ্ন্যঃ ॥ ১৩ ॥

উগ্রধর্ম্মাদভিচারাদিলক্ষণাৎ । হাসাৎ গর্ব্বাৎ নরঃ পাতু । দত্তো দত্তাত্রেয়ঃ অযোগাৎ যোগভ্রংশাৎ ॥ ১৪ ॥

পথি যদ্দেবানাং হেলনং নমস্কারমকৃত্বা গমনং তস্মাৎ । পুরুষার্চ্চনস্যান্তরাৎ । দেবপূজাচ্ছিদ্রাৎ । দ্বাত্রিংশদপরাধরূপাৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

আজিমুখং যুদ্ধসংমুখপ্রদেশঃ ॥ ১২ ॥

যজ্ঞকল্পঃ যজ্ঞস্বরূপঃ স্বার্থিক কল্পপ্ । যদ্বা যজ্ঞাঃ কল্পাঃ সমর্থা যতঃ সঃ । রামোযামদগ্ন্যঃ ॥ ১৩ ॥

স্বপরোস্তবেভ্যঃ উপদ্রবেভ্যো রক্ষামন্ত্রানাহ চতুর্ভিঃ । উগ্রধর্ম্মাদভিচারাদেঃ । হাসাৎ গর্ব্বাৎ । অযোগাৎ যোগভ্রংশাৎ ॥ ১৪

কামদেবাৎ কন্দর্পবেগাৎ পথি যদ্দেবহেলনং নমস্কারমকৃত্বৈব গমনং । পুরুষার্চ্চনস্যান্তরাৎ দেবপূজাচ্ছিদ্রাৎ দ্বাত্রিংশদপরাধ

অপিচ নৃসিংহ রূপী সেই ভগবান্, যিনি অসুর যূথপের অরি এবং যাঁহার বিকট হাস্যে দিক্ সকল প্রতি ধ্বনিত ও গর্ত্ত সকল পতিত হয়, তিনি সংগ্রামোপক্রমাদি সঙ্কট স্থান সকলে আমাকে রক্ষা করুন ॥ ১২ ॥

যিনি আপনার অবয়ব রূপ যজ্ঞ দ্বারা নিরূপণীয় হয়েন, আপনার দংষ্ট্রা দ্বারা ধরার উদ্ধার করিয়াছিলেন, সেই প্রসিদ্ধ বরাহ আমাকে পথে রক্ষা করুন। অপর জামদগ্ন্যমূর্ত্তি সেই ভগবান্ গিরিশিখরে আমাকে রক্ষা করুন। আর ভরতাগ্রজ অর্থাৎ রামচন্দ্ররূপী সেই প্রভু লক্ষ্মণ সহিত প্রবাসে আমাদিগকে রক্ষা করুন ॥ ১৩ ॥

তথা ভগবান্ নারায়ণ অভিচারাদি রূপ যে সমস্ত উগ্র ধর্ম্ম ও অনবধানতা তাহা হইতে আমাকে রক্ষা করুন। আর নররূপী সেই ভগবান্ গর্ব্ব হইতে আমাকে রক্ষা করুন। অপর দত্তাত্রেয় রূপী সেই হরি যিনি যোগ সকলের নাথ, তিনি যোগভ্রংশ হইতে আমাকে রক্ষা করুন, কপিলমূর্ত্তি সেই প্রভু, যিনি গুণ সকলের ঈশ্বর, তিনি কর্ম্মবন্ধ হইতে আমাকে রক্ষা করুন ॥ ১৪ ॥

সনৎকুমার রূপী ভগবান্ কামদেব হইতে আমাকে রক্ষা করুন। হয়শীর্ষ মূর্ত্তি ভগবান্ পথে দেবহেলন অর্থাৎ দেবতাদিগকে নমস্কার না করিয়া গমন রূপ অপরাধ হইতে আমাকে রক্ষা করুন। দেবর্ষি শ্রেষ্ঠ অর্থাৎ নারদরূপী ভগবান্ দ্বাত্রিংশৎ অপরাধ রূপ যে দেবপূজাদি ছিদ্র, তাহা হইতে আমাকে

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri
Dr. Urmila Sharma Collection, Varanasi

ধন্বন্তরির্ভগবান্ পাত্বপথ্যাদ্দ্বন্দ্বাদ্ভয়াদৃষভো নির্জ্জিতাত্মা।
যজ্ঞশ্চ লোকাদবতাজ্জনান্তাদ্বলোগণাৎ ক্রোধবশাদহীন্দ্রঃ ॥ ১৬ ॥
দ্বৈপায়নো ভগবানপ্রবোধাদ্ বুদ্ধস্তু পাষণ্ডগণপ্রমাদাৎ।
কল্কিঃ কলেঃ কালমলাৎ প্রপাতু ধর্ম্মাবনায়োরু কৃতাবতারঃ ॥ ১৭ ॥
মাং কেশবো গদয়া প্রাতরব্যাৎ গোবিন্দ আসঙ্গবমাত্তবেণুঃ।

শ্রীধরস্বামী।

নারদঃ ॥ ১৫ ॥

লোকাৎ জনাপবাদাৎ যজ্ঞঃ জননিমিত্তো যোঽন্তঃ উপঘাতঃ তস্মাৎ বলভদ্রঃ অবতাৎ। কৃতান্তাদিতি পাঠে কৃতান্তাৎ কালাৎ রক্ষতু। ক্রোধবশাৎ সর্পাণাং গণাৎ অহীন্দ্রঃ শেষঃ ॥ ১৬ ॥

কালমলভূতাৎ কলেঃ কল্কিঃ। ধর্ম্মাবনায় ধর্ম্মরক্ষণায় উরুর্মহান্ কৃতোঽবতারো যেন ॥ ১৭ ॥

দিনস্য ষট্ সু ভাগেষু ক্রমেণ প্রাতরাদি সংজ্ঞেষু রাত্রেশ্চ প্রদোষাদি সংজ্ঞেষু রক্ষাপ্রার্থনং মাং কেশব ইতি ত্রিভিঃ। আস-

ক্রমসন্দর্ভঃ।

যজ্ঞশ্চ লোকাদিত্যত্র বলদেবস্য শেষাদন্যত্র কৃতান্তাদিত্যধিক শক্তিত্বং দর্শিতং। জনান্তাদিতি পাঠে জনানামন্তান্নাশাদিতি সএবার্থঃ ॥ ১৭ ॥

মাং কেশব ইতি সার্দ্ধকং। অনেন মথুরা বৃন্দাবন নাথয়োর্নিত্যপ্রকাশত্বং দর্শিতং। প্রাতরাদয়ঃ কালাএবং যুজান্তে। প্রাহ্ন স্তাবৎ প্রথম ভাগঃ প্রাতঃ সঙ্গবৌতু তৈস্যবাংশৌ মধ্যাহ্নো মধ্যভাগঃ। তৃতীয় ভগস্তপরাহ্নঃ সায়ং সন্ধ্যাভ্যামবান্তর ভেদ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

রূপাদিত্যর্থঃ ॥ ১৫ ॥

লোকাজ্জনাপবাদাৎ। জনান্তাৎ জনহেতুকোঽন্ত উপঘাত স্তস্মাৎ কৃতান্তাদিতি চ পাঠঃ ক্রোধবশাৎ সর্পাণাং গণাৎ অহীন্দ্রঃ শেষঃ ॥ ১৬ ॥

কালমল রূপাৎ। কলেঃ কল্কিঃ কীদৃশঃ ধর্ম্মাবনেত্যাদি ॥ ১৭ ॥

কালবিশেষেষু তত্তদধিষ্ঠাতৃ স্বরূপেণ ভগবতা রক্ষামন্ত্রানাহ মামিতি ত্রিভিঃ। কেশবো মথুরাধিপতিঃ। প্রাতর্দিনস্য পঞ্চম ঘটিকা পর্য্যন্তং। গোবিন্দো বৃন্দাবনাধিপতিঃ। আসঙ্গবং ষষ্ঠ ঘটিকামারভ্য দশম ঘটিকা পর্য্যন্তং একাদশ ঘটিকামারভ্য পঞ্চ-বিংশতি ঘটিকা পর্য্যন্তঃ প্রাহ্নঃ স্তত্র ষোড়শ ঘটিকামারভ্য বিংশতি ঘটিকা পর্য্যন্তং মধ্যন্দিনং তত্র অরীন্দ্রপাণিঃ চক্রহস্তঃ।

রক্ষা করুন ॥ ১৫ ॥

অপর ধন্বন্তরি রূপী ভগবান্ অপথ্য হইতে আমাকে রক্ষা করুন, জিতেন্দ্রিয় ঋষভ মূর্ত্তি ভগবান্ সুখ দুঃখাদি দ্বন্দ্ব ভয় হইতে রক্ষা করুন। যজ্ঞমূর্ত্তি ভগবান্ জনাপবাদ হইতে রক্ষা করুন। বলভদ্র রূপী ভগবান্ জন নিমিত্ত উপঘাত হইতে রক্ষা করুন। শেষরূপী ভগবান্ ক্রোধ বশম্বদ সর্পগণ হইতে পরিত্রাণ করুন ॥ ১৬ ॥

কল্কিরূপী ভগবান্ যিনি ধর্ম্ম রক্ষার্থ ঐ মহৎ অবতার স্বীকার করিয়াছেন, তিনি কলির মল স্বরূপ কাল হইতে রক্ষা করুন ॥ ১৭ ॥

হে দেবেন্দ্র! তদনন্তর প্রাত র্মধ্যাহ্নাদি দিন ষড়্ভাগে এবং রাত্রির প্রদোষাদি ছয় সময়ে এই প্রকার প্রার্থনা করিবে যথা ভগবান্ কেশব প্রাতঃকালে গদা দ্বারা রক্ষা করুন। ভগবান্ গোবিন্দ বেণু

নারায়ণঃ প্রাহ্ণ উদাত্তশক্তির্মধ্যন্দিনে বিষ্ণুররীন্দ্রপাণিঃ ॥ ১৮ ॥
দেবোঽপরাহ্ণে মধুহোগ্রধন্বা সায়ং ত্রিধামাঽবতু মাধবো মাং।
দোষে হৃষীকেশ উতার্দ্ধরাত্রে নিশীথ একোঽবতু পদ্মনাভঃ ॥ ১৯ ॥
শ্রীবৎস ধামা পররাত্র ঈশঃ প্রত্যুষ ঈশোসিধরো জনার্দ্দনঃ।
দামোদরোঽব্যাদনুসন্ধ্যং প্রভাতে বিশ্বেশ্বরো ভগবান্ কালমূর্ত্তিঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ঙ্গবং সঙ্গবমভিব্যাপ্য ॥ ১৮ ॥

ত্রিধামা ব্রহ্মাদি ত্রিমূর্ত্তিঃ। মাধবঃ দোষে প্রদোষে অর্দ্ধরাত্রে অর্দ্ধরাত্র পর্য্যন্তে কালে নিশীথেচ এক এব পদ্মনাভো ঽবতু ॥ ১৯ ॥

অপর রাত্রে ঈশঃ শ্রীবৎসধামাঽবতু। প্রত্যুষে ঈশঃ জনার্দ্দনঃ। দামোদরঃ প্রভাতে। বিশ্বেশ্বরোঽনুসন্ধ্যং প্রতিসন্ধ্যং ॥ ২০

ক্রমসন্দর্ভঃ।

ভেদ ভিন্নঃ রাত্রৌচ প্রদোষঃ প্রথমভাগঃ মধ্যভাগো নিশীথঃ অর্দ্ধ রাত্রস্ত তত্রাপি মধ্যম ঘটিকাদ্বয়ং। অপর রাত্রস্ত তৃতীয়ো ভাগঃ। তস্যৈবান্তিমাংশদ্বয়ং প্রত্যূষ প্রভাত সংজ্ঞং। যথা সন্ধ্যাশ্চ তদবান্তরভেদা অপি পৃথগ্‌গণ্যন্ত ইতি। ক্রমগণনয়াতু মধ্যাহ্ণাদ্যতিক্রমাপত্তেঃ। প্রাহ্ণস্ত স্মৃতৌ নভিন্নত্বেন গণ্যতে। তথাহি। মুহূর্ত্ত ত্রিতয়ং প্রাতস্তাবানেব তু সঙ্গবঃ। মধ্যাহ্ণ স্ত্রিমুহূর্ত্তোথ অপরাহ্ণোপি তাদৃশঃ। সায়াহ্ণস্ত্রিমুহূর্ত্তঃ স্যাৎ সর্ব্ব কর্ম্মসু গর্হিত ইতি ॥১৮। ১৯ ॥ ২০। ২১। ২২। ২৩। ২৪। ২৫। ২৬। ২৭। ২৮

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

একবিংশতি ঘটিকামারভ্য পঞ্চবিংশতি ঘটিকা পর্য্যন্তমপরাহ্ণ স্তত্র ষড়্‌বিংশতি ঘটিকামারভ্য ত্রিংশদ্ঘটিকা পর্য্যন্তং সায়ং তত্র ত্রয়ঃ সচ্চিদানন্দা ধামানি যস্য সঃ ॥ ১৮ ॥

ষোঢ়া বিভক্তাং দিবস রক্ষামুক্ত্বা পঞ্চধা বিভক্ত রাত্রি রক্ষামাহ দোষে রাত্রেশ্চতুর্থ ঘটিকা পর্য্যন্তং প্রদোষস্তত্র পঞ্চ ঘটিকা-মারভ্য চতুর্দ্দশ ঘটিকা পর্য্যন্তমর্দ্ধরাত্র মস্তভাগস্যার্দ্ধ রাত্রত্বাৎ তত্র। পঞ্চদশ ষোড়শ ঘটিকে নিশীথঃ তত্র ॥ ১৯ ॥

শ্রীবৎসো ধামনি শরীরে যস্য নিশীথাদূর্দ্ধমরুণোদয়াৎ প্রাক্ অপর রাত্রঃ। প্রত্যূষে রাত্রিশেষ ঘটিকা চতুষ্টয়ে। অনুসন্ধ্যং দিনরাত্রি সন্ধ্যয়োঃ ॥ ২০ ॥

ধারণ পূর্ব্বক সঙ্গবপর্য্যন্ত কালে সর্ব্ব প্রকারে রক্ষা করুন। ভগবান্ নারায়ণ শক্তি ধারণ পূর্ব্বক পূর্ব্বাহ্ণ কালে রক্ষা করুন। ভগবান্ বিষ্ণু শঙ্খপাণি হইয়া মধ্যাহ্ণ সময়ে রক্ষা করুন ॥ ১৮ ॥

ভগবান্ মধুসূদন উগ্র ধনুর্দ্ধারী হইয়া পরাহ্ণ কালে রক্ষা করুন। ত্রিধামা অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর রূপী ভগবান্ সায়ংকালে রক্ষা করুন। ভগবান্ মাধব প্রদোষ সময়ে রক্ষা করুন। আর সেই এক পদ্মনাভ দেব যিনি বিষয় ও ইন্দ্রিয়গণের ঈশ্বর তিনি অর্দ্ধরাত্র পর্য্যন্তকালে তথা অর্দ্ধ রাত্রে সময়ে রক্ষা করুন ॥ ১৯ ॥

অপর সেই ভগবান্ ঈশ, শ্রীবৎসই যাঁহার ধাম, তিনি অপর রাত্রে রক্ষা করুন। ভগবান্ জনার্দ্দন, যিনি অসিধারী, তিনি প্রত্যূষকালে রক্ষা করুন। ভগবান্ দামোদর প্রভাত সময়ে রক্ষা করুন। ভগবান্ বিশ্বেশ্বর যিনি কালমূর্ত্তি তিনি প্রতি সন্ধ্যায় রক্ষা করুন ॥ ২০ ॥

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চক্রং যুগান্তানলতিগ্মনেমি ভ্রমৎ সমন্তাদ্ভগবৎপ্রযুক্তং।
দন্দগ্ধি দন্দগ্ধ্যরিসৈন্যমাশু কক্ষং যথা বাতসখো হুতাশঃ ॥ ২১ ॥
গদেঽশনি স্পর্শন বিস্ফুলিঙ্গে নিষ্পিণ্ঢি নিষ্পিণ্ঢ্যজিতপ্রিয়াসি।
কুষ্মাণ্ড বৈনায়ক যক্ষ রক্ষো ভূত গ্রহাংশ্চূর্ণয় চূর্ণয়ারীন্ ॥ ২২ ॥
ত্বং যাতুধান প্রথম প্রেতমাতৃপিশাচ বিপ্রগ্রহ ঘোরদৃষ্টীন্।
দরেন্দ্র বিদ্রাবয় কৃষ্ণপূরিতো ভীমস্বনোঽরের্হৃদয়ানি কম্পয়ন্ ॥ ২৩ ॥
ত্বং তিগ্মধারাসিবরারিসৈন্যমীশপ্রযুক্তো মম ছিন্ধি ছিন্ধি।

শ্রীধরস্বামী।

যুগান্তানলবৎ তীগ্মা তীক্ষ্ণা নেমির্যস্য তচ্চক্রং ভগবতা প্রযুক্তং সৎ অরিসৈন্যং দন্দগ্ধি অতিশয়েন দহতি। তস্মায়ং স্বভাব এব নতু ত্বৎ প্রার্থনীয়মিত্যর্থঃ। যদ্বা দন্দগ্ধি ইতি লোড্ মধ্যমপুরুষঃ। অত্র ত্বমেবং ভূতং চক্রমিতি স্বরূপ মুক্ত্বা সংবোধ্য প্রার্থ্যতে। অতিশয়েন দহেতি। কক্ষং শুষ্কতৃণং ॥ ২১ ॥

অশনি বৎ স্পর্শো যেষাং তে বিস্ফুলিঙ্গা যস্যাঃ তস্যাঃ সম্বোধনং। হে গদে ত্বমজিতস্য প্রিয়াসি অহঞ্চ তস্য দাসঃ অতঃ কুষ্মাণ্ডা দীন্ নিষ্পিণ্ঢি নিষ্পিণ্ঢি অরীংশ্চ চূর্ণয় চূর্ণয় সর্বত্র বীপ্সাঽতিশীঘ্রতায় ॥ ২২ ॥

হে দরেন্দ্র পাঞ্চজন্য ত্বং যাতুধানাদীন্ বিদ্রাবয় বিপ্রগ্রহা ব্রহ্মরাক্ষসাঃ যেম্লেচ ঘোরদৃষ্টয়স্তান্ ॥ ২৩ ॥

তিগ্মা ধারা যস্য হে তিগ্মধার অসিবর খড়্গশ্রেষ্ঠ ত্বং মমারিসৈন্যং ছিন্ধি ছিন্ধি। শতং চন্দ্রাকারাণি মণ্ডলানি যস্মিন্

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভগবদস্ত্রৈশ্চ রক্ষামন্ত্রানাহ চক্রমিতি চতুর্ভিঃ। যুগান্তানলবৎ তিগ্মা তীক্ষ্ণা নেমির্যস্য তৎ। হে সমন্তাৎ ভ্রমৎ ভ্রমণশীল ত্বং চক্রং ভগবৎ প্রযুক্তং সৎ অরিসৈন্যং দন্দগ্ধি অতিশয়েন দহ। কক্ষং শুষ্কতৃণং ॥ ২১ ॥

অশনিবৎ স্পর্শনং যেষাং তে বিস্ফুলিঙ্গায়স্তঃ। হে গদে নিষ্পিণ্ঢি নিষ্পিণ্ঢি চূর্ণয় চূর্ণয় ॥ ২২ ॥

দরেন্দ্র হে পাঞ্চজন্য ॥ ২৩ ॥

অহো! ভগবানের এই চক্রের নেমি প্রলয়কালীন অনলের তুল্য অতিশয় তীক্ষ্ণ। হে চক্র! তুমি ভগবান্ কর্ত্তৃক প্রযুক্ত হইয়া যেমন বায়ুসখ বহ্নি শুষ্কতৃণ দাহ করে, তাহার ন্যায় আমাদের শত্রু সেনা সকলকে অত্যর্থ দগ্ধ কর দগ্ধ কর ॥ ২১ ॥

হে গদে! তোমার স্ফুলিঙ্গ সকলের স্পর্শ বজ্র তুল্য এবং তুমি অজিত ভগবানের প্রিয়া আমিও সেই ভগবানের দাস অতএব কুষ্মাণ্ড, বৈনায়ক, যক্ষ, রাক্ষস, তথা ভূত, প্রেত ও গ্রহগণকে নিষ্পেষণ কর নিষ্পেষণ কর এবং শত্রু সকলকে চূর্ণ কর চূর্ণ কর ॥ ২২ ॥

হে পাঞ্চজন্য শঙ্খ! তুমি ভগবান্ শ্রীকৃষ্ণের মুখমারুত দ্বারা পূরিত হইয়া ভয়ঙ্কর শব্দ করত রাক্ষস, প্রমথ, ভূত, প্রেত, পিশাচ প্রভৃতিকে এবং ব্রহ্মরাক্ষস ও অন্যান্য ঘোর দর্শন দুরাত্মা সকলকে বিদ্রাবিত কর বিদ্রাবিত কর, তাহাতে বৈরিগণের হৃদয় কম্পিত হউক ॥ ২৩ ॥

হে খড়্গ শ্রেষ্ঠ! তোমার ধার অতি খরতর, তুমি ঈশ্বর কর্ত্তৃক প্রেরিত হইয়া শত্রুসৈন্যগণকে ছেদন কর ছেদন কর। হে শতচন্দ্র চর্ম্মন্! তোমাতে মণ্ডলাকার শতচন্দ্র দেদীপ্যমান। তুমি পাপিষ্ঠ বিদ্বেষ্টাদিগের চক্ষুঃ আচ্ছাদন কর চক্ষুঃ আচ্ছাদন কর, আর উগ্র দৃষ্টি ঐ সকল ব্যক্তির দৃষ্টি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চক্ষূংষি চর্ম্মন্ শতচন্দ্র ছাদয় দ্বিষামঘোনাং হরপাপচক্ষুষাং ॥ ২৪ ॥
যন্নো ভয়ং গ্রহেভ্যোঽভূৎ কেতুভ্যোনৃভ্যএবচ। সরীসৃপেভ্যো দংষ্ট্রিভ্যো ভূতেভ্যোঽংহোভ্যএবচ ॥ ২৫
সর্ব্বাণ্যেতানি ভগবন্নাম রূপানুকীর্ত্তনাৎ। প্রযান্তু সংক্ষয়ং সদ্যো যে নঃ শ্রেয়ঃপ্রতীপকাঃ ॥২৬
গরুড়ো ভগবান্ স্তোত্রস্তোভশ্ছন্দোময়ঃ প্রভুঃ। রক্ষত্বশেষঃ কৃচ্ছ্রেভ্যো বিষ্বক্সেনঃ স্বনামভিঃ ॥ ২৭
সর্ব্বাপদ্ভ্যো হরের্নাম রূপযানায়ুধানি নঃ। বুদ্ধীন্দ্রিয়মনঃ প্রাণান্ পান্তু পার্ষদভূষণাঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

হে শতচন্দ্র চর্ম্মন্ অঘোনামঘবতাং দ্বিষাং চক্ষূংষি ছাদয়। পাপচক্ষুষামুগ্রদৃষ্টীনাং চক্ষূংষি হর ॥ ২৪ ॥

যৎ যেভ্যো ভয়ং অংহোভ্যঃ পাপেভ্যঃ ॥ ২৫ ॥

শ্রেয়ঃ প্রতীপকা ইষ্টব্যাঘাতকাঃ ॥ ২৬ ॥

স্তোত্রাণি বৃহদ্রথান্তরাদি সামানি তৈঃ স্তূভ্যতে সংস্তূয়তে ইতি স্তোত্রস্তোভঃ ছন্দোময়ঃ বেদমূর্ত্তিঃ। সুপর্ণোসি গরুত্মানিত্যাদি শ্রুতেঃ। স্তোত্রস্তোভচ্ছন্দোময় ইত্যেক পদ্য পাঠে স্তোভা গীতিপূরকাক্ষরাণি। স্তোত্রস্তোমেতি পাঠে সামাধার ভূত ঋক্ সমুদায়ঃ স্তোমঃ ॥ ২৭ ॥

নামানিচ রূপাণিচ যানানিচ বাহনানি আয়ুধানিচ মনোবুদ্ধ্যাদীন্ পান্তু পার্ষদভূষণাঃ পার্ষদ মুখ্যাশ্চ পান্তু ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

হে তিগ্মধার হে অসিবর হে খড়্গশ্রেষ্ঠ। হে শতচন্দ্র শতচন্দ্রাকারযুক্ত চক্ষূংষি হর আচ্ছাদয়চ ॥ ২৪ ॥ ২৫ ॥

শ্রেয়সঃ প্রতীপকাঃ প্রতিকূলাঃ ॥ ২৬ ॥

স্তোত্রাণি বৃহদ্রথান্তরাণি সামানি তৈঃ স্তোভ্যতে সংস্তূয়ত ইতি স্তোত্রস্তোভঃ। ঐকপদ্য পাঠে স্তোভা গীতিপূরকাক্ষরাণি স্তোত্রস্তোমেতি পাঠে সামাধারভূত ঋক্ সমুদায়স্তোমঃ ॥ ২৭ ॥

পার্ষদভূষণাঃ পার্ষদমুখ্যাঃ ॥ ২৮ ॥

হরণ কর হরণ কর ॥ ২৪ ॥

অপর যে সকল গ্রহ, কেতু, নর, সরীসৃপ এবং করাল দশন হিংস্র জন্তু, তথা পাপিষ্ঠ ভূত প্রেতাদি হইতে আমাদিগের ভয় হইয়া থাকে ॥ ২৫ ॥

ভগবানের নাম রূপ অস্ত্রের কীর্ত্তন দ্বারা সে সমস্ত সদ্যঃ ক্ষয় প্রাপ্ত হউক। আর যাহারা অস্মদাদির ইষ্ট ব্যাঘাত করে তাহাদেরও বিনাশ হউক ॥ ২৬ ॥

অপিচ ভগবান্ গরুড় যিনি বৃহদ্রথান্তরাদি সামরূপ স্তোত্র সকল দ্বারা স্তুত হইয়া থাকেন, বেদ সকল যাঁহার মূর্ত্তি, যাঁহাকে বিষ্বক্সেন কহা যায়, তিনি আপনার নাম সকল দ্বারা অশেষ ক্লেশ হইতে আমাদের পরিত্রাণ করুন ॥ ২৭ ॥

অপর ভগবানের নাম, রূপ, যান, বাহন এবং অস্ত্র শস্ত্র, তথা প্রধান প্রধান পার্ষদগণ আমাদিগের বুদ্ধি, ইন্দ্রিয়, প্রাণ ও মনকে অশেষ আপদ হইতে রক্ষা করুন ॥ ২৮ ॥

অহো! মূর্ত্ত ও অমূর্ত্ত এই সমস্ত জগৎ বস্তুতঃ ভগবানেরই স্বরূপ, আমাদের এই নিশ্চয় আছে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যথাহি ভগবানেব বস্তুতঃ সদসচ্চ যৎ। সত্যেনানেন নঃ সর্ব্বে যান্তু নাশমুপদ্রবাঃ ॥ ২৯ ॥
যথৈকাত্ম্যানুভাবানাং বিকল্পরহিতঃ স্বয়ং। ভূষণায়ুধলিঙ্গাখ্যা ধত্তে শক্তীঃ স্বমায়য়া ॥ ৩০ ॥
তেনৈব সত্যমানেন সর্ব্বজ্ঞো ভগবান্ হরিঃ। পাতু সর্ব্বৈঃ স্বরূপৈর্নঃ সদা সর্ব্বত্র সর্ব্বগঃ ॥ ৩১

শ্রীধরস্বামী।

সদসচ্চ মূর্ত্তঞ্চামূর্ত্তঞ্চ যত্তৎ সর্ব্বং জগৎ ॥ ২৯ ॥
ঐক্যাত্ম্যস্যানুভাবোঽনুধ্যানং যেষাং তেষাং বিকল্পো ভেদঃ তদ্রহিতোপি ॥ ৩০ ॥
সত্যমানেন সত্যভূতেন প্রমাণেন ॥ ৩১ ॥

ক্রমসন্দর্ভঃ।

যথা যেন প্রকারেণ ॥ ২৯ ॥

যথেতি যুগ্মকং। ঐকাত্ম্যানুভাবানাং কেবল পরম স্বরূপ দৃষ্টিপরাণাং বিকল্প রহিতঃ। পরমানন্দৈক রস পরম স্বরূপ তয়া স্ফুরন্নপি যথা যেন প্রকারেণ স্বেষু স্বস্বামিতয়া ভজৎস্বু মা মায়া কৃপা তয়া হেতুনা স্বয়ং বিচিত্রশক্তিময়েন স্ব স্বরূপেণৈবাকারণ ভূতেন ভূষণাদ্যাখ্যাঃ শক্তীঃ শক্তিময়াবির্ভাবাৎ ধত্তে গোচরয়তি তেনৈব বিদ্বদনুভবলক্ষণেন সত্যপ্রমাণেন। তদ্যদি সত্যং স্যাত্তদেত্যর্থঃ। তৈরেব ভূষণাদি লক্ষণৈঃ সর্ব্বৈঃ স্বরূপৈ র্বিচিত্র স্বরূপাবির্ভাবৈ র্নঃ পাতু অতএব বিষ্ণুধর্ম্মে বলিকৃতচক্রস্তবৌ যস্তদ্রূপ মনির্দ্দেশ্যমপি যোগিভিরুক্তৈমরিত্যাদ্যনন্তরঞ্চ। ভ্রমতস্তস্য চক্রস্য নাভিমধ্যে মহীয়তে। ত্রৈলোক্যমখিলং দৈত্যোদৃষ্টবান্ ভূর্ভুবাদিকমিতি। তদেবমেব নবমে শ্রীমদম্বরীষেণাপি চক্রমিদং স্তুতমস্তি। লিঙ্গানি গরুড়াকারধ্বজাদীনি। অনেন যৎ কচিদাকস্মিকত্বমিব শ্রূয়তে তদপি শ্রীভগবদাবির্ভাববৎ জ্ঞেয়ং। অত্র তৃতীয়ে চৈত্যস্য তত্ত্বমমলং মণিমস্য কণ্ঠে ইত্যপি সহায়ং। অতো দ্বাদশেপি কৌস্তুভ ব্যপদেশেন স্বাত্মজ্যোতি র্বিভর্ত্ত্যজঃ। ইত্যাদিকং বিরাড়্গতত্বেনোপাসনার্থ মভেদ দৃষ্ট্যা দর্শিতমেব যথাসম্ভবং সাক্ষাচ্ছ্রীবিগ্রহগতত্বেনাপ্যনুসন্ধেয়ং। তথাহি শ্রীবিষ্ণুপুরাণে। আত্মানমস্য জগতো নির্লেপমগুণামলং। বিভর্ত্তি কৌস্তুভমণিস্বরূপং ভগবান্ হরিরিতি ॥ ৩০। ৩১ ॥ ৩২ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যৎ সদসদ্রূপং জগৎ তদ্বস্তুতো ভগবানেব তচ্ছক্তেব বহিরঙ্গমায়াশক্তিকার্য্যত্বাৎ। সত্যেন শপথেনানেন ইতি যদ্যেবং ভূতো ভগবান্ সত্যঃ স্যাৎ তদাস্মাকমুপদ্রবা নশ্যন্তু। যদি বেদাঃ প্রমাণমিতিবৎ ॥ ২৯ ॥

ঐক্যাত্ম্যং চিন্ময়ত্বাদেক স্বরূপত্বং অনুভাবোলক্ষণং যাসাং তাসাং ভূষণাদীনাং শক্তীনাং বিকল্পরহিতঃ। স্বস্য তাসাঞ্চ চিদ্রূপত্বাৎ তাভ্যোভেদ রহিতোপি ভূষণাদ্যাখ্যাস্তাঃ শক্তীঃ। যথা ধত্তে তথা তেনৈব সত্যমানেন নঃ পাত্বিত্যন্বয়ঃ। তত্র ভূষণানি কৌস্তুভাদীনি আয়ুধানি চক্রাদীনি লিঙ্গানি চতুর্ভুজত্বাদীনি আখ্যা নামানি যাসাং তাঃ শক্তীঃ স্বরূপ শক্তিবৃত্তীর্ধত্তে। স্বমায়য়া স্বরূপশক্ত্যা স্বরূপ ভূতয়া নিত্য শক্ত্যা মায়াখ্যয়া যুতঃ। অতো মায়াময়ং বিষ্ণুং প্রবদন্তি মনীষিণ ইতি মাধ্বভাষ্য-প্রমাণিতশ্রুতেঃ। তেনৈব সত্যমানেন সত্য রূপ প্রমাণেন ভূষণায়ুধাদীনি চতুর্ভুজত্বাদীনিচ স্বরূপশক্তিময়ত্বাৎ স্বেনাভিন্নান্যেব ভগবান্ ধত্তে ইতি যদি সত্যং স্যাত্তদা সর্ব্বৈর্হরি র্বিদধ্যাদিত্যাদি মন্ত্রোক্তৈঃ স্বরূপৈঃ সর্ব্বত্র দেশে কালেচ সর্ব্বগঃ সন্ পাতু। সর্ব্বজ্ঞ ইত্যস্মন্মনোগতমাস্তিক্যং ভগবানেব জানাতীতি শপথো জ্ঞাপিতঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

এই সত্যে আমাদিগের সকল উপদ্রব বিনাশ প্রাপ্ত হউক ॥ ২৯ ॥

অপর যে সকল ব্যক্তি ঐকাত্ম্য ধ্যান করেন, তাঁহাদের হইতে অভিন্ন হইয়াও যে ভগবান্ স্বীয় মায়াচ্ছলে ভূষণ, আয়ুধ ও লিঙ্গাদি বিবিধ শক্তি ধারণ করিতেছেন ॥ ৩০ ॥

এবং তাহাই যাঁহার সত্যতার প্রমাণ, সেই স্ব স্বরূপ প্রমাণের হেতু সর্ব্বজ্ঞ ভগবান্ হরি আপনার সকল স্বরূপ দ্বারা আমাদিগকে সর্ব্বদা সকল স্থানে রক্ষা করুন ॥ ৩১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বিদিক্ষু দিক্ষূর্দ্ধমধঃ সমন্তাদন্তর্ব্বহির্ভগবান্নারসিংহঃ।
প্রহাপয়ল্লোকভয়ং স্বনেন স্বতেজসা গ্রস্তসমস্ততেজাঃ ॥ ৩২ ॥
মঘবন্নিদমাখ্যাতং বর্ম্ম নারায়ণাত্মকং। বিজেষ্যসেঽঞ্জসা যেন দংশিতোঽসুরযূথপান্ ॥ ৩৩ ॥
এতদ্ধারয়মানস্তু যং যং পশ্যতি চক্ষুষা। পদা বা সংস্পৃশেৎ সদ্যঃ সাধ্বসাৎ স বিমুচ্যতে।
ন কুতশ্চিদ্ভয়ং তস্য বিদ্যাং ধারয়তো ভবেৎ। রাজদস্যুগ্রহাদিভ্যো ব্যাধ্যাদিভ্যশ্চ কর্হিচিৎ ॥ ৩৪
ইমাং বিদ্যাং পুরা কশ্চিৎ কৌশিকো ধারয়ন্ দ্বিজঃ। যোগধারণয়া স্বাঙ্গং জহৌ স মরুধন্বনি ॥ ৩৫
তস্যোপরি বিমানেন গন্ধর্ব্বপতিরেকদা। যযৌ চিত্ররথঃ স্ত্রীভির্বৃতো যত্র দ্বিজক্ষয়ঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

পুনরপি শ্রীনৃসিংহ এব প্রার্থ্যতে। বিদিক্ষ্বিতি পাম্বিত্যনুষঙ্গঃ। যদ্বা নারসিংহঃ প্রহ্লাদঃ স্বনেন শ্রীনৃসিংহ নাম গর্জনেন স্বতেজসা স্বপ্রভাবেন গ্রস্তানি সমস্তানি দিগ্গজ বিষ শস্ত্র জল বায়্বগ্ন্যাদীনাং তেজাংসি প্রভাবা যেন সঃ ॥ ৩২ ॥
দংশিতঃ কবচিতঃ ॥ ৩৩ ॥
সোপি সাধ্বসাৎ ভয়াৎ বিমুচ্যতে। তস্য তু ভয়ং ন ভবেদেব ॥ ৩৪ ॥
এতদ্বিদ্যা প্রভাবমিতিহাসেনাহ ইমামিতি সার্দ্ধৈস্ত্রিভিঃ। মরুধন্বনি নিরুদকে দেশে অনেন বিদ্যায়াঃ ক্ষেত্রতীর্থানপেক্ষত্ব মুক্তং ॥ ৩৫ ॥ যত্র দ্বিজস্য ক্ষয়ো দেহত্যাগ স্তস্যোপরি ॥ ৩৬ ॥

ক্রমসন্দর্ভঃ।

অথ ভগবং স্তবাস্মাভি রখিল জগদুৎপত্তি স্থিতি লয় নিমিত্তায়মান দিব্যমায়াবিনোদস্য সকল জীব নিকায়ানামন্তর্হৃদয়েষু বহিরপিচ ব্রহ্ম প্রত্যগাত্ম স্বরূপেণ প্রধান রূপেণচ যথা দেশ কাল দেহাবস্থান বিশেষং তদুপাদানোপলম্ভকতয়ানুভবতঃ সর্ব্বপ্রত্যয় সাক্ষিণ আকাশ শরীরস্য সাক্ষাৎ পরব্রহ্মণঃ পরমাত্মনঃ কিয়ানিহ বার্থ বিশেষো বিজ্ঞাপনীয়ঃ স্যাদ্বিস্ফুলিঙ্গাদিভিরিব

শ্রীধরস্বামী।

অনুকম্পয়া অনুরঞ্জিতং সানুরাগঞ্চ তৎ বিশদঞ্চ রুচিরঞ্চ শিশিরঞ্চ স্মিতং তৎ সহিতেনাবলোকনেন তথা অনুকম্পয়ৈব বিগলিতো মধুরো মুখরস প্রিয়বাক্ সএবামৃতকলা তয়াচ ॥ ৩৮ ॥

কিঞ্চাস্মদভিপ্রায় স্ত্বয়া জ্ঞাত এব কিমত্রাস্মাভি র্বিজ্ঞাপনীয়মিত্যাহঃ। অথ হে ভগবন্ তবাস্মাভিরিহ কিয়ান্ বা অর্থ বিশেষো বিজ্ঞাপনীয়ঃ স্যাদিত্যন্বয়ঃ যথা হিরণ্যরেতসোঽগ্নে স্তদংশ ভূতৈ র্বিস্ফুলিঙ্গাদিভিঃ প্রকাশো ন ক্রিয়তে তথা তবাস্মাভিঃ কাম্যার্থ প্রকাশনং নকার্য্যমিত্যর্থঃ। তত্র হেতুগর্ভাণি বিশেষণানি। অখিল জগতামুৎপত্ত্যাদিষু নিমিত্তায়মানয়া দিব্য মায়য়া বিনোদো যস্য। অতএব সর্ব্বজীবনিকায়ানাং অন্তর্হৃদয়েষু ব্রহ্ম স্বরূপেণ প্রত্যগাত্মান্তর্যামী তদ্রূপেণচ বহিরপিচ প্রধান রূপেণ দেশকাল দেহাবস্থান বিশেষাননুল্লঙ্ঘ্যানু ভবতঃ কথং তেষামুপাদান তয়া উপলম্ভক তয়াচ উপাদানস্যোপলম্ভক তয়েতি বা। অতএব সর্ব্বেষাং প্রত্যয়ানাং বুদ্ধ্যাদিনামপি সাক্ষিণঃ। সাক্ষিত্বে হেতুঃ আকাশমিবালিপ্তং শরীরং স্বরূপং যস্য অলিপ্তত্বে

ক্রমসন্দর্ভঃ।

অথ ভগবন্নিতি সংবোধ্য ব্রহ্ম পরমাত্মরূপত্বেপি ভগবদ্রূপত্বস্যৈব শ্রৈষ্ঠ্যমভিপ্রেতং অতঃ প্রধান রূপেণ চেতি সর্ব্বশ্রেষ্ঠ রূপেণেতি ভগবদাখ্যেন চেত্যর্থঃ। আকাশ শরীরস্যেতি আ সর্ব্বতঃ কাশতে বিরাজতে যত্তৎ পরং ব্রহ্মৈব শরীরং যস্যেত্যর্থঃ ॥ ৩৯। ৪০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

সেব ধ্যানানুবদ্ধ হৃদয়স্য নিগড়ঃ শৃঙ্খলা যেষাং ত্বচ্চরণারবিন্দাত্মনো মধুপং আক্রষ্টুং নশক্নুম ইত্যর্থঃ। স্বলিঙ্গ বিবরেণ নিজ মূর্ত্তি প্রকটনেন বিগলিতঃ মুখচন্দ্রান্নিঃসৃতঃ মধুরো মুখরসঃ প্রিয়বাক্ সএবামৃতকলা তয়াচ ॥ ৩৮ ॥

তব ত্বয়ি কিয়ানর্থ বিশেষো বিজ্ঞাপনীয় ইত্যন্বয়ঃ। প্রত্যগাত্মা অন্তর্যামী তদ্রূপেণ বহিরপি বিষয়েষু প্রধানং মায়া ইন্দ্রিয়াদিকং তদ্রূপেণ দেশশ্চ কালশ্চ দেহস্যাবস্থান বিশেষা বাল্যাদয়শ্চ তাননতিক্রম্য অনুভবতঃ। তেষাং দেবাদি জীব নিকায়ানাং উপাদান তয়া করণত্বেন উপলম্ভকতয়া প্রকাশকত্বেনচ হৃদ্গতং বিজ্ঞাপনীয়ং জানত ইত্যর্থঃ। আকাশবদ্গুণৈরলিপ্তং শরীরং যস্য হিরণ্যরেতসোবহ্নে র্বিস্ফুলিঙ্গাদিভি স্তৎ কণভূতৈরিবাস্মাভিঃ ॥ ৩৯ ॥

গ্রহ প্রকাশ করিয়া সানুরাগ বিশদ রুচির সুস্নিগ্ধ স্মিত সহিত অবলোকন তথা বদন গলিত মধুর মনোহর বচন রূপ অমৃত কলা দ্বারা আমাদের অন্তস্তাপ শান্তি করিতে যোগ্য হউন ॥ ৩৮ ॥

হে ভগবন্! আমাদের প্রার্থনীয় কি বিষয় আপনাকে জ্ঞাপন করিব। যেমন অগ্নির অংশ স্ফুলিঙ্গ সকল অগ্নির প্রকাশ করিতে পারে না তেমনি আমরাও আপনার নিকট আমাদের অভিলষণীয় বিষয় প্রকাশ করিতে সমর্থ নহি। যে দিব্যা মায়া অখিল জগতের উৎপত্তি, স্থিতি ও লয়ের কারণ রূপে প্রকাশ পায়, সেই মায়া সহিত আপনি ক্রীড়া করেন। অতএব সকল জীবের অন্তর্হৃদয়ে ব্রহ্ম ও অন্তর্যামি স্বরূপে তথা বহির্ভাগে প্রধান স্বরূপে দেশ কাল দেহ অবস্থা বিশেষ অতিক্রমণ না করিয়া ঐ সকলের উপাদান ও উপলম্ভকত্ব রূপে অনুভব করিয়া থাকেন, সুতরাং আপনি স্বয়ং সকল প্রত্যয়ের অর্থাৎ বুদ্ধি ইত্যাদির সাক্ষী, সকলি জানিতেছেন। প্রভো! ঐ রূপ সাক্ষী হইবার কারণ এই, আপনার স্বরূপ আকাশের ন্যায় কিছুতেই লিপ্ত নহে, হে ভগবন্! আপনার স্বরূপ যে অবিলিপ্ত, তাহার হেতু

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri
Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitization by eGangotri

হিরণ্যরেতসঃ ॥ ৩৯ ॥
অতএব স্বয়ং তদুপকল্পয়াস্মাকং ভগবতঃ পরমগুরোস্তবচরণ শতপলাশচ্ছায়াং বিবিধ বৃজিন সংসার পরিশ্রমোপশমনীমুপস্থতানাং বয়ং যৎ কামেনোপসাদিতাঃ ॥ ৪০ ॥
অথো ঈশ জহি ত্বাষ্ট্রং গ্রসন্তং ভুবনত্রয়ং। গ্রস্তানি যেন নঃ কৃষ্ণ তেজাংস্যস্ত্রায়ুধানিচ ॥ ৪১ ॥
হংসায় দহ্রনিলয়ায় নিরীক্ষকায় কৃষ্ণায় মৃষ্ট যশসে নিরুপক্রমায়।

শ্রীধরস্বামী।

হেতুত্বয়ং সাক্ষাৎ পরব্রহ্মণো নিরুপাধেঃ পরমাত্মনঃ শুদ্ধসত্ত্বমূর্ত্তেঃ ॥ ৩৯ ॥
অতএব সর্ব্বজ্ঞত্বাদেব বয়ং যৎ কামেন যস্য কার্য্যস্য কামেন উপসাদিতাঃ প্রাপিতাঃ তদস্মাকং কার্য্যং স্বয়মেবোপকল্প্য সম্পাদয়। চরণমেব শতপালশং কমলং তস্য ছায়াং বিবিধৈ র্বৃজিনৈর্যঃ সংসার পরিশ্রমঃ তস্যোপশমকরীং। উপস্থতানাং প্রাপ্তানাং ॥ ৪০ ॥
পূর্ব্বং ভক্তেরুৎকর্ষোক্তে তৎ কাম শঙ্কা মাভূৎ ইতি স্বকামং কথয়ন্তি। অথোঽনন্তরমেব ॥ ৪১ ॥
শীঘ্রং তদ্বধায় পুনঃ প্রণমন্তি হংসায় শুদ্ধায় হরয়ে আর্ত্তিহরায় তে.নমঃ। শুদ্ধত্বে হেতবঃ। দহ্রনিলয়ায় হৃদয়াকাশ নিকেতায় নিরীক্ষকায় বুদ্ধ্যাদি সাক্ষিণে কৃষ্ণায় সদানন্দ রূপায়। কৃষির্ভূর্বাচকঃ শব্দোণশ্চ নির্বৃতি বাচকঃ তয়োরৈক্যং পরং ব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে ইতি নিরুক্তেঃ। আর্ত্তিহরত্বে হেতবঃ। মৃষ্টং রুচিকরং যশো যস্য। নিরুপক্রমায় আদিশূন্যায়। সদ্ভিঃ সংগৃহ্যত

ক্রমসন্দর্ভঃ।

উৎকণ্ঠয়া পুনঃ স্ফুটমেব। নিবেদয়ন্তি অথো ইতি ॥ ৪১। ৪২। ৪৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতএব সর্ব্বজ্ঞত্বাদেব বয়ং যৎ কামেন যস্য কামনয়া চরণপদ্মচ্ছায়াং উপসাদিতাঃ স্বয়ং ত্বয়ৈব প্রাপিতাঃ। তৎ কার্য্যং স্বয়মেব উপকল্প্য সম্পাদয়। ছায়াং কীদৃশীং উপস্থতানাং ভক্তানাং পরিশ্রমোপশমনীং ॥ ৪০ ॥
সর্ব্বত্রৈব স্তুতিষু শুদ্ধ ভক্তেরুৎকর্ষ কথনাৎ কদাচিদ্ভক্তিমেব দদাতি ভগবাংস্তথা সতি প্রেমাশ্রু কম্পাদিমন্তোবয়ং স্বর্গীয় সুখেষু বৈমুখ্যোদয়াৎ পৃথিব্যামেব পর্য্যটিষ্যামোঽস্মদ্বৈরিণ এবামরাবতী মধ্যাস্য বিরাজিষ্যন্তঃ ইত্যাশঙ্কয়া গাম্ভীর্য্যাভাবেনচ স্পষ্টমেব কামমাহুরথো ইতি ॥ ৪১ ॥
তব চরণয়োঃ পতামঃ শীঘ্রং জহীতি বৈকল্যেন শ্রীকৃষ্ণরূপিণং তং সর্ব্বমেব স্বাভিলষিতমভিব্যঞ্জয়ন্তঃ প্রণমন্তি। হংসায় সারাসারৌ বিমৃশ্য সারগ্রাহিণে। দহ্রনিলয়ায় অস্মদ্ধৃদয়সরোনিকেতায়। নিরীক্ষকায় তত্রাস্মদ্ধৃদয়েষু প্রস্তুতং কামমপি নিরীক্ষমাণায়। ততশ্চ মৃষ্টযশসে অস্মন্মহাবিপত্ত্রায়কস্ব লক্ষণং যশস্তে লোকা গায়ন্তিতি ভাবঃ। নিরুপক্রমায় অস্মন্নিবেদিত কৃতোষূপক্রমং বিনৈব তৎ সম্পাদন সমর্থায়। কিন্তু সতাং ভক্তানামেব প্রয়াসেনাপি সংগ্রহো নচান্যা বস্তূনাং যস্য তস্মৈ নমো

এই, আপনি সাক্ষাৎ পরব্রহ্ম অর্থাৎ নিরুপাধি এবং পরমাত্মা অর্থাৎ সত্ত্বমূর্ত্তি ॥ ৩৯ ॥
অতএব আমরা যে কার্য্যের কামনায় নিকটস্থ হইলাম, সর্ব্বতত্ত্বজ্ঞ গুণে স্বয়ং অবগত হইয়া আমাদের সেই কার্য্য সম্পন্ন করিতে আজ্ঞা হউক। হে ভগবন্! আপনি পরম গুরু, আপনার চরণ কমলের ছায়ায় বিবিধ বৃজিন জন্য সংসার পরিশ্রম উপশম প্রাপ্ত হয়, আমরা সেই ছায়ার আশ্রয় হইলাম ॥ ৪০
হে ঈশ! ত্বষ্টৃ তনয় বৃত্রাসুরকে আশু সংহার করুন। ঐ ব্যক্তি ত্রিভুবন গ্রাস করিয়াছে। প্রভো! ঐ দুষ্ট কর্ত্তৃক অস্মদাদির অস্ত্র শস্ত্র ও তেজঃ সমস্তই গ্রস্ত হইয়াছে ॥ ৪১ ॥
অহো! শুদ্ধ ও আর্ত্তিহারী সেই হরিকে আমরা নমস্কার করি। তাঁহার হৃদয়াকাশে নিবাস তিনি বুদ্ধি প্রভৃতির সাক্ষী, সর্ব্বদা আনন্দময়, অতএব শুদ্ধ। অপর তাঁহার যশঃ রুচিকর, তাঁহার আদি নাই, সাধুজনে তাঁহাকে সংগ্রহ করেন, আর তিনি সংসার রূপ পথে সতত বর্ত্তমান, যে ব্যক্তি

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সৎসংগ্রহায় ভবপান্থ নিজাশ্রমাপ্তাবন্তে পরীষ্টগতয়ে হরয়ে নমস্তে ॥ ৪২ ॥

শ্রীশুক উবাচ ॥

অথৈবমীড়িতোরাজন্ সাদরং ত্রিদশৈর্হরিঃ। স্বমুপস্থানমাকর্ণ্য প্রাহ তানভিনন্দিতঃ ॥ ৪৩ ॥

শ্রীভগবানুবাচ ॥

প্রীতোহং বঃ সুরশ্রেষ্ঠামদুপস্থানবিদ্যয়া। আত্মৈশ্বর্য্যস্মৃতিঃ পুংসাং ভক্তিশ্চৈব যয়া ময়ি ॥ ৪৪ ॥

কিং দুরাপং ময়ি প্রীতে তথাপি বিবুধর্ষভাঃ। ময্যেকান্তমতির্নান্যন্মত্তো বাঞ্ছতি তত্ত্ববিৎ ॥ ৪৫

শ্রীধরস্বামী।

ইতি তথা তস্মৈ ভবপান্থঃ ভবরূপে পথি বর্ত্তমানঃ তস্য নিজাশ্রমাপ্তৌ স্বশরণ প্রাপ্তৌ সত্যাং সংসারস্যান্তে পরীষ্টা সর্ব্বতঃ পূজিতা উত্তমা গতিঃ ফলং যস্তস্মৈ ॥ ৪২ ॥

অভিনন্দিতঃ সন্তোষিতঃ ॥ ৪৩ ॥

মদীয়মুপস্থানং স্তোত্রং তৎসহিতয়া বিদ্যয়া জ্ঞানেন। আত্মন ঐশ্বর্য্য অসংসারিত্বং তস্য স্মৃতিঃ নহি বিরোধ উভয়মিত্যা-বিনা কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাদে র্মায়িকত্বোক্তেঃ ভক্তিশ্চ যয়া ভবতি। অথহ বাবেত্যাদিনা ভক্তেঃ সর্ব্বোৎকর্ষোক্তেঃ ॥ ৪৪ ॥

ভক্তমভিনন্দতি কিমিতি ॥ ৪৫ ॥

ক্রমসন্দর্ভঃ।

আত্মা জীবশ্চ ঈশ্বরশ্চ আত্মেশ্বরৌ। তয়োর্ভাবঃ আত্মৈশ্বর্য্যং। উভয়পদবৃদ্ধিঃ। তস্য স্মৃতির্ব্বিবেকো যস্যাঃ অথ তত্র ভবান্ কিং দেবদত্তবদিত্যাদেঃ ॥ ৪৪। ৪৫। ৪৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

হকিঞ্চনবিত্তায়েতি বচনাৎ কিঞ্চ ভববর্ত্মনি যে পান্থা স্তেষামস্মদাদি দুর্জীবানাং শুদ্ধভক্তি রহিতানামপি নিজস্যাশ্রমস্য প্রাপ্তৌ অবিদ্যাং তীর্ত্বা স্বানন্দাধিগমে সতীত্যর্থঃ। সংসারস্য অন্তে পরি সর্ব্বতো ভাবেনেষ্টা বাঞ্ছিতা গতিঃ সাযুজ্যং সালোক্যং দাস্যাদি প্রেমা বা যতস্তস্মৈ ॥ ৪২। ৪৩ ॥

মমোপস্থানং স্তোত্রমেব বিদ্যা তয়া। আত্মৈশ্বর্য্যেতি যে মামনয়া স্তুবন্তি তেষাং মদৈশ্বর্য্য স্মৃতির্ভবেৎ। আত্মনৈবাবিক্রিয়-মাণেন সগুণমগুণঃ সৃজসি হরসি পাসীত্যতর্কৈশ্বর্য্যোক্তেঃ ॥ ৪৪ ॥

অহো দৌর্ভাগ্যং মূর্খতাচ যুষ্মাকং অনয়া বিদ্যয়া মাং স্তুত্বাপি ভক্তিং ন প্রার্থয়ধ্বে ইত্যাহ কিমিতি ॥ ৪৫ ॥

তাঁহাব শরণ প্রাপ্ত হয়, তিনি তাহার পক্ষে সংসারান্তে উত্তম গতি স্বরূপ হইয়া থাকেন, অতএব তিনি পরম আর্ত্তিহারী ॥ ৪২ ॥

শুকদেব কহিলেন রাজন্! অমর বৃন্দ এই প্রকারে আদর পূর্ব্বক স্তব করিলে ভগবান্ হরি শ্রবণ করিয়া সাতিশয় সন্তোষ প্রকাশ করত তাঁহাদিগকে কহিলেন ॥ ৪৩ ॥

হে দেবশ্রেষ্ঠ সকল! আমার এই স্তোত্র সমন্বিত তোমাদের জ্ঞান দ্বারা আমি অতিশয় প্রীত হইলাম। এই স্তব সহিত জ্ঞানে পুরুষদের আত্মার ঐশ্বর্য্য অর্থাৎ অসংসারিত্ব স্মরণ হইবে এবং আমাতে ঐকান্তিকী ভক্তি জন্মিবে ॥ ৪৪ ॥

হে বিবুধর্ষভগণ! আমি প্রীত হইলে পুরুষদের আর দুষ্প্রাপ্য কি থাকে? অর্থাৎ কিছুই থাকে না। অতএব তত্ত্বজ্ঞ ব্যক্তি আমাতেই একান্ত ভাবে চিত্তসমর্পণ করিয়া মত্ত হইয়া থাকেন, অন্য কিছুই ইচ্ছা করেন না ॥ ৪৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নবেদ কৃপণঃ শ্রেয় আত্মনো গুণবস্তুদৃক্। তস্য তানিচ্ছতো যচ্ছেদ্যদি সোপি তথাবিধঃ॥ ৪৬॥
স্বয়ং নিশ্রেয়সং বিদ্বান্ নবক্ত্যজ্ঞায় কর্ম্ম হি। নরাতি রোগিণোঽপথ্যং বাঞ্ছতোপি ভিষক্তমঃ॥৪৭
মঘবন্ যাত ভদ্রং বো দধ্যঞ্চমৃষিসত্তমং। বিদ্যাব্রত তপঃ সারং গাত্রং যাচত মাচিরং॥ ৪৮॥
স বা অধিগতোদধ্যঙ্ঙশ্বিভ্যাং ব্রহ্ম নিষ্কলং। যদ্বা অশ্বশিরো নাম তয়োরমরতাং ব্যধাৎ॥ ৪৯॥

শ্রীধরস্বামী।

যদুক্তং দেবৈঃ স্বয়ং তদুপকল্পয়াস্মাকমিত্যাদি। তৎসম্পাদনং কৃপালোর্মানুচিতমিত্যাশয়েনাহ ন বেদেতি দ্বাভ্যাং গুণেষু বিষয়েষু তত্ত্বদর্শী তান্ বিষয়ান্ তথা বিধোঽজ্ঞ এব॥ ৪৬॥

কর্ম্ম প্রবৃত্তিমার্গং ন বক্তি হি অপথ্যং যথা ন রাতি দদাতি ভিষকৃত্তমঃ সদ্বৈদ্যঃ॥ ৪৭॥

এবং তত্ত্বকথনেনানৌচিত্যং পরিহৃত্য তদভিপ্রায়মনুসরন্নাহ মঘবন্নিতি। বিদ্যয়া ব্রতৈস্তপসাচ সারং দৃঢ়ং গাত্রং শরীরং যাচধ্বং॥ ৪৮॥

তত্র তদীয়ং বিদ্যাতিশয়মাহ স বা ইতি দ্বাভ্যাং। এবং হ্যত্র প্রসিদ্ধা কথা। নিশম্যাঽথর্ব্বণং দক্ষং প্রবর্গ্য ব্রহ্মবিদ্যয়োঃ। দধ্যঞ্চং সমুপাগম্য তমূচতুরথাশ্বিনৌ। ভগবন্ দেহি নৌ বিদ্যামিতি শ্রুত্বা সচাব্রবীৎ। কর্ম্মণ্যবস্থিতোদ্যাহং পশ্চাদ্বক্ষ্যামি

ক্রমসন্দর্ভঃ।

স্বয়মিতি। তস্মান্ন বুদ্ধিভেদং জনয়েদিত্যাদিকং। অসমর্থোপদেষ্টৃ বিষয়ং জ্ঞেয়ং॥ ৪৭। ৪৮॥
নিষ্কলং মায়াতীতং॥ ৪৯। ৫০। ৫১। ৫২॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যদ্যপি যূয়ং মূর্খা বিষয়ানভিলসন্তঃ স্বভদ্রাভদ্রং ন জানীথ তদপ্যহন্ত বিজ্ঞস্তান্ কথং যুষ্মভ্যং দদামি। নহি মাতা সুতেভ্যঃ স্বহস্তেন বিষং দদাতীত্যাহ নেতি গুণান্ বিষয়ানেব বস্তু পুরুষার্থং পশ্যতীতি স আত্মনঃ শ্রেয়ো ন বেদ। তস্য তস্মৈ তানেব যো বিজ্ঞোপি যচ্ছেৎ সোপি অজ্ঞএব॥ ৪৬॥

কর্ম্ম ন বক্তি প্রবৃত্তিমার্গং নোপদিশতি অপথ্যং যথা ন রাতি ন দদাতি ভিষক্তমঃ সদ্বৈদ্যঃ॥ ৪৭॥

তদপি যদি দেহারামত্বাদ্বিষয়ান্ বিনা ম্রিয়ধ্বে তর্হি তত্রোপায়ং শৃণুতেত্যাহ মঘবন্নিতি বিদ্যয়া ব্রতৈস্তপসাচ সারং দৃঢ়ং গাত্রং শরীরং যাচত যাচধ্বং॥ ৪৮॥

তদীয়ং বিদ্যাতিশয়মাহ স বা ইতি দ্বাভ্যাং। এবং হ্যত্র প্রসিদ্ধা কথা। নিশম্যাথর্ব্বণং দক্ষং প্রবর্গ্য ব্রহ্মবিদ্যয়োঃ। দধ্যঞ্চং সমুপাগম্য তমূচতুরথাশ্বিনৌ। ভগবন্ দেহি নৌ বিদ্যামিতি শ্রুত্বা সচাব্রবীৎ। কর্ম্মণ্যবস্থিতোদ্যাহং পশ্চাদ্বক্ষ্যামি গচ্ছতং।

হে বৎসগণ! যে ব্যক্তি বিষয় সকলে তত্ত্ব দর্শন করে, সে অতি কৃপণ, আপনার শ্রেয়ঃ কি তাহা জানিতে পারে না, সুতরাং বিষয়েতে তাহার যে ইচ্ছা, তাহা সম্পাদন করিয়া দেওয়া দয়ালু ব্যক্তির উচিত হয় না, তাহার তুল্য অজ্ঞ পুরুষেই তাহা সম্পন্ন করিয়া দিতে পারে॥ ৪৬॥

যে ব্যক্তি বিজ্ঞ, স্বয়ং নিঃশ্রেয়স অবগত আছেন তিনি কখন অজ্ঞকে প্রবৃত্তিমার্গ উপদেশ করিতে পারেন না, রোগী অভিলাষ করিলেও সদ্বৈদ্য কি কখন তাহাকে অপথ্য দিতে পারে?॥ ৪৭॥

হে রাজন্! এই প্রকার তত্ত্ব কথন দ্বারা অনৌচিত্য পরিহারানন্তর ইন্দ্রের অভিপ্রায় অনুসরণ পূর্ব্বক সেই ভগবান্ কহিতে লাগিলেন। হে দেবেন্দ্র! এক্ষণে স্বস্থানে গমন কর, তোমার মঙ্গল হউক। দধ্যঞ্চ ঋষির শরীরটী বিদ্যা ব্রত ও তপস্যা দ্বারা অতিশয় দৃঢ়, তাঁহার নিকটে গমন পূর্ব্বক তদীয় দেহ যাচ্ঞা কর, বিলম্ব করিও না॥ ৪৮॥

হে দেবরাজ! সেই মুনি অধ্যাত্ম বিদ্যায় অতিশয় বিদ্বান্, তিনিই শুদ্ধ ব্রহ্ম অধিগত হইয়া অশ্বিনীকুমার দ্বয়কে তাহা প্রদান করেন, সেই ব্রহ্ম অশ্বের শিরঃ দ্বারা কথিত হইয়াছিল এই কারণে

Dr. Urmila Sharma Collection, Varanasi

দধ্যঙ্ঙাথর্ব্বণস্ত্বষ্ট্রে বর্ম্মাভেদ্যং মদাত্মকং। বিশ্বরূপায় যৎ প্রাদাৎ ত্বষ্টা যত্ত্বমধাস্ততঃ ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

যদি মদ্বাক্যমুল্লঙ্ঘ্য গচ্ছতঃ। তয়ো নির্গতয়োরেব শক্র আগত্য তং মুনিং। উবাচ ভিষজো বির্দ্যাং মাবাদী রশ্বিনোর্মুনে। ব্রবীষি সহৈসব তে। শিরশ্ছিন্দ্যাং ন সন্দেহ ইত্যুক্ত্বা প্রযযৌ হরিঃ। ইন্দ্রে গতে তথাভেত্য নাসত্যাবূচতুর্দ্বিজং। তন্মুখাদিন্দ্র গদিতং শ্রুত্বা তাবূচতুঃ পুনঃ। আবাঃ তব শিরচ্ছিত্বা পূর্ব্বমশ্বস্য মস্তকং। সন্ধাস্যাব স্ততো ব্রূহি তেন বিদ্যাঞ্চ নৌ দ্বিজ। তস্মিন্নিন্দ্রেণ সংছিন্নে পুনঃ সন্ধায় মস্তকং। নিজস্তে দক্ষিণাং দত্বা গমিষ্যাব্বো যথাগতং। এতৎ শ্রুত্বা তথাবোচৎ দধ্যঙ্ঙাথর্ব্বণস্তয়োঃ। প্রবর্গ্যং ব্রাহ্মবিদ্যাঞ্চ সংকৃতোঽসত্যশঙ্কিত ইতি। ততশ্চায়মর্থঃ। দধ্যঙ্ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অধিগতঃ জ্ঞাতবান্। নিষ্কৃতমিতি পাঠেতু নিতরাং কৃতং ভবতি ধনং যেন তং প্রবর্গ্যঞ্চাধিগত ইত্যর্থঃ ততোঽশ্বিভ্যাং প্রদাদিত্যুত্তরস্যানুষঙ্গঃ উপদিদেশেত্যর্থঃ কথম্ভূতং ব্রহ্ম যদ্বৈ অশ্বশিরসা প্রোক্তত্বাৎ অশ্বশিরোনাম প্রসিদ্ধং তয়োরমরতাং জীবন্মুক্তত্বং ব্যধাৎ তথাচ শ্রুতিঃ অশ্বস্য শীর্ষ্ণা প্রযতানুবাচেতি ॥ ৪৯ ॥

মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচঞ্চ অধিগত ইতি পূর্ব্বস্যানুষঙ্গঃ। তত্র হেতুঃ যদযস্মাৎ ত্বষ্ট্রে প্রাদাৎ কিং তৎ যৎ ত্বষ্টা বিশ্ব

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তয়ো নির্গতয়োরেব শক্র আগত্য তং মুনিং। উবাচ ভিষজোর্ব্বিদ্যাং মাবাদীরশ্বিনোর্মুনে। যদি মদ্বাক্যমুল্লঙ্ঘ্য ব্রবীষি সহ সৈব তে। শিরশ্ছিন্দ্যাং ন সন্দেহ ইত্যুক্ত্বা স যযৌ হরিঃ। ইন্দ্রে গতে তথাভোত্য নাসত্যাবূচতুর্দ্বিজং। তন্মুখাদিন্দ্রগদিতং শ্রুত্বা তাবূচতুঃ পুনঃ। আবাং তব শিরশ্ছিত্বা পূর্ব্বমশ্বস্য মস্তকং। সন্ধাস্যাবস্ততো ব্রূহি কেন বিদ্যাঞ্চ নৌ দ্বিজ। তস্মিন্নিন্দ্রেণ সংছিন্নে পুনঃ সন্ধায় মস্তকং। নিজং তে দক্ষিণাং দত্বা গমিষ্যাবো যথাগতং। এতচ্ছ্রুত্বা তথোবাচ দধ্যঙ্ঙাথর্ব্বণস্তয়োঃ। প্রবর্গ্যং ব্রহ্মবিদ্যাঞ্চ সৎকৃতোঽসত্যশঙ্কিত ইতি। ততশ্চায়মর্থঃ। দধ্যঙ্ নিষ্কলং শুদ্ধং ব্রহ্ম অধিগতঃ জ্ঞাতবান্ নিষ্কৃতমিতি পাঠে কৃতাদনিত্য পদার্থান্নিষ্ক্রান্তং। ততোঽশ্বিভ্যাং প্রাদাদিত্যুত্তরস্যানুষঙ্গঃ ব্রহ্ম কীদৃশং যদ্বৈ অশ্বশিরসা প্রোক্তত্বাদশ্বশিরোনাম। তয়োরমরতাং জীবন্মুক্তত্বং ব্যধাৎ। তথাচ শ্রুতিঃ। অশ্বস্য শীর্ষ্ণা প্রযতীমুবাচেতি ॥ ৪৯ ॥

মদাত্মকং বর্ম্ম শ্রীনারায়ণকবচং ত্বষ্ট্রে প্রাদাৎ যৎ কবচং ত্বষ্টা বিশ্বরূপায় স্বপুত্রায় প্রাদাৎ ততো বিশ্বরূপাৎ ত্বং যৎ অধা ধৃতবানসি

অশ্বশিরঃ নামে প্রসিদ্ধ হইয়াছে, এই বিদ্যা হইতেই অশ্বিনীকুমারদিগের জীবন্মুক্তত্ব লাভ হয় ॥ ০ ॥

এই বিষয়ে একটী প্রসিদ্ধ কথা আছে যে অশ্বিনী কুমারদ্বয় শুনিতে পাইলেন দধ্যঞ্চ ঋষি প্রবর্গ্য ও ব্রহ্ম বিদ্যায় দক্ষ, অতএব তাঁহার সমীপে গমন করিয়া কহিলেন ব্রহ্মন্! আপনি যে বিদ্যায় পারদর্শী হইয়াছেন আমাদিগকে তাহা উপদেশ করুন। অশ্বিনীকুমারদিগের এই প্রার্থনায় ঐ মুনি প্রত্যুত্তর করিলেন, সম্প্রতি আমি কর্ম্মে নিবিষ্ট আছি, এক্ষণে যাও পশ্চাৎ কহিব। অশ্বিনীকুমারেরা মুনির কথায় তাঁহার আশ্রম হইতে নির্গত হইবামাত্র দেবরাজ ইন্দ্র ঐ ঋষির সমীপে আগমন করিয়া কহিলেন, মুনে! অশ্বিনীকুমারেরা বৈদ্য, ভিষক্‌দের প্রতি ব্রহ্মবিদ্যা উপদেশ অকর্ত্তব্য, অতএব তাহাদিগকে ঐ বিদ্যা প্রদান করিবেন না, যদি আমার বাক্য উল্লঙ্ঘন করিয়া উপদেশ দেন তাহা হইলে আমি তৎক্ষণাৎ আপনার শিরশ্ছেদন করিব ইহাতে সন্দেহ নাই। এই কথা বলিয়া দেবরাজ প্রস্থান করিলে অবিলম্বেই অশ্বিনীকুমারেরা পুনরায় বিদ্যার্থী হইয়া ঐ মুনির আশ্রমে আগমন করিলেন এবং মুনির প্রমুখাৎ ইন্দ্রের ঐ কথা শুনিয়া কহিলেন, আমরা প্রথমে আপনার মস্তক ছেদন করিয়া অশ্বের মুণ্ড সন্ধান করি, আপনি ঐ মুখ দিয়া আমাদিগকে বিদ্যা উপদেশ করুন। ইন্দ্র আসিয়া আপনার ঐ মুণ্ড ছেদন করিলে আমরা পুনর্ব্বার আপনার নিজমুণ্ড সেই কবন্ধে সন্ধান করিয়া দিব, তদনন্তর বিদ্যোপদেশ নিমিত্ত দক্ষিণা দিয়া যাইব। দধ্যঞ্চ মুনি ঐ কথা শুনিয়া অশ্বিনীকুমারদিগকে অশ্বমুণ্ড দ্বারা প্রবর্গ্য ও ব্রহ্মবিদ্যা উপদেশ করিয়াছিলেন, এই কারণে ঐ বিদ্যা অশ্বশির নামে প্রসিদ্ধ হয় ॥ ৪৯ ॥

দেবরাজ! দধ্যঞ্চ মুনি মদাত্মক বর্ম্ম অর্থাৎ নারায়ণ কবচ প্রাপ্ত হইয়াছিলেন এবং তিনিই ত্বষ্টাকে

যুষ্মভ্যং যাচিতোঽশ্বিভ্যাং ধর্ম্মজ্ঞোঽঙ্গানি দাস্যতি। ততস্তৈরায়ুধশ্রেষ্ঠো বিশ্বকর্ম্ম বিনির্ম্মিতঃ।
যেন বৃত্রশিরোহর্ত্তাগত্তেজ উপবৃংহিতঃ ॥ ৫১ ॥

তস্মিন্ বিনিহতে যূয়ং তেজোস্ত্রায়ুধসম্পদঃ। ভূয়ঃ প্রাপ্স্যথ ভদ্রং বো নহিংসন্তিচ মৎপরান্ ॥ ৫২

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে ভগবদুপদেশো
নাম নবমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৯ ॥ * ॥

শ্রীধরস্বামী।

রূপায় পুত্রায় প্রাদাৎ কীদৃশং যৎ ত্বং ততো বিশ্বরূপাৎ অধা ধৃতবানসি। তদেবং বিদ্যয়া সারং গাত্রং যাচধ্বমিত্যর্থঃ ॥ ৫০ ॥

নমু শ্রেষ্ঠং দেহং কথং দাস্যতি তত্রাহ যুষ্মভ্যমঙ্গানি অস্থীনি যাচিতঃ সন্ দাস্যতি। যতোধর্ম্মজ্ঞঃ বিশেষতোঽশ্বিভ্যাং শিষ্যপ্রীত্যা-দাস্যতি অঙ্গানীত্যনেন হেয়ত্বং দর্শিতং। তৈরস্থিভি বিশ্বকর্ম্মণা নির্ম্মিত আয়ুধশ্রেষ্ঠো বজ্রো ভবিষ্যতীতি শেষঃ। যেন ভবান্ বৃত্রস্য শিরোহর্ত্তা হরিষ্যতি মম তেজসা উপবৃংহিতঃ সন্ ॥ ৫১ ॥

তেজশ্চাস্ত্রাণিচ আয়ুধানিচ সম্পদশ্চ ভূয়ঃ প্রাপ্স্যথ। মহাকায়ঃ ত্রিভুবন গ্রাসী সএবাস্মান্ হন্যাদিতি শঙ্কাকুলচিত্তান্ প্রত্যাহ। মৎপরাংশ্চ কেপি ন হিংসন্তি অতোযুষ্মাকং ভদ্রমেবেতি শেষঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে নবমঃ ॥ * ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি শ্রীমদ্ভাগবতে ষষ্ঠস্কন্ধে শ্রীজীবগোস্বামি কৃত ক্রমসন্দর্ভে নবমোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অতএব বিদ্যয়া সারং গাত্রং যাচধ্বমিত্যর্থঃ ॥ ৫০ ॥

নন্বেবং কোদাতা যঃ স্বগাত্রমপি দদ্যাৎ তত্রাহ। যুষ্মভ্যমিতি বিশেষতোঽশ্বিভ্যাং শিষপ্রীত্যা দাস্যতি। অশ্বিভ্যাং হেতুভ্যামিতি বা ॥

তৈরঙ্গৈরস্থিভিঃ ভবিষ্যতীতি শেষঃ ॥ ৫১ ॥

নমু সর্ব্বগ্রাসিনা বৃত্রেণ সার্দ্ধং যোদ্ধুং নশক্নুমস্তস্মাত্তং হন্তং স্বয়মেব যতস্বেত্যত আহ নহিংসন্তীতি বৃত্রস্তদ্বশীভূতা অসুরাশ্চ মৎপরান্ যুষ্মান্ ন ঘ্নন্তি বৃত্রস্য পরম ভক্তত্বেন মদর্থং স্বদেহমপি জিহাসোর্বস্তুতো যুষ্মাসু দ্বেষো নাস্ত্যেব যথা যুষ্মাকং তস্মিন্নিতি ভাবঃ ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য নবমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

ঐ কবচ উপদেশ করেন, ত্বষ্টা হইতে বিশ্বরূপ প্রাপ্ত হন, পরে বিশ্বরূপ তোমাকে দিয়াছেন। অতএব ঐ মুনির গাত্র নারায়ণ কবচ প্রভাবে অতিশয় দৃঢ়, তোমরা গিয়া তাঁহার সেই গাত্র যাচ্ঞা কর ॥ ৫০

হে মহেন্দ্র! সকলেরই দেহ অত্যন্ত প্রিয়, ঐ মুনি তাহা কেন প্রদান করিবেন এমত আশঙ্কা করিও না, তিনি পরম ধর্ম্মজ্ঞ, তোমরা বিশেষতঃ অশ্বিনীকুমারদ্বয় যাচ্ঞা করিলে শিষ্যপ্রীতি বশতঃ তৎক্ষণাৎ আপনার অঙ্গ প্রদান করিবেন। সেই সকল অস্থির দ্বারা বিশ্বকর্মা যে শস্ত্র নির্ম্মাণ করিবেন তাহা আয়ুধ শ্রেষ্ঠ অর্থাৎ বজ্র হইবে। তুমি আমার তেজে বর্দ্ধিত হইয়া ঐ বজ্রের দ্বারা বৃত্রাসুরের মস্তক ছেদন করিও ॥ ৫১ ॥

হে দেবগণ! ঐ দানব নিহত হইলে তোমরা সকলে পুনরায় স্ব স্ব তেজঃ, অস্ত্র ও সম্পদ প্রাপ্ত হইবে। ঐ অসুর মহাকায়, ত্রিভুবন গ্রাসী, তোমাদিগকে গ্রাস করিবে এমত আশঙ্কা করিও না, যে সকল পুরুষ আমার আশ্রিত, তাহাদের হিংসা করিতে কেহ সমর্থ হয় না, অতএব তোমাদের মঙ্গল হইবে সন্দেহ নাই ॥ ৫২ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে নবম ॥ * ॥

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইন্দ্রমেবং সমাদিশ্য ভগবান্ বিশ্বভাবনঃ। পশ্যতামনিমেষাণাং তত্রৈবান্তর্দধে হরিঃ ॥ ১ ॥

তথাভিযাচিতো দেবৈ ঋ'ষিরাথর্ব্বণোমহান্। মোদমান উবাচেদং প্রহসন্নিব ভারত ॥ ২ ॥

অপি বৃন্দারকা যূয়ং ন জানীথ শরীরিণাং। সংস্থায়াং যস্ত্বভিদ্রোহো দুঃসহশ্চেতনাপহঃ ॥ ৩ ॥

জিজীবিষূণাং জীবানামাত্মা প্রেষ্ঠ ইহেপ্সিতঃ। ক উৎসহেত তং দাতুং ভিক্ষমাণায় বিষ্ণবে ॥ ৪ ॥

শ্রীদেবা ঊচুঃ ॥

কিং নু তদ্দুস্ত্যজং ব্রহ্মন্ পুংসাং ভূতানুকম্পিনাং। ভবদ্বিধানাং মহতাং পুণ্যশ্লোকেড্যকর্ম্মণাং ॥ ৫

শ্রীধরস্বামী।

দশমে কেশবাদিষ্ট দধ্যগস্থিজ বজ্রধৃক্। ইন্দ্রোযুধ্যত বৃত্রেণ সাসুরেণ সনির্জ্জরঃ ॥ ১ ॥

মোদমান এব তন্মুখাদ্ধর্ম্মং শ্রোতুকামঃ প্রত্যাচক্ষাণ ইবোবাচ অপীতি দ্বাভ্যাং ॥ ২ ॥

হে বৃন্দারকা অপি কিং সংস্থায়াং মৃতৌ যোঽভিদ্রোহো দুঃখং তং ন জানীথ ॥ ৩ ॥

আত্মা দেহঃ বয়ং জানীম এব কিন্তু শ্রীবিষ্ণুরস্মন্মুখেন যাচত ইতি চেত্তত্রাহ বিষ্ণবেপি দাতুং ক উৎসহেত ॥ ৪ ॥

পুণ্যশ্লোকৈ রীড্যানি কর্ম্মাণি যেষাং ॥ ৫ ॥

দশমোধ্যায়স্য ক্রমসন্দর্ভো নাস্তি ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দধীচো যাচিতাৎ প্রাপ্তৈরস্থিভির্বজ্রনির্ম্মিতিঃ। দশমেঽভূজ্জয়শ্চাজৌ দেবানামসুরৈঃ সহ ॥ ১ ॥

মোদমানোপি প্রহসন্নিব যাজ্ঞা প্রত্যাখ্যানেন তান্ তিরস্কুর্ব্বন্নিব ॥ ২ ॥

সংস্থায়াং মৃত্যৌ ॥ ৩ ॥

আত্মা দেহঃ বয়ং জানীম এব কিন্তু বিষ্ণুরেবাস্মন্মুখেন যাচতে ইতি চেত্তত্রাহ। বিষ্ণবেপি দাতুং ক উৎসহেত ॥ ৪ । ৫ ॥

দশমাধ্যায়ে ভগবানের আদেশে দধ্যঞ্চ ঋষির অস্থি নির্ম্মিত বজ্র ধারণ পূর্ব্বক বৃত্রাসুর সহ অমর রাজের সংগ্রাম ॥ ০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! বিশ্বভাবন ভগবান্ হরি, ইন্দ্রকে এই প্রকার আদেশ করিয়া দর্শন কারি দেবগণের সমক্ষে সেই স্থানেই অন্তর্হিত হইলেন ॥ ১ ॥

তদনন্তর দেবগণ মহান্ আথর্ব্বণ দধ্যঞ্চ মুনি সন্নিধানে গমন করিয়া তাঁহার শরীর যাচ্ঞা করিলেন। হে ভারত! দেবতাদের প্রমুখাৎ ধর্ম্ম শুনিতে ঐ মুনির অভিলাষ ছিল অতএব আনন্দ প্রকাশ পূর্ব্বক প্রত্যাখ্যানের ন্যায় হাস্য বচনে কহিলেন ॥ ২ ॥

অহে বৃন্দারকগণ! শরীরধারিদিগের শরীর নাশে যে দুঃখ হয়, বোধকরি তোমরা তাহা জান না। অহে অমরবৃন্দ! মৃত্যু যাতনা অতিশয় দুঃসহা, তাহা চেতনাকে বিনষ্ট করে ॥ ৩ ॥

অপর যে সকল জীব জীবিত থাকিতে ইচ্ছা করে, তাহাদের দেহই অতিশয় প্রিয়, যদি বল আমরা তোমার দেহ চাহিতেছি না, আমাদের মুখ দিয়া ভগবান্ বিষ্ণু যাচ্ঞা করিতেছেন। তাহার উত্তর এই, কোন্ ব্যক্তি আপনার দেহ, যাচমান বিষ্ণুকেও দান করিতে উৎসাহী হইতে পারে? ॥ ৪ ॥

দধ্যঞ্চ মুনির এই সকল কথা শুনিয়া দেবগণ কহিতে লাগিলেন ব্রহ্মন্! যে সকল মহাপুরুষ আপনার তুল্য দয়াবান্, পুন্যবান্ লোকেরা সর্ব্বদা যাঁহাদের কর্ম্ম সকলের প্রসংশা করিয়া থাকেন, তাঁহাদের পরোপকারার্থ দুস্ত্যজ কি আছে? ॥ ৫ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নূনং স্বার্থপরো লোকো ন বেদ পরসঙ্কটং। যদি বেদ নযাচেত নেতি নাহ যদীশ্বরঃ ॥ ৬ ॥

ঋষিরুবাচ ॥

ধর্ম্মং বঃ শ্রোতুকামেন যূয়ং মে প্রত্যুদাহৃতাঃ। এষ বঃ প্রিয়মাত্মানং ত্যজন্তং সংত্যজাম্যহং ॥ ৭ ॥

যোহধ্রুবেনাত্মনা নাথা ন ধর্ম্মং ন যশঃ পুমান্। ঈহেত ভূতদয়য়া স শোচ্যঃ স্থাবরৈরপি ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

যাচকো যদি বেদ তর্হি ন যাচেত যদীশ্বরো দানসমর্থঃ বেদ তর্হি সোপি নেতি নাহ অতো যথা তব সঙ্কটং বয়ং স্বার্থপরা ন জানীমঃ এবং প্রত্যাচক্ষাণস্ত্বমস্মৎ সঙ্কটং ন জানাসীতি ভাবঃ ॥ ৬ ॥

মে ময়া প্রত্যুদাহৃতাঃ প্রত্যুক্তাঃ ত্যজন্তং মাং ত্যক্ত্বা যান্তং আত্মানং দেহং ॥ ৭ ॥

অধ্রুবেণাত্মনা দেহেন হে নাথাঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ঋষিরাহ নূনমিত্যাদি ন যাচেতেত্যন্তং। দেবাঃ প্রত্যাহুঃ নূনমিত্যাদি পদ্যমেব নযাচেতেতি। চতুরক্ষর বিনা ভূতং। ততশ্চার্থান্তরন্যাসস্তাত্র বিশেষতোঽয়মর্থঃ। যাচকো লোকঃ নূনং স্বার্থপরঃ স্বর্গাদ্যৈশ্বর্য্যভোগপরঃ। পরন্তু দাতুঃ সঙ্কটং স্বদেহাস্থি প্রদানে পীড়াং ন বেদ। যদি দেবত্বেন বিবেকবত্ত্বাদ্বেদ তর্হি ন যাচেতেতি তেন যুষ্মাকং বিবেকাভাবান্ন দেবত্বং কিন্তু ব্যাঘ্রাদি পশু তুল্যত্বমিতি ঋষিণোক্তং শ্রুত্বা দেবৈঃ প্রত্যুক্তং। দাতা লোকোপি নূনং স্বার্থপরঃ দেহেন্দ্রিয়াদিষু মমত্বে চিরজীবিত্ব সুখপরঃ পরেষাং যাচকানাং সঙ্কটং ঘোর শত্রূপদ্রবাদি দুঃখং ন বেদ যদি ঋষিত্বেন বিজ্ঞান বিবেক দয়াদিমত্ত্বাদ্বেদ তর্হি নেতি নাহং ন দাস্যামীতি ন ব্রূয়াৎ যদ্যস্মাদীশ্বরঃ তদ্দানসমর্থঃ তেন ভবাপি বিজ্ঞানাদ্যভাবান্ন ঋষিত্বং। প্রত্যুত শোকমোহাদি সম্ভাবাদ্গবাদি পশু তুল্যত্বমিতি ভাবঃ ॥ ৬ ॥

ধর্ম্মং বঃ শ্রোতু কামেনেতি। স ধর্ম্মো যুষ্মৎ প্রত্যুত্তরেণৈব শ্রুতঃ। যদ্বা ঋষিরয়ং বক্রোক্ত্যৈব ধর্ম্মো ন শ্রুতঃ কিন্তু বাক্ চাতুর্য্যং শ্রুতং ভবতু তাবৎ স্বাভিপ্রায়ং জ্ঞাপয় ইত্যাহ এষ ইতি আত্মানং দেহং ত্যজন্তং অচিরাদেব ত্যক্ষ্যন্তং সম্যক্ ত্যজামীতি সদোহো যাবন্মাং ন ত্যজতি তাবদহমেব তং ত্যজামি যুষ্মাভ্যং দদামীত্যেতাবত্তু ভাগ্যং মম ভবত্বিতি ভাবঃ ॥ ৭ ॥

হে নাথাঃ ॥ ৮ ॥

হে মহর্ষে! ইহা নিশ্চিত বটে, স্বার্থপর লোকে অন্যের ক্লেশ বিবেচনা করে না, কিন্তু এ স্থানে আমাদের বক্তব্য এই যে, যাচক যদি পরের দুঃখ বুঝিতে পারে, তাহা হইলে সে যেমন যাচ্ঞা করে না, তেমনি দানে সমর্থ পুরুষও অন্যের কষ্ট বুঝিলে "না" বলিতে পারে না। অর্থাৎ আমরা যদ্রূপ স্বার্থপর হওয়াতে আপনার সঙ্কটের প্রতি দৃষ্টিপাত করিতেছি না, আপনিও তদ্রূপ প্রত্যাখ্যান করাতে অস্মদাদির কি বিপদ উপস্থিত তাহা জানিতে পারিতেছেন না। ॥ ৬ ॥

তদনন্তর সেই মুনিবর কহিলেন অহে অমরগণ! আপনাদের মুখে ধর্ম্ম শুনিতে ইচ্ছা করিয়াই এই প্রকার প্রত্যুক্তি করিলাম, আমার এই দেহ অত্যন্ত প্রণয়াস্পদ হইলেও অবশ্য একদিন আমাকে পরিত্যাগ করিয়া যাইবে, আপনারা এ দেহ ভিক্ষা করিতেছেন, আপনাদিগের নিমিত্ত ইহা এখনি ত্যাগ করিতেছি ॥ ৭ ॥

হে নাথগণ! এই দেহ অনিত্য, ইহার দ্বারা প্রাণি সকলের প্রতি অনুকম্পা প্রকাশ পূর্ব্বক যে পুরুষ ধর্ম্ম ও যশঃ উপার্জন করিতে চেষ্টা না পায়, অচেতন স্থাবরগণও তাহার নিমিত্ত শোক করিয়া থাকে ॥ ৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এতাবানব্যয়োধর্ম্মঃ পুণ্যশ্লোকৈরুপাসিতঃ। যোভূত শোকহর্ষাভ্যামাত্মা শোচতি হৃষ্যতি ॥ ৯ ॥
অহো দৈন্যমহো কষ্টং পারক্যৈঃ ক্ষণভঙ্গুরৈঃ। যন্নোপকুর্য্যাদস্বার্থৈ র্মর্ত্ত্যঃ স্বজ্ঞাতিবিগ্রহৈঃ ॥ ১০ ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

এবং কৃতব্যবসিতো দধ্যঙ্ঙাথর্ব্বণস্তনুং। পরে ভগবতি ব্রহ্মণ্যাত্মানং সন্নয়ন্ জহৌ ॥ ১১ ॥
যতাক্ষাসু মনো বুদ্ধিস্তত্ত্বদৃক্ ধ্বস্তবন্ধনঃ। আস্থিতঃ পরমং যোগং ন দেহং বুবুধে গতং ॥ ১২ ॥
অথেন্দ্রো বজ্রমুদ্যম্য নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা। মুনেঃ শক্তিভিরুৎসিক্তো ভগবত্তেজসান্বিতঃ।
বৃতোদেবগণৈঃ সর্ব্বৈ র্গজেন্দ্রো পর্য্যশোভত। স্তূয়মানো মুনিগণৈস্ত্রৈলোক্যং হর্ষয়ন্নিব ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ভূতানাং শোকেন শোচতি হর্ষেণ হৃষ্যতি য আত্মা স্বয়ং তস্য যোধর্ম্মঃ এতাবানেবাব্যয় ইত্যর্থঃ ॥ ৯ ॥
পারক্যৈঃ শ্বশৃগালাদিভির্ভক্ষ্যৈঃ অস্বার্থৈঃ স্বার্থোপযোগশূন্যৈঃ স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহো দেহঃ তৈর্ন্নোপকুর্য্যা-দিতি যৎ ॥ ১০ ॥
কৃতং ব্যবসিতং নিশ্চয়ো যেন আত্মানং ক্ষেত্রজ্ঞং সন্নয়ন্ একীকুর্ব্বন্ তনুং জহৌ ॥ ১১ ॥
যতা অক্ষাদয়ো যেন তত্ত্বং পশ্যতীতি তথা। ধ্বস্তানি গতানি বন্ধনানি যস্য ॥ ১২ ॥
অথেন্দ্রোঽশোভত ইত্যুত্তরেণান্বয়ঃ। মুনেঃ শক্তিভিরস্থিভি নির্ম্মিতং। উৎসিক্ত উর্জিতঃ মুনিশক্তিভিরিতি বা পাঠঃ ॥ ১৩

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

আত্মা মনঃ ॥ ৯ ॥
অদাতারমাক্ষিপতি অহো ইতি পারক্যৈঃ শৃগালাদিভির্ভক্ষ্যৈঃ স্বং বিত্তং জ্ঞাতয়ঃ পুত্রাদয়ঃ বিগ্রহঃ দেহাস্তৈঃ ॥ ১০ ॥
আত্মানং মনঃ ॥ ১১ ॥
যোগং সমাধিং গতং স্বস্মাদ্বিচ্যুতং ॥ ১২ ॥
শকৃথিভিরস্থিভিঃ শক্তিভিরিতিচ পাঠঃ ॥ ১৩ ॥

হে অমরবৃন্দ! যে ব্যক্তি স্বয়ং প্রাণি সকলের শোকে শোকাকুল ও হর্ষে হর্ষান্বিত হন, তাঁহার তাবন্মাত্র অব্যয় ধর্ম্ম; পুণ্যশ্লোক মানবেরা ঐ ধর্ম্মের উপাসনা করিয়া থাকেন ॥ ৯ ॥

অহো! এই যে সকল ধন পুত্র দেহ দৃষ্ট হইতেছে, এ সমস্তই কুক্কুর শৃগালাদির ভক্ষ্য, এ সকলে স্বার্থের উপযোগিতামাত্র নাই, আর ইহারা স্থায়িও নহে, ক্ষণভঙ্গুর, ক্ষণে ক্ষণে ক্ষয় প্রাপ্ত হইতেছে এ সকল দ্বারা পরোপকার না করা কি কষ্ট ও কি কৃপণতার কর্ম্ম ॥ ১০ ॥

শুকদেব কহিলেন হে রাজন্! আথর্ব্বণ দধ্যঞ্চ ঋষি এই প্রকার নিশ্চয় করিয়া পরব্রহ্মের সহিত ক্ষেত্রজ্ঞ আত্মার ঐক্য সম্পাদন পূর্ব্বক শরীর পরিত্যাগ করিলেন ॥ ১১ ॥

তাঁহার ইন্দ্রিয়, প্রাণ, মনঃ এবং বুদ্ধি সংযত ছিল, স্বয়ং তত্ত্বদর্শন করিতেন, সুতরাং সমস্ত বন্ধন বিধ্বস্ত হইয়া গিয়াছিল, অতএব পরম যোগাবলম্বন করাতে নিজ দেহ যে গত হইল, তাহা তাঁহার বোধগম্য হইল না ॥ ১২ ॥

অনন্তর মুনির অস্থি দ্বারা বিশ্বকর্ম্মা বজ্র নির্ম্মাণ করিয়া দিলেন, দেবরাজ সেই বজ্র ধারণ পূর্ব্বক ভগবত্তেজে সমন্বিত ও উর্জ্জিত হইয়া গজেন্দ্রের উপরি শোভা পাইতে লাগিলেন। দেবতারা চতুর্দ্দিকে বেষ্টন করিয়া দণ্ডায়মান হইলেন এবং মুনিগণ স্তব আরম্ভ করিলেন, তাহাতে ত্রিভুবন যেন হর্ষান্বিত হইল ॥ ১৩ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

বৃত্রমভ্যদ্রবচ্ছক্রমসুরানীকযূথপৈঃ । পর্য্যস্তমোজসা রাজন্ ক্রুদ্ধোরুদ্র ইবান্ধকং ॥ ১৪ ॥
ততঃ সুরাণামসুরৈ রণঃ পরম দারুণঃ । ত্রেতামুখে নর্ম্মদায়ামভবৎ প্রথমে যুগে ।
রুদ্রৈ র্বসুভিরাদিত্যৈরশ্বিভ্যাং পিতৃবহ্নিভিঃ । মরুদ্ভি র্ঋভুভিঃ সাধ্যৈ র্বিশ্বেদেবৈর্ম রুৎপতিং ॥ ১৫ ॥
দৃষ্ট্বা বজ্রধরং শক্রং রোচমানং স্বয়া শ্রিয়া । নামৃষ্যন্নসুরা রাজন্মৃধে বৃত্রপুরঃসরাঃ ।
নমুচিঃ শম্বরোঽনর্ব্বা দ্বিমূর্দ্ধা ঋষভোঽসুরঃ । হয়গ্রীবঃ শঙ্কুশিরা বিপ্রচিত্তিরয়োমুখঃ ।
পুলোমা বৃষপর্ব্বাচ প্রহেতির্হেতিরুৎকলঃ । দৈতেয়া দানবা যক্ষা রক্ষাংসিচ সহস্রশঃ ।
সুমালি মালি প্রমুখাঃ কার্ত্তস্বর পরিচ্ছদাঃ । প্রতিষিধ্যেন্দ্রসেনাগ্রং মৃত্যোরপি দুরাসদং ।
অভ্যর্দ্দয়ন্নসংভ্রান্তাঃ সিংহনাদেন দুর্ম্মদাঃ ॥ ১৬ ॥
গদাভিঃ পরিঘৈর্বাণৈঃ প্রাসমুদ্গর তোমরৈঃ । শূলৈঃ পরশ্বধৈঃ খড়্গৈঃ শতঘ্নীভির্ভুষুণ্ডিভিঃ ।
সর্ব্বতোঽবাকিরন্ শস্ত্রৈরস্ত্রৈশ্চ বিবুধর্ষভান্ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী ।

অসুরানীকানাং যূথপৈঃ পর্য্যাস্তং পরিবৃতং ॥ ১৪ ॥
রণঃ সংগ্রামঃ প্রথমে যুগে কৃতযুগে ত্রেতাযুগস্য মুখে আরম্ভে ॥ ১৫ ॥
নামৃষ্যন্ নাসহন্ত ॥ ১৬ ॥
শতঘ্নীতু চতুর্হস্তা লৌহকণ্টক সঞ্চিতা । ভুষুণ্ডী সর্ব্বতো লৌহকণ্টকান্ন ক্রমোন্নতা ইত্যভিধানং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

পর্য্যস্তং পরিবৃতং অন্তকমিবেতি রুদ্রোহি যমমপি সংহর্ত্তুং শক্নোতীত্যভিপ্রায়েণ । যদ্বা সিংহঃ সিংহমিবেত্তিবদয়ং দৃষ্টান্তঃ ॥১৪
ত্রেতামুখে ত্রেতারম্ভে । প্রথমে যুগে বৈবস্বত মন্বন্তরস্য প্রথমে চতুর্যুগে ॥ ১৫ । ১৬ ॥
স্যাৎ শতঘ্নী চতুর্হস্তা লৌহকণ্টক সঞ্চিতা । ভুষুণ্ডী সর্ব্বতো লৌহকণ্টকানুক্রমোন্নতেত্যভিধানং ॥ ১৭ ॥

হে রাজন্! তদনন্তর দেবরাজ বৃত্রাসুরের প্রতি ধাবমান হইলেন। যদিও সে অসুরসেনার যূথপে পরিবৃত ছিল তথাচ ক্রুদ্ধ রুদ্র যেমন অন্ধকের উপর আক্রমণ করিয়াছিলেন তাঁহার ন্যায় দেবরাজ বল পূর্ব্বক ঐ অসুরের উপরে পতিত হইলেন ॥ ১৪ ॥

তাহার পর দানবগণের সহিত দেবগণের ভয়ঙ্কর সংগ্রাম আরম্ভ হইল। হে মহারাজ! বৈবস্বত মন্বন্তরের প্রথম চতুর্যুগে সত্যযুগাবসানে ত্রেতা যুগের আরম্ভে নর্ম্মদা নদীর তটে ঐ যুদ্ধ হইয়াছিল ॥১৫

হে রাজন্! ঐ যুদ্ধে রুদ্রগণ, বসুগণ, আদিত্যগণ, অশ্বিনীকুমারদ্বয়, পিতৃগণ, অগ্নিগণ, মরুৎ সকল, ঋভুগণ, সাধ্যগণ এবং বিশ্বেদেবগণ ইত্যাদি দেবসৈন্যে পরিবৃত হইয়া বজ্রধারী মহেন্দ্রের সাতিশয় শোভা হইল, বিপক্ষপক্ষ বৃত্র প্রভৃতি অসুর নিকর তাহা সহ্য করিতে পারিল না। অতএব নমুচি, শম্বর, অনর্ব্বা, দ্বিমূর্দ্ধা, ঋষভ, হয়গ্রীব, শঙ্কুশিরা, বিপ্রচিত্তি, অয়োমুখ, পুলোমা, বৃষপর্ব্বা, প্রহেতি, হেতি, উৎকল ইত্যাদি দৈত্য ও সহস্র সহস্র রাক্ষস, তথা সুমালি মালি প্রভৃতি অসুরগণ স্বর্ণময় পরিচ্ছদ ধারণ পূর্ব্বক সিংহনাদ করিতে করিতে যে সকল ইন্দ্রসেনা মৃত্যুরও দুরাসদ, তাহাদিগকে নিরোধ করিয়া মর্দ্দন করিতে লাগিল। অতিশয় দুর্ম্মদতা নিমিত্ত তাহাদের কিঞ্চিন্মাত্র ভয় বা সম্ভ্রম হইল না ॥ ১৬ ॥

ভুরি ভুরি গদা, পরিঘ, বাণ, প্রাস, মুদ্গর, তোমর, শূল, পরশ্বধ, খড়্গ, শতঘ্নী, ভুষুণ্ডি ইত্যাদি অস্ত্র শস্ত্র ধারণ করিয়া দেবতাদিগকে সর্ব্বতোভাবে আচ্ছন্ন করিতে লাগিল ॥ ১৭ ॥

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ন তে দৃশ্যন্ত সংচ্ছিন্নাঃ শরজালৈঃ সমন্ততঃ। পুঙ্খানুপুঙ্খং পতিতৈর্জ্যোতীংষীব নভোঘনৈঃ ॥ ১৮ ॥
ন তে শস্ত্রাস্ত্রবর্ষৌঘা হ্যাসেদুঃ সুরসৈনিকান্। ছিন্নাঃ সিদ্ধপথে দেবৈর্লঘুহস্তৈঃ সহস্রধা ॥ ১৯ ॥
অথ ক্ষীণাস্ত্র শস্ত্রৌঘা গিরিশৃঙ্গদ্রুমোপলৈঃ। অভ্যবর্ষন্ সুরবলং চিচ্ছিদুস্তাংশ্চ পূর্ব্ববৎ ॥ ২০ ॥
তানক্ষতান্ স্বস্তিমতো নিশাম্য শস্ত্রাস্ত্র পূগৈ রথবৃত্রনাথাঃ।
দ্রুমৈর্দৃশদ্ভির্বিবিধাদ্রিশৃঙ্গৈরবিক্ষতাংস্তত্রসুরিন্দ্রসৈনিকান্ ॥ ২১ ॥
সর্ব্বে প্রয়াসা অভবন্ বিমোঘাঃ কৃতাঃ কৃতা দেবগণেষু দৈত্যৈঃ।
কৃষ্ণানুকূলেষু যথা মহৎসু ক্ষুদ্রৈঃ প্রযুক্তা উষতী রূক্ষবাচঃ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

পুঙ্খো মূলদেশঃ একস্য মূলদেশমনু তৎ সংলগ্নোঽপরস্য পুঙ্খো যথা ভবতি তথা নভস্থৈ র্ঘনৈঃ জ্যোতীংষীবেত্যনেন তেষাং তদপ্রাপ্তিঃ সূচিতা ॥ ১৮ ॥

তামেবাহ নত ইতি। শস্ত্রাণামস্ত্রাণাঞ্চ যানি বর্ষাণি তেষামোঘাঃ ন আসেদু র্নপ্রাপুঃ সিদ্ধপথে আকাশে ॥ ১৯ ॥

ক্ষীণা অস্ত্রাণাং শস্ত্রাণাঞ্চ ওঘা যেষাং গিরিশৃঙ্গৈঃ দ্রুমৈরুপলৈশ্চ ॥ ২০ ॥

তানিন্দ্রসৈনিকান্ শস্ত্রাণামস্ত্রাণাঞ্চ পূগৈঃ সমূহৈঃ অক্ষতান্ ক্ষতশূন্যান্ স্বস্তিমতঃ সুখিনঃ দ্রুমাদিভিশ্চাবিক্ষতান্ নিশাম্য বৃত্রো নাথো যেষাং তে তত্রসুঃ ভীতাঃ ॥ ২১ ॥

কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ কৃষ্ণোঽনুকূলো যেষাং তেষু দেবগণেষু। উষতী রুষত্যঃ অকল্যাণ্যঃ রূক্ষাঃ পরুষা বাচো যথা মহৎসু ক্ষোভকর্ত্র্যো ন ভবন্তি তদ্বৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তে দেবাঃ পুঙ্খঃ শরস্য মূলদেশঃ একস্য পুঙ্খমনু পতিতোযঃ শরস্তস্য পুঙ্খমন্বেবং পতিতৈঃ। নভস্থৈর্ঘনৈর্জ্যোতীংষীবেত্যনেন তেষাং তদপ্রাপ্তিঃ সূচিতা ॥ ১৮। ১৯। ২০ ॥ নিশাম্য দৃষ্ট্বা তত্রসুঃ ভীতাঃ ॥ ২১ ॥

কৃতাঃ কৃতাঃ পুনঃ পুনঃ কৃতাঃ যথা মহৎসু বৈষ্ণবেষু উষতীরুষত্যঃ যূয়ং শীঘ্রং ম্রিয়ধ্বমিত্যকল্যাণ্যঃ। রূক্ষাঃ পরুষা বাচঃ রে রে অধমা ইত্যাদ্যাঃ ॥ ২২। ২৩। ২৪। ২৫ ॥

কিন্তু একের মূলদেশে অন্যের মূলদেশ যদ্রূপ সংলগ্ন হয়, তদ্রূপে শর পতিত হওয়াতে দেবগণ তদ্দ্বারা চতুর্দ্দিকে আচ্ছন্ন হইয়া আকাশস্থ মেঘ সমূহে আবৃত জ্যোতির্গণের ন্যায় অদৃশ্য হইয়া রহিলেন ॥ ১৮ ॥

সুতরাং অসুরদিগের অস্ত্র শস্ত্র বর্ষণ দেবসেনাগণের উপরে পড়িতে পারিল না, বরঞ্চ আকাশেই লঘুহস্ত অমরগণ কর্ত্তৃক সহস্রখণ্ডে ছিন্ন ভিন্ন হইয়া যাইতে লাগিল ॥ ১৯ ॥

অনন্তর অসুরদিগের অস্ত্র শস্ত্র সকলই পরিক্ষীণ হইল অতএব তাহারা পর্ব্বত শৃঙ্গ, প্রস্তরখণ্ড ও বৃক্ষ লইয়া দেবতাদিগের উপর বর্ষণ আরম্ভ করিল। দেবতারা ঐ সকলও পূর্ব্ববৎ ছেদন করিয়া দিলেন ॥ ২০ ॥

এই রূপে ভূরি ভূরি অস্ত্র শস্ত্র প্রহারেও দেবসৈন্যগণকে অক্ষিণ্ণ ও সুখি এবং বৃক্ষ, পাষাণ ও গিরিশৃঙ্গাদি প্রক্ষেপেও তাহাদিগকে অবিক্ষত দেখিয়া বৃত্র রক্ষিত অসুরগণ সাতিশয় ভীত হইল ॥ ২১ ॥

তাহার পর তাহারা দেবগণের প্রতিকূলে পুনরায় যাহা যাহা করিতে যত্ন করিল, দেবতাদের প্রতি ভগবান্ শ্রীকৃষ্ণ অনুকূল থাকাতে সে সকলই বিফল হইয়া গেল, যেমন ক্ষুদ্রলোক কর্ত্তৃক অকল্যাণকর রূক্ষ বচন মহদ্ব্যক্তির ক্ষোভদায়ক হয় না, তদ্রূপ দৈত্যদিগের চেষ্টায় অমরগণের কিঞ্চিন্মাত্র গ্লানি বোধ হইল না ॥ ২২ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তে স্বপ্রয়াসং বিতথং নিরীক্ষ্য হরাবভক্তা হতযুদ্ধদর্পাঃ।
পলায়নায়াজিমুখে বিসৃজ্য পতিং মনস্তে দধুরাত্তসারাঃ ॥ ২৩ ॥
বৃত্রোঽসুরাংস্তাননুগান্মনস্বী প্রধাবতঃ প্রেক্ষ্য বভাষ এতৎ।
পলায়িতং প্রেক্ষ্য বলঞ্চ ভগ্নং ভয়েন তীব্রেণ বিহস্য বীরঃ ॥ ২৪ ॥
কালোপপন্নাং রুচিরাং মনস্বিনাং জগাদ বাচং পুরুষপ্রবীরঃ।
হে বিপ্রচিত্তে নমুচে পুলোমন্ ময়াঽনর্ব্বন্ শম্বর মে শৃণুধ্বং ॥ ২৫ ॥
জাতস্য মৃত্যুর্ধ্রুব এব সর্ব্বতঃ প্রতিক্রিয়া যস্য নচেহ কৢপ্তা।
লোকোযশশ্চাথ ততো যদি হ্যমুং কোনাম মৃত্যুং নবৃণীত যুক্তং ॥ ২৬ ॥
দ্বৌ সম্মতাবিহ মৃত্যু দুরাপৌ যদ্ব্রহ্মসন্ধারণয়া জিতাসুঃ।

শ্রীধরস্বামী।

হতো যুদ্ধে দর্পো যেষাং আত্তঃ পরৈর্গৃহীতঃ সারোধৈর্য্যং যেষাং তেঽতিপ্রসিদ্ধা অপি তে দৈত্যাঃ। এবং হি তে ইত্যস্যাপৌনরুক্ত্যং আজিমুখে যুদ্ধারম্ভে পতিং বিসৃজ্য পলায়নায় মনো দধুঃ যতো হরাবভক্তাঃ ॥ ২৩ ॥
প্রধাবতঃ পলায়মানান্ প্রেক্ষ্য আদাবেব তীব্রেণ ভয়েন পলায়িতঃ ভগ্নঞ্চ যদ্বলং সৈন্যং তচ্চ প্রেক্ষ্য এতৎ বক্ষ্যমাণং বভাষে ॥২৪
তদেব বিশিনষ্টি কালোপপন্নাং অবসরোচিতাং মনস্বিনাং রুচিরাং হে ময় হে অনর্ব্বন্ মে বাচং শৃণুত ॥ ২৫ ॥
ততো মৃত্যোরিহ যশঃ লোকঃ স্বর্গশ্চ যদি স্যাৎ অথ তর্হি অমুং মৃত্যুং যুক্তং সমীচীনং প্রাপ্তং বা ॥ ২৬ ॥
ব্রহ্ম সন্ধারণয়া কলেবরং বিজহ্যাদিতি যৎ স একো মৃত্যুঃ বীরশয়ে রণভূমৌ অনিবৃত্তঃ অপরাঙ্মুখঃ সন্ বিজহ্যাদিতি যৎ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ততো মৃত্যোরিহ যশঃ স্বর্গশ্চ যদি স্যাৎ অথ তর্হি অমুং মৃত্যুং যুক্তং সমুচিতং ॥ ২৬ ॥
বীরশয়ে সংগ্রামে অনিবৃত্তঃ অভিমুখস্থঃ ॥ ২৭ ॥

হে মহারাজ! অসুরগণ ভগবান্ হরির প্রতি ভক্তি করিত না, সুতরাং তাহাদের সমস্ত দর্প অচিরেই উচ্ছিন্ন হইয়া গেল ও তাহাদের ধৈর্য্য দেবগণ কর্তৃক গৃহীত হইল অতএব তাহারা যদিও প্রসিদ্ধ যোদ্ধা, তথাচ যুদ্ধের প্রারম্ভেই আপনাদের চেষ্টা সকল বিফল দেখিয়া নিজ প্রভু বৃত্রকে পরিত্যাগ করত আত্মত্রাণের পথ দেখিতে লাগিল ॥ ২৩ ॥

বৃত্রাসুর স্বয়ং মহাবীর, যখন দেখিল অনুগত অসুরগণ ইতস্ততঃ ধাবমান হইতেছে এবং প্রথমেই ভূরি ভূরি সেনা গুরুতর ভয়ে ভগ্ন ও পলায়িত হইয়া সমর পরিত্যাগ করিয়া গিয়াছে, তখন হাস্য করিয়া কহিতে লাগিল ॥ ২৪ ॥

তাহার সে সকল বাক্য সে অবসরের উপযুক্ত এবং মনস্বি জনের মনোহর। সে বলিল অহে বিপ্রচিত্তি! অহে নমুচি! অহে পুলোমন্! অহে ময়! অহে অনর্ব্বন্! অহে শম্বর! আমার বাক্য শ্রবণ কর ॥ ২৫ ॥

জন্মিলে মৃত্যু নিশ্চয়ই হয়, কোন প্রকারে তাহার প্রতিক্রিয়া নাই। ইহাতে যদি সেই মৃত্যু হইতে ইহলোকে যশঃ ও পরলোকে স্বর্গ হইবার সম্ভাবনা হয়, তবে ঐ সমীচীন মৃত্যু উপস্থিত হইলে কোন্ মনস্বী তাহা স্বীকার না করে? ॥ ২৬ ॥

অহে অসুরগণ! সংসারে দুই প্রকার মৃত্যু অতিশয় দুষ্প্রাপ্য, সকলের অদৃষ্টে ঘটিয়া উঠে না।

Dr. Urmila Sharma Collection, Varanasi

কলেবরং যোগরতো বিজহ্যাদ্যদগ্রণী বীরশয়েঽনিবৃত্তঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ষষ্ঠস্কন্ধে বৃত্রবধে দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ * ॥

শ্রীশুক উবাচ ॥

তএবং শংসতোধর্ম্মং বচঃ পত্যুরশেষতঃ। নৈবাগৃহ্লন্ত সংত্রস্তাঃ পলায়নপরা নৃপ ॥ ১ ॥

বিশীর্য্যমাণাং পৃতনামাসুরীমসুরর্ষভঃ। কালানুকূলৈস্ত্রিদশৈঃ কাল্যমানামনাথবৎ ॥ ২ ॥

দৃষ্ট্বাতপ্যত সংক্রুদ্ধ ইন্দ্রশত্রুরমর্ষিতঃ। তান্নিবার্য্যৌজসারাজন্নির্ভর্ৎস্যেদমুবাচহ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

স চৈকঃ। তৌ দ্বাবিহ শাস্ত্রে সম্মতৌ মৃত্যু তথাচ স্মৃতিঃ। দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হত ইতি ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দশমঃ ॥ * ॥

একাদশেতু বৃত্রস্য যুধ্যমানস্য বজ্রিণা। ভক্তিজ্ঞান বলোদর্কাশ্চিত্রা বাচোঽনুবর্ণিতাঃ ॥ ০ ॥

শংসতঃ কথয়তঃ পত্যুর্ব্বচঃ ॥ ১ ॥

কালানুকূলৈঃ কালানুবর্ত্তিভিঃ। কাল্যমানাং বিদ্রাব্যমাণাং ॥ ২ ॥

অমর্ষিতঃ অসহমানঃ তাং স্ত্রিদশান্নিবার্য্য নির্ভর্ৎস্যচ ইদং বক্ষ্যমাণমুবাচ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। ষষ্ঠস্য দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একাদশেতু সংগ্রাম মধ্যে বৃত্রস্য বর্ণিতাঃ। শৌর্য্যময্যোগিরঃ কাশ্চিৎ প্রেমময্যশ্চ কাশ্চন ॥ ০ ॥

অনাথবৎ অনাথামিব তাংস্ত্রিদশান্ ॥ ১ । ২ । ৩ ॥

হে মাতুরুচ্চরিতাঃ পুরীষতুল্যা দেবাঃ পৃষ্ঠতোহতৈর্দৈত্যৈঃ কিং নযশো নাপি ধর্ম্মঃ। তৃতীয়ান্ত পাঠে দৈত্যানাং বিশেষণং ভীতানাং বধো ন শ্লাঘ্যঃ কর্তৃকর্ম্মণোরুভয়োরপি যশো ধর্ম্মাভাব ব্যঞ্জকত্বাৎ জুগুপ্সিত ইত্যর্থঃ ॥ ৪ ॥

এক যোগ ধারণা পূর্ব্বক প্রাণাদি জয় পূর্ব্বক শরীর পরিত্যাগ, দ্বিতীয় সেনার অগ্রণী হইয়া সমরাঙ্গণে অপরাঙ্মুখে কলেবর বিসর্জন। অতএব ধর্ম্মশাস্ত্রেও কহিয়াছেন, যোগযুক্ত সন্ন্যাসী ও সম্মুখ যুদ্ধে নিহত যোদ্ধা এই দুই ব্যক্তি সূর্য্যমণ্ডল ভেদ করিয়া গমন করেন ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি ষষ্ঠে দশম ॥ * ॥

একাদশ অধ্যায়ে বজ্রধারি ইন্দ্রের সহিত যুধ্যমান বৃত্রাসুরের ভক্তি, জ্ঞান ও বল সম্বন্ধীয় বিচিত্র কথা ॥ ০ ॥

শুকদেব কহিলেন রাজন্! বৃত্রাসুর অসুর সকলের প্রভু, সে ঐ প্রকার ধর্ম্মোপেত বাক্য প্রয়োগ করিতে থাকিলেও অসুরেরা সে সকল গ্রহণ করিল না, ত্রস্ত হইয়া পলায়নই করিতে লাগিল ॥ ১ ॥

অপর দেবতারা কালানুবর্ত্তী হইয়া তাড়াইয়া দিতে ছিলেন, তাহাতে আসুরী সেনাও অনাথবৎ বিশীর্ণ হইয়া যাইতেছিল ॥ ২ ॥

ঐ সকল অবলোকন করিয়া ইন্দ্রশত্রু বৃত্রের হৃদয় অতিশয় সন্তপ্ত হইল। অসুর রাজ ঐ অসুরগণ সমক্ষে ঐ ব্যাপার সহ্য করিতে অসমর্থ হইয়া ভয়ঙ্কর ক্রোধ প্রকাশ পূর্ব্বক বল দ্বারা অমর নিকরকে নিবারণ ও ভর্ৎসনা করিয়া কহিতে লাগিল ॥ ৩ ॥

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri
Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কিং ব উচ্চরিতৈর্মাতুর্ধাবদ্ভিঃ পৃষ্ঠতোহতৈঃ। নহি ভীতবধঃ শ্লাঘ্যো নস্বর্গ্যঃ শূরমানিনাং ॥ ৪ ॥
যদি বঃ প্রধনে শ্রদ্ধা সারং বা ক্ষুল্লকা হৃদি। অগ্রে তিষ্ঠত মাত্রং মে নচেদ্গ্রাম্যসুখে স্পৃহা ॥ ৫ ॥
এবং সুরগণান্ ক্রুদ্ধো ভীষয়ন্ বপুষা রিপূন্। ব্যনদৎসু মহাপ্রাণো যেন লোকা বিচেতসঃ॥ ৬ ॥
তেন দেবগণাঃ সর্ব্বে বৃত্রবিস্ফোটনেন বৈ। নিপেতুর্মূর্চ্ছিতা ভূমৌ যথৈবাশনিনা হতাঃ ॥ ৭ ॥
মমর্দ্দ পদ্ভ্যাং সুরসৈন্যমাতুরং নিমীলিতাক্ষং রণরঙ্গদুর্ম্মদঃ।
গাং কম্পয়ন্নুদ্যতশূল ওজসা নালং বনং যূথপতির্যথোন্মদঃ ॥
বিলোক্য তং বজ্রধরোত্যমর্ষিতঃ স্বশত্রবেঽভিদ্রবতে মহাগদাং।

শ্রীধরস্বামী।

তদাহ দ্বাভ্যাং। মাতুরুচ্চরিতৈঃ পুরীষপ্রায়ৈঃ মাতুরুচ্চরিতা ইতি প্রথমান্ত পাঠে দেবানাং সম্বোধনং পৃষ্ঠতো হতৈঃ দৈত্যৈঃ কিং ন কিঞ্চিৎ ন যশো নাপি ধর্ম্মঃ। তদেবাহ নহীতি ॥ ৪ ॥
প্রধনে সংগ্রামে সারং ধৈর্য্যং হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ মাত্রং ক্ষণমাত্রং মে অগ্রে তিষ্ঠত নচেদিহলোকভোগে স্পৃহা অস্তি ॥ ৫ ॥
সুরগণান্ রিপূন্ সুমহান্ প্রাণো বলং যস্য যেন বিচেতসো বভূবুঃ ॥ ৬ ॥
বৃত্রস্য বিস্ফোটনেন নাদেন ॥ ৭ ॥
উদ্যতং শূলং যেন নালং নলানাং বনং। উদ্গতো মদো যস্য সঃ। যূথপতি র্গজো যথা মর্দ্দয়তি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রধনে যুদ্ধে সারং ধৈর্য্যং হে ক্ষুল্লকাঃ ক্ষুদ্রাঃ ॥ ৫ । ৬ ॥
বৈ ইতি চার্থে বিস্ফোটিতং উরু প্রগণ্ডয়োঃ করতলাঘাতস্তেন চ ॥ ৭ ॥
আতুরত্বাদেব মুদ্রিতনেত্রং। নলানাং বনং নালং যূথপতির্হস্তী ॥

অহে দেবগণ! তোমারা মাতার পুরীষ প্রায়, বৃথা কেন ধাবমান হইতেছ? পৃষ্ঠের দিকে থাকিয়া দৈত্যদিগকে বধ করিলে কি হইবে? ইহাতে যশঃ বা ধর্ম্ম কিছুইত হইবার সম্ভাবনা দেখিতেছি না, কেন না যাহারা আপনাদিগকে শূর বলিয়া মানে তাহাদিগের ভীত ব্যক্তিকে বধ করা শ্লাঘ্য অথবা স্বর্গ্য নহে অর্থাৎ যশোধর্ম্মের অভাব হেতু প্রত্যুত জুগুপ্সাই হয় ॥ ৪ ॥

অরে ক্ষুদ্রচিত্ত দেবগণ! যদি তোদের যুদ্ধে শ্রদ্ধা অথবা হৃদয়ে ধৈর্য্য থাকে, আর যদি গ্রাম্য ভোগে স্পৃহা না করিস্, আমার অগ্রে কিঞ্চিৎ কাল থাক্ দেখি ॥ ৫ ॥

হে রাজন্! বৃত্র এই প্রকারে ক্রুদ্ধ হইয়া স্বীয় শরীর দ্বারা বিপক্ষ দেবগণকে ভয় প্রদর্শন করিতে করিতে ঐ অসুর মহাবলে এমত গর্জন করিল যে, তদ্দ্বারা ত্রিভুবন অচেতন প্রায় হইল ॥ ৬ ॥

মহারাজ! বৃত্রাসুরের সিংহনাদে দেবতারা সকলেই বজ্রাহতের ন্যায় মূর্চ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন ॥ ৭ ॥

ঐ দানব সমরাঙ্গণে দুর্ম্মদ হইয়াছিল, অসুরগণকে আতুর হইয়া পড়িতে এবং ভয়ে তাহাদের নয়ন নিমীলিত হইতে দেখিয়াও তাহার কিঞ্চিন্মাত্র দয়া হইল না, প্রত্যুত মদমত্ত যূথপতি গজ, পদ দ্বারা যেমন নল বন মর্দ্দন করে তাহার ন্যায় শূল উত্তোলন পূর্ব্বক তেজে পৃথিবী কম্পিত করত দুই পা দিয়া সেই সকল পতিত সুর সেনাকে মর্দ্দিত করিতে লাগিল। তাহার এই প্রকার ব্যবহার দেখিয়া বজ্রধারি দেবরাজের রোষানল প্রজ্বলিত হইল, পরে নিজ শত্রু ঐ অসুরকে আপনার অভিমুখে ধাবমান হইয়া আসিতে দেখিয়া তাহার প্রতি অসহ্যবেগ মহতী গদা নিক্ষেপ করিলেন। হে রাজন্!

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

চিক্ষেপ তামাপততীং সুদুঃসহাং জগ্রাহ বামেন করেণ লীলয়া।
স ইন্দ্রশত্রুঃ কুপিতো ভৃশং তয়া মহেন্দ্রবাহং গদয়োরুবিক্রমঃ।
জঘান কুম্ভস্থল উন্নদন্মৃধে তৎকর্ম্ম সর্ব্বে সমপূজয়ন্নৃপ ॥ ৮ ॥
ঐরাবতোবৃত্রগদাভিমৃষ্টো বিঘূর্ণিতোদ্রিঃ কুলিশাহতো যথা।
অপাসরদ্ভিন্নমুখঃ সহেন্দ্রো মুঞ্চন্নসৃক্ সপ্তধনু র্ভৃশার্ত্তঃ ॥ ৯ ॥
ন সন্নবাহায় বিষণ্ণচেতসে প্রাযুঙ্‌ক্ত ভূয়ঃ সগদাং মহাত্মা।
ইন্দ্রোমৃতস্যন্দিকরাভিমর্শ বীতব্যথ ক্ষতবাহোঽবতস্থে ॥ ১০ ॥
স তং নৃপেন্দ্রাহবকাম্যয়া রিপুং বজ্রায়ুধং ভ্রাতৃহণং বিলোক্য।
স্মরংশ্চ তৎকর্ম্ম নৃশংসমংহঃ শোকেন মোহেন হসন্ জগাদ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

সপ্তধনুঃ প্রমাণং দেশং ॥ ৯ ॥

সন্নোঽবসন্নো বাহো যস্য তস্মৈ ন প্রাযুঙ্‌ক্ত। অমৃতস্যন্দী অমৃতস্রাবী যঃ স্বকরঃ তেনাভিমর্শঃ স্পর্শঃ তেন বীতব্যথো গত দুঃখঃ ক্ষতো বাহো যস্যেন্দ্রস্য সঃ তথাভূতোঽবতস্থে ॥ ১০ ॥

স বৃত্রঃ হে নৃপেন্দ্র আহবকাম্যয়া যুদ্ধেচ্ছয়া অবস্থিতং ভ্রাতৃহণং ভ্রাতরং বিশ্বরূপং হতবন্তং নৃশংসং ক্রূরং তদেবাংহঃ পাপং তস্য কর্ম্ম স্মরন্ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অভিদ্রবতে সম্মুখমাগচ্ছতে ॥ ৮ ॥
ভিন্নমুখঃ বিদীর্ণবক্ত্রঃ সপ্তধনুরষ্টাবিংশতি হস্তমাত্রং ॥ ৯ ॥
সন্নোঽবসন্নোবাহো যস্য তস্মৈ। অমৃতস্যন্দী অমৃত স্রাবী যঃ স্বকর স্তস্যাভিমর্শেন স্পর্শেন গতব্যথঃ ॥ ১০ ॥
নৃশংসঃ ক্রূরঃ ॥ ১১ ॥

বৃত্রাসুরের বল সামান্য নয়, অমর রাজের গদা আসিয়া পড়িবার উপক্রম হইতেই সে অবলীলাক্রমে বাম করে ধারণ করিল এবং সাতিশয় কুপিত হইয়া বদন উন্নত করত ঘোরতর গর্জন করিতে করিতে ঐ গদা দ্বারাই দেবরাজের বাহন ঐরাবতের কুম্ভ স্থলে আঘাত করিল। হে রাজন্! বিপক্ষ পক্ষ ব্যক্তি মাত্রই মহাবল বৃত্রের ঐ কর্ম্মের মহতী প্রশংসা করিয়াছিল ॥ ৮ ॥

সে যাহা হউক, মহেন্দ্র বাহন ঐরাবত গজ অসুর রাজের গদা দ্বারা আঘাতিত হইয়া বজ্রাহত পর্ব্বতের ন্যায় ঘূর্ণিত হইল এবং অতিশয় আতুর হইয়া বিবর্ণ বদনে রুধির বমন করিতে করিতে দেবরাজের সহিত রণস্থল হইতে সপ্তধনুঃ অর্থাৎ অষ্টাবিংশতি হস্ত প্রমাণ অন্তর এক প্রদেশে অপসৃত হইয়া গেল ॥ ৯ ॥

বৃত্রাসুর অতিশয় মহাত্মা এ প্রযুক্ত ইন্দ্রবাহন ঐরাবণ অবসন্ন ও বিষণ্ণচিত্ত হইলে, তাহার প্রতি পুনর্ব্বার আর অস্ত্রক্ষেপ করিল না, অতএব দেবরাজ আপনার ক্ষত বাহনের গাত্র অমৃত-স্রাবি কর দ্বারা স্পর্শ করিয়া ব্যথা নিবারণ করত কিঞ্চিৎ কাল বিশ্রামার্থ অবস্থান করিলেন ॥ ১০ ॥

হে রাজন্! বৃত্রাসুর দেখিল ইন্দ্র যুদ্ধ পরিত্যাগ করিয়া যাইতেছেন না, পুনরায় রণ করিবার বাসনায় অবস্থিতি করিতেছেন, অতএব বজ্রধারী ও ভ্রাতৃহন্তা ঐ দেবের সেই সকল ক্রূর কর্ম্ম, যাহা পাপ স্বরূপ, স্মরণ করিয়া শোক ও মোহে হাঁসিতে হাঁসিতে বলিতে লাগিল ॥ ১১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃত্র উবাচ ॥

দিষ্ট্যা ভবান্মে সমবস্থিতোরিপুর্যোব্রহ্মহা গুরুহা ভ্রাতৃহাচ।

দিষ্ট্যানৃণোদ্যাহমসত্তম ত্বয়া মচ্ছূল নির্ভিন্নদৃশদ্ধৃদাচিরাৎ ॥ ১২ ॥

যোনোগ্রজস্যাত্মবিদোদ্বিজাতের্গুরোরপাপস্যচ দীক্ষিতস্য।

বিস্রভ্য খড়্গেন শিরাংস্যবৃশ্চৎ পশোরিবাকরুণঃ স্বর্গকামঃ ॥ ১৩ ॥

শ্রী হ্রী দয়া কীর্ত্তিভিরুজ্‌ঝিতং ত্বাং স্বকর্ম্মণা পুরুষাদৈশ্চগর্হ্যং।

কৃচ্ছ্রেণ মচ্ছূলবিভিন্ন দেহমস্পৃষ্ট বহ্নিং সমদন্তি গৃধ্রাঃ ॥ ১৪ ॥

অন্যেনু যেত্বেহ নৃশংসমজ্ঞা যদুদ্যতাস্ত্রাঃ প্রহরন্তি মহ্যং।

শ্রীধরস্বামী।

যো ব্রহ্মহা ব্রাহ্মণং হতবান্ বিশেষতঃ স্বগুরুং মমচ ভ্রাতরং স ভবানগ্রতঃ সমবস্থিতঃ। এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতং দিষ্ট্যেত্যব্যয়মানন্দার্থে। হে অসত্তম মম শূলেন নির্ভিন্নং দৃশত্তুল্যং হৃৎ হৃদয়ং যস্য তেন ত্বয়া নিমিত্তভূতেন অদ্য অচিরাদেব ভ্রাতুরনৃণোহহং স্যাং এতচ্চ দিষ্ট্যা ॥ ১২ ॥

স্বর্গকামো যো ভবান্ অবৃশ্চৎ। স্বর্গকামো যাজ্ঞিকঃ পশোরিবেতি বা ॥ ১৩ ॥

তং ত্বামস্পৃষ্টবহ্নিং অদগ্ধদেহং সমদন্তি। বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমান বন্নির্দ্দেশঃ ॥ ১৪ ॥

অন্যেঽপি যে অজ্ঞা ইহ ত্বা ত্বাং নৃশংসমনু মহ্যমুদ্যতাস্ত্রাঃ সন্তোযদি প্রহরন্তি তৈ ভূতনাথান্ ভৈরবাদীন্ যক্ষ্যামি। কথ-

ক্রমসন্দর্ভঃ।

অস্পৃষ্ট বহ্নিং সমদন্তীতি ক্রোধেনৈবাগন্তবোক্তিঃ ॥ ১৪। ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মচ্ছূলেন নির্ভিন্নং দৃশত্তুল্যং হৃদযস্য তথাভূতেন সতা অদ্যাহমনৃণোঽভূবং ॥ ১২ ॥

স্বর্গকামো যাজ্ঞিকো ভবাংশ্চ ॥ ১৩ ॥

সমদন্তীতি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবদিতি লট্ ॥ ১৪ ॥

অন্যে যে ত্বা ত্বাং অনুগতাঃ তৈর্গজামি যক্ষ্যামি অসুরত্বাদৈব। তেন চাসুরান্ অসুরেষ্টদেবান্ ভূতনাথাংশ্চ প্রীণয়ামীত্যর্থঃ ॥১৫॥

বৃত্রাসুর কহিল অহো! যে ব্যক্তি ব্রহ্মঘাতক বিশেষতঃ স্বীয় গুরু ও আমার ভ্রাতার নিধনকারী, সেই মদীয় শত্রু তুমি আমার অগ্রে অবস্থিত রহিয়াছ, কি সৌভাগ্য! অহে অসত্তম! তোমার পাষাণ তুল্য হৃদয় শূল দ্বারা নির্ভিন্ন করিয়া অদ্য আমি অচিরে যে ভ্রাতার অঋণী হইব ইহাও ভাগ্য ক্রমে ঘটিয়াছে ॥ ১২ ॥

অহো! আমাদের অগ্রজ বিশ্বরূপ, সুব্রাহ্মণ, আত্মজ্ঞ, নিষ্পাপ, দীক্ষিত হইয়া যাগ করিতেছিলেন, তিনি তোমারও অন্য কেহ নহেন, পরম গুরু, অকরুণ হইয়া স্বর্গকামী যাজ্ঞিক যেমন যজ্ঞীয় পশুর শিরশ্ছেদ করে তাহার ন্যায় খড়্গ দ্বারা তুমি সেই মহাত্মার মস্তক ছেদন করিয়াছ ॥ ১৩ ॥

নিশ্চয় জানিতে পারিলাম দয়া, লজ্জা, শ্রী ও কীর্ত্তি তোমাকে পরিত্যাগ করিয়াছে, আপনার কর্ম্ম দোষে রাক্ষসদের নিকটেও তুমি নিন্দনীয় হইয়াছ। অতএব আমি এই শূল দ্বারা তোমার হৃদয় নির্ভিন্ন করি, অগ্নি তোমার এ পাপ দেহকে স্পর্শ করিবেন না, গৃধ্রগণ ইহাকে ভক্ষণ করুক ॥ ১৪ ॥

অন্যান্য যে সকল অজ্ঞ দেব এখানে উপস্থিত আছে, ইহারা যদি ক্রূর কর্ম্মা তোমার অনুগামী হইয়া অস্ত্র উদ্যম পূর্ব্বক আমাকে প্রহার করে, তীক্ষ্ণীকৃত ত্রিশূল দিয়া ইহাদেরও গলদেশ নির্ভিন্ন

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তৈর্ভূতনাথান্ সগণান্ নিশাত ত্রিশূল নির্ভিন্নগলৈর্যজামি ॥ ১৫ ॥
অথো হরে মে কুলিশেন বীর হর্ত্তা প্রমথ্যৈব শিরোযদীহ।
তত্রানৃণোভূতবলিং বিধায় মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ॥ ১৬ ॥
সুরেশ কস্মান্ন হিনোষি বজ্রং পুরস্থিতে বৈরিণি ময্যমোঘং।
মা সংশয়িষ্ঠা ন গদেব বজ্রঃ স্যান্নিষ্ফলঃ কৃপণার্থেব যাচ্ঞা ॥ ১৭ ॥
নন্বেষ বজ্রস্তব শক্র তেজসা হরের্দধীচস্তপসা চ তেজিতঃ।

শ্রীধরস্বামী।

ভূতৈঃ নিশাতং তীক্ষ্ণীকৃতং যৎ মম ত্রিশূলং তেন নির্ভিন্নো গলো যেষাং তৈঃ ॥ ১৫ ॥

অথো অথবা হরে ভো ইন্দ্র যদি ভবানেব মম শিরোহর্ত্তা হরিষ্যতি তত্র তথা সতি অনৃণো বিমুক্ত কর্ম্ম বন্ধনঃ সন্ ভূতেভ্যো বলিং দেহেন বিধায় মনস্বিনাং পাদরজঃ প্রপৎস্যে ধীরাণাং পদং প্রাপ্স্যামি ॥ ১৬ ॥

জীবিতাদপি মৃত্যুরেব মমাভিমত ইত্যাশয়েনাহ সুরেশেতি নহিনোষি নক্ষিপসি গদেব নিষ্ফলো যাস্যতীতি সংশয়ং মাকার্ষীঃ কৃপণাদর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা যাচ্ঞা যথা নিষ্ফলা তথা ন স্যাৎ ॥ ১৭ ॥

অমোঘত্বে হেতুং বদন্ তং প্রোৎসাহয়তি নন্বিতি তেজিতঃ তীক্ষ্ণীকৃতঃ শত্রুং মাং জহি বিষ্ণুনা যন্ত্রিতঃ প্রেরিতঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অথো অথবা ভূতেভ্যঃ শৃগালাদিভ্যো বলিং স্বদেহেনাতিস্থূলেন বিধায় দত্ত্বা অনৃণঃ শোধিত ঋণঃ সন্ মনস্বিনাং শ্রীনারদাদি ভক্তানাং পাদরজঃ প্রাপ্স্যামি ॥ ১৬ ॥

ত্বং যথা জীবিত্বা স্বর্গীয় বিষয়ভোগমভিলষসি তথৈবাহং মৃত্বা বৈকুণ্ঠে ভগবতঃ সাক্ষাচ্চরণসেবামভিলষামীতি তবচ মম চাভীষ্টং সিধ্যতু কিমিতি মদ্বধে বিলম্বসে ইত্যাহ সুরেশেতি বজ্রক্ষেপসৈাবষ্ঠত্বং লক্ষ্যং কদা প্রাপ্স্যসীত্যাহ। পুর এব কেবলং স্থিতে নতু কমপি প্রতীকারং কুর্ব্বতীত্যর্থঃ। নন্নু মহাসত্ত্বে ত্বয়ি কদাচিদ্বজ্রক্ষেপো নিষ্ফলঃ স্যাদিতি শঙ্কে তত্রাহ অমোঘমব্যর্থং। নন্নু গদা যথা মদীয়ৈব ত্বৎপাণিগতা মম পীড়াকরী সাক্ষাদেবাভূৎ তথৈব যদি বজ্রোপি স্যাত্তদাহং কিং করিষ্যামীত্যত আহ। মেতি কৃপণাদর্থঃ প্রয়োজনং যস্যাঃ সা যাচ্ঞা যথা নিষ্ফলা তথা বজ্রং নিষ্ফলং ন স্যাৎ ॥ ১৭ ॥

অমোঘত্বে হেতুং বদন্ প্রোৎসাহয়তি। নন্বিতি হরে র্ভগবতঃ তেজসা দধীচস্তপসাচ তেজিত স্তীক্ষ্ণীকৃতঃ। বিষ্ণুনা যন্ত্রিতঃ। প্রেরিতঃ যতো যত্র পক্ষে ॥ ১৮ ॥

করত রুধির দ্বারা সগণ ভূতনাথ ভৈরবগণকে অর্চ্চনা করিব ॥ ১৫ ॥

অহে ইন্দ্র! যদি তুমি প্রকৃষ্ট রূপে মথন পূর্ব্বক বজ্র দ্বারা আমার শিরঃ হরণ কর তাহাতেও আমার কোন ক্ষতি নাই, আমি কর্ম্মবন্ধন হইতে বিমুক্ত হইয়া স্বীয় দেহ দ্বারা ভূত সকলের বলি বিরচন পূর্ব্বক ধীর জনের গতি প্রাপ্ত হইব ॥ ১৬ ॥

অনন্তর জ্ঞানোদয় হওয়াতে জীবন অপেক্ষা নিধনই আমার অভিমত, এই আশয়ে বলিতে লাগিল, অহে সুরেশ! আমি তোমার সম্মুখে উপস্থিত আছি, আমার প্রতি বজ্র কেন ক্ষেপণ করিতেছ না? হে মহেন্দ্র! এই অশনি অমোঘ, এমত মনে আশঙ্কা করিও না যে কৃপণ সন্নিধানে যাচ্ঞা যদ্রূপ নিষ্ফল হয় তদ্রূপ গদার ন্যায় ইহাও বিফল হইবে ॥ ১৭ ॥

হে শক্র! তোমার এই কুলিশ ভগবান্ হরির তেজে, তথা দধ্যঞ্চ ঋষির তপস্যায় তিক্ষ্ণীকৃত হইয়া আছে, তুমি এই অশনি দ্বারা শত্রুকে (আমাকে) বধ কর, তুমি বিষ্ণু কর্ত্তৃক প্রেরিত হইয়াছ

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

তেনৈব শত্রুং যহি বিষ্ণুযন্ত্রিতো যতো হরির্বিজয়ঃ শ্রীর্গুণাস্ততঃ ॥ ১৮ ॥
অহং সমাধায় মনো যথাহ নঃ সঙ্কর্ষণস্তচ্চরণারবিন্দে।
ত্বদ্বজ্ররংহোলুলিত গ্রাম্যপাশো গতিং মুনে র্যাম্যপবিদ্ধলোকঃ ॥ ১৯ ॥
পুংসাং কিলৈকান্তধিয়াং স্বকানাং যাঃ সম্পদো দিবি ভূমৌ রসায়াং।
নরাতি যদ্দ্বেষ উদ্বেগ আধি র্মদঃ কলি র্ব্যসনং সংপ্রয়াসঃ ॥ ২০ ॥
ত্রৈবর্গিকায়াস বিঘাতমস্মৎ পতির্বিধত্তে পুরুষস্য শক্র।

শ্রীধরস্বামী।

হননে মম পীড়া স্যাদিত্যপি মাসংশয়িষ্ঠা ইত্যাশয়েনাহ অহমিতি। সঙ্কর্ষণো মৎপতি র্যথাহ তথা তদীয় চরণারবিন্দে মনঃ সমাধায় মুনে র্যোগিনো গতিমহং যাস্যামি তব বজ্রস্য রংহসা লুলিতশ্ছিন্নোগ্রাম্যপাশো বিষয়ভোগ লক্ষণো যস্য। অপবিদ্ধ লোকস্ত্যক্তদেহঃ ॥ ১৯ ॥

তর্হি ভগবান্ স্বভৃত্যায় মহ্যমেব স্বর্গাদি সম্পদো দাস্যতীতি মাসংশয়িষ্ঠা ইত্যাহ পুংসামিতি। স্বর্গে ভূমৌ রসাতলেচ যা সম্পদস্তাঃ কিল নিশ্চিতং নরাতি নদদাতি। তত্র হেতুঃ যৎ যাভ্যঃ দ্বেষাদয়ো ভবন্তি ॥ ২০ ॥

তর্হি স্ব ভক্তস্য কিং বিধত্তে তদাহ ত্রৈবর্গিকো ধর্ম্মার্থ কাম বিষয়ো য আয়াসঃ তস্য বিঘাতং বিধত্তে। তত আয়াসোপর

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অয়মেবং মাং প্রলোভ্য পুনঃ পরাক্রমাবিষ্কারেণ বজ্রঞ্চ নিষ্ফলয্য পুনরপি মাং হনিষ্যতীতি মামংস্থাঃ। অহং যৎ করোমি তদেকাগ্রমনাঃ শৃণ্বিত্যাহ অহমিতি সঙ্কর্ষণো নোঽস্মাকং প্রভুঃ যথা আহ তথা তচ্চরণারবিন্দে মনঃ সমাধায় মুনে র্যোগিনো গতিমহং যাস্যামি। ত্বদ্বজ্রস্য রংহসা লুলিতঃ খণ্ডিতঃ গ্রাম্যপাশাকার এতদ্দেহো যস্য সঃ। অপবিদ্ধ লোকঃ ত্যক্তত্রিলোকৈশ্বর্য্যঃ ॥১৯

তর্হি ত্বদ্ভক্তিতোষিতঃ সঙ্কর্ষণ স্তুভ্যমেব স্বর্গাদ্যৈশ্বর্য্যং দাস্যতীতি মাবাদীঃ। শৃণু রে শত্রু মৎপ্রভোস্ত্বঞ্চ ভক্তোঽহঞ্চ ভক্ত স্তত্র তুভ্যমেব ভোগৈশ্বর্য্যং দদাতি নতু মহ্যমিত্যত্র কারণং মৎ প্রভোঃ স্বভাবমেব শৃণ্বিত্যাহ পুংসামিতি। যাঃ সংপদঃ তা একান্তধীভ্যঃ পুংভ্যো নরাতি নদদাতি কুতঃ যদ্যতঃ সংপদ্ভ্যো দ্বেষাদয়োভক্তিসুখে বিক্ষেপকা ভবন্তীত্যতঃ ॥ ২০ ॥

মাং স্বপার্শ্বং শীঘ্রমেব নেতুং বজ্রেণ মদ্বধোপায়মুক্ত্বা যত্তুভ্যং মৎ প্রভুর্ভোগসংপদং দদাতি এতেনৈব ত্বমাত্মনি তস্যানুগ্রহাভাবং মন্তস্বেত্যাহ ত্রৈবর্গিকোধর্ম্মার্থ কামবিষয়ো য আয়াস স্তস্য বিঘাতং বিধত্তে পুরুষস্য স্বান্তরঙ্গ ভক্তস্য তত আয়াসোপর-

ইহাতে তোমার পরাজয়ের আশঙ্কা নাই, কেন না যেখানে হরি সেই খানেই বিজয়, শ্রী ও গুণ সকল বর্ত্তমান ॥ ১৮ ॥

অহে ইন্দ্র! তোমার বজ্রাঘাতে আমার পীড়া হইবে এমত মনে করিও না, আমার প্রভু সঙ্কর্ষণ আমাকে যে রূপ উপদেশ করিয়াছেন, তদ্রূপে আমি তদীয় চরণারবিন্দে চিত্ত সমাহিত করিয়া দেহত্যাগ পূর্ব্বক যোগিগণের গতি প্রাপ্ত হইব। অতএব তোমার বজ্র দ্বারা আমার অপকার হইবে না, বরং বিষয় ভোগ রূপ গ্রাম্য পাশ ছিন্ন হইবে ॥ ১৯ ॥

অহে দেবরাজ! আমি ভগবান্ সঙ্কর্ষণের নিজ ভৃত্য, তিনি আমাকে স্বর্গাদি সম্পত্তি প্রদান করিবেন এ আশঙ্কাও করিও না, যে হেতু যে সকল পুরুষ একান্তভাবে ভগবানের প্রতি চিত্ত সমর্পণ করেন এবং যাঁহারা তাঁহার স্বজন বলিয়া গণ্য হন, তাঁহাদিগকে তিনি স্বর্গ মর্ত্ত্য পাতালে যে সকল সম্পত্তি আছে তাহা অর্পণ করেন না, কারণ ঐ সকল সম্পত্তি হইতে দ্বেষ, উদ্বেগ, মনঃ পীড়া, মত্ততা, বিবাদ, এবং ক্লেশ হইয়া থাকে ॥ ২০ ॥

যদি বল তবে তিনি নিজ ভক্তজনের কি বিধান করিবেন? বলিতেছি শুন। আমাদের প্রভু

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ততোনুমেয়োভগবৎ প্রসাদো যোদুর্ল্লভোঽকিঞ্চনগোচরোঽন্যৈঃ ॥ ২১ ॥
অহং হরে তব পাদৈকমূল দাসানুদাসো ভবিতাস্মি ভূয়ঃ।
মনঃ স্মরেতাসুপতে গুণানাং গৃণীত বাক্ কর্ম্ম করোতু কায়ঃ ॥ ২২ ॥
ন নাকপৃষ্ঠং নচ পারমেষ্ঠ্যং ন সার্ব্বভৌমং ন রসাধিপত্যং।

শ্রীধরস্বামী।

মাদেবানুমেয়ঃ নত্বৈশ্বর্য্যাদিনা। অতঃ সম্যক্ ভগবৎ প্রসাদাভাবাৎ তব সম্পদো ভবিষ্যন্তীতি ভাবঃ ॥ ২১ ॥
এবমিন্দ্রায় স্বাভিপ্রায়ং নিবেদ্য ভগবন্তং প্রার্থয়তে অহমিতি। তব পাদাবেব একং মূলমাশ্রয়ো যেষাং তেষাং দাসানামনুদাসঃ ভূয়ো ভবিতাস্মি ভবিষ্যামি ভবেয়ং অসুপতেঃ প্রাণনাথস্য তব গুণান্ মম মনঃ স্মরতু বাগপি তানেব কীর্ত্তয়তু কায়স্তবৈব কর্ম্ম করোতু ॥ ২২ ॥
নন্থ কিং দাস্যেন তুভ্যং মহাফলানি দাস্যামি তত্রাহ। নাকপৃষ্ঠং ধ্রুবপদং ব্রহ্মলোকাদিকঞ্চ। হে সমঞ্জস নিখিল সৌভাগ্য

ক্রমসন্দর্ভঃ।

সার্ব্বভৌমং শ্রীপ্রিয়ব্রতাদীনামিব মহারাজ্যং। রসাধিপত্যং পাতালাদি স্বাম্যং অপুনর্ভবং মোক্ষমপি অত্র নাকপৃষ্ঠাদি চতুষ্টয়স্যানুক্রমশ্চ ন্যূনত্ব বিবক্ষয়া। ততশ্চোত্তরোত্তরং কৈমুত্যমপি। ধ্রুবপদস্য শ্রৈষ্ঠং বিষ্ণুপদ সন্নিহিতত্বাৎ। যোগ

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মাদেব ভগবৎ প্রসাদঃ অনুমেয়ঃ। নন্বেবমস্মদনুভবেতু ন ভাতি তত্রাহ স অকিঞ্চন গোচরএব অন্যৈর্যুস্মাভিস্ত দুর্লভো যুস্মদগোচর এবেত্যত ত্বয়ি তস্য সম্যক্ প্রসাদাভাবাৎ তব সংপদোভবিষ্যন্তীতি বিশ্বস্তো ভূত্বা শীঘ্রং বজ্রং নিক্ষিপেতি ভাবঃ ॥ ২১ ॥
